পোষা, ভরণ্য, বৃত্তি, পালা, a maintenance, support; domestic,

পোষাণ, ভরাণ, পূরাণ, সাম্লান, to cause to be maintained, to recompense, to retrieve a loss. [tector, &c.

পোষ্টা, পোষ্টৃ,—প্রতিপালক, রক্ষক, a nourisher, supporter, pro-

পোষ্যপুত্র, দত্তকপুত্র, পালকপুত্র, an adopted son. [tainers.

পোষ্যবর্গ, পরিবার, ভৃত্যগণ, অনুচর, a household, family, re-

পোহান, প্রত্যূষ হওন, দর্শন, to dawn, become light, appear.

পৌগণ্ড, পাঁচ বৎসরাবধি ষোল বৎসর পর্য্যন্ত বালক, a lad from five to sixteen years, a boy.

পৌঁছন, উত্তরণ, লাগন, আগমন, প্রাপণ, অর্শন, to arrive at, reach, land, to inherit, succeed to, devolve upon.

পৌঁছান, চালান, বহান, উত্তারণ, to convey, carry to, to land.

পৌত্র, পৌত্রী,—নপ্তা, নপ্তী, নাতী, নাতিনী, *m.* & *f.* a grandson & granddaughter. [worshipper.

পৌত্তলিক, সাকারসেবী, প্রতিমাপূজক, an idolator, an image-

পৌনরুক্ত, দ্বিরুক্তি, দোহারা কথা, repetition, tautology.

পৌনর্ভব, দ্বিরূঢ়ার সন্তান, the son of a twice married woman by the last husband.

পৌর, নগরসম্বন্ধীয়, নগরবাসী, শিষ্ট, ভদ্র, belonging to or living in a town, city, civil, civilized.

পৌরাণিক, পুরাণশাস্ত্রবেত্তা, পুরাণমতাবলম্বী, one well read in the Puránas, a believer in the Puránas.
পৌরুষ, মনুষ্যত্ব, পুংশক্তি, তেজ, পরাক্রম, পুরুষপরিমাণ, manhood, virility, manliness, the measure of a man.
পৌষ, নবম মাস, the month of the sun in Sagittarius.
পৌষ্টিক, ধাতুপোষক, পুষ্টিকর, nutritious, nourishing, fattening, advancing or promoting nutrition.
পৌরোহিত্য, যাজকতা, যাজকের ক্রিয়া, যাজকসম্বন্ধীয়, যাজকের, family priesthood, priestly duty; priestly, belonging to a family priest.
প্রকট, প্রকটিত,—প্রসিদ্ধ, স্পষ্ট, ব্যক্ত, প্রচারিত, প্রসারিত, বিক্ষিপ্ত, manifest, displayed, evident, apparent, notorious, laid open, spread out, unfolded, dishevelled.
প্রকরণ, প্রস্তাবনা, কাব্য কল্পনা, প্রসঙ্গ, কাণ্ড, অধ্যায়, বিষয়, বৃত্তান্ত, ঘটনা, an introduction, preface, prologue, prelude, a poetical fiction, a treatise or its subject, a section, book, chapter, an affair, circumstance, event.
প্রকর্ষ, উত্তমতা, প্রাধান্য, excellence, superiority.
প্রকর্ষিত, উত্তমীকৃত, উদ্বর্ত্তিত, স্থাপিত ধনাদির উদ্বর্ত্ত, made to excel; the surplus produce of a pledge.
প্রকাণ্ড, উচ্চ, ঊর্দ্ধ্ব, বলবান্, স্থূল, অতিশয় বৃহৎ, উত্তম, প্রধান, উৎকর্ষ, মহত্ত্ব, গুঁড়ী, গাছের খাড়া, tall, high, strong, robust, stout, large, stupendous, excellent, best; excellence, greatness, the trunk of a tree, the stem of a plant.
প্রকার, ডৌল, রূপ, বিধ, মত, ধারা, বিশেষ, সাদৃশ্য, a kind, sort, species, manner, method, way, a variety, a difference, a similitude.
প্রকারান্তর, অন্যবিধ, অতুল্য, অন্য, another sort, kind, way, or manner, &c; dissimilar, other.
প্রকারান্তরে, অন্যমতে, অন্যথা, সঙ্কেতে, অস্পষ্টে, in a different or other manner, otherwise, indirectly, obscurely, ambiguously. [era.
প্রকাল, বহুকাল, প্রসিদ্ধ সময়, শক, a long time, a noted time or
প্রকাশ, বিজ্ঞাপন, ঘোষণা, প্রচার, জানানি, উদয়, উজ্বল, দীপ্তি, প্রভা,

প্রসার, বাক্য পরিষ্কার, স্পষ্ট, ব্যক্ত, বিকশিত, manifestation, discovery, disclosure, publication, revelation, appearance, light, lustre, illumination, expansion, opening, diffusion, perspicuity; open, manifest, expanded, blown.

প্রকাশন, উজ্জ্বলন, দর্শন, জানান, দেখান, ব্যাখ্যান, প্রচারণ, বর্ণন, কহন, to shine, appear, illuminate, manifest, display, elucidate, utter, disclose, reveal.

প্রকাশনীয়, প্রকাশ্য,—প্রচারণীয়, জ্ঞাতব্য, দৃশ্য, capable of manifestation, &c. visible.

প্রকাশরূপে, ব্যক্তরূপে, স্পষ্টে, openly, plainly, explicitly, publicly.

প্রকাশিত, প্রচারিত, প্রদর্শিত, ব্যক্তীভূত, দীপ্যমান, প্রফুল্লিত, disclosed, revealed, evident, apparent, manifest, visible, conspicuous, open, blown, expanded.

প্রকাশী, উদিত, ব্যক্ত, জাজ্বল্যমান, appearing, shining, radiant.

প্রকীর্ণ, কাণ্ড, বিক্ষিপ্ত, ব্যাপ্ত, প্রচারিত, a section, chapter; scattered, interspersed, spread, published.

প্রকীর্ণক, প্রসার, আয়াম, কাণ্ড, নিষ্পত্তি, চামর, extent, length, a section, chapter, decree at law, a decision, a chowri or cow-tail whisk.

প্রকীর্ত্তন, প্রস্তাবন, বর্ণন, কথন, ঘোষণ, বুঝান, to mention, speak, say, tell, declare, explain.

প্রকৃত, যথার্থ, যোগ্য, ঠিক, সত্য, বাস্তবিক, সরল, স্বাভাবিক, শুদ্ধ, অবশ্য, নিশ্চয়, right, proper, reasonable, accurate, certain, real, true, genuine, sincere, upright, unadulterated, pure; certainly, really, accurately.

প্রকৃতার্থ, উপযুক্ত, উচিত, বাস্তবিক, ন্যায্য, সত্য আদ্দাশ, right, proper, just, pure, genuine, true; the true object of a plaint at law.

প্রকৃতার্থিক, যাথার্থিক, ধার্ম্মিক, সরল, just, righteous, honest, upright.

প্রকৃতি, অজা, কারণীভূতা, স্বভাব, ধর্ম্ম, চরিত্র, ধাতু, অঙ্কপূরক, original matter or plastic nature, the female principle in creation, nature, disposition, temper, natural state, habitual conduct or character, a crude noun or verb, a multiplier.

প্রকৃতিসিদ্ধ, স্বভাবজাত, স্বাভাবিক, effected by nature, natural.
প্রকৃষ্ট, উত্তম, শ্রেষ্ঠ, প্রধান, excellent, eminent, superior, chief, principal. [frame.
প্রকোষ্ঠ, বাহুর অধোভাগ, কপালী, the fore-arm, part of a door
প্রক্রম, উদ্যোগ, আরম্ভ, অনুষ্ঠান, an attempt, effort, commencement, beginning.
প্রক্রান্ত, আরব্ধ, অনুষ্ঠিত, begun, commenced, attempted.
প্রক্রিয়া, দৈবীচেষ্টা, স্বস্ত্যয়ন, ঔষধসেবন, a service to obtain some divine blessing, the taking of medicine.
প্রক্ষারক, বাস্পোদ্গতিকারক, exhalent, that which exhales.
প্রক্ষালন, কাচন, পরিষ্করণ, মোচন, to wash, rinse, cleanse, expiate. [jected.
প্রক্ষিপ্ত, ফেলিত, ছট্কান, ছাড়া, thrown, cast, projected, in-
প্রক্ষেপ, ফেলা, ছিটা, মূলধনের অংশ, a throw, cast, throwing off, projection, propulsion, injection, the shares in a joint stock. [clever.
প্রখর, তীক্ষ্ণ, কটু, চতুর, hot, pungent, acrid, keen, sharp,
প্রখরজ্যোতি, উৎকট দীপ্তি, চকমক্, a strong light, flash, glare.
প্রখরবুদ্ধি, সূক্ষ্মমতি, penetration, acuteness.
প্রখ্যাত, প্রসিদ্ধ, যশস্বী, famous, celebrated, notorious.
প্রগণ্ড, বাহুর উপরি ভাগ, the upper arm measured from elbow to shoulder.
প্রগত, বিস্তৃত, বেড্যাউঠা, diverging, standing out, gibbous.
প্রগতজানু-ক, বক্রপদ, bandy-legged, having the knees divergent or far apart.
প্রগল্ভ, প্রতিভান্বিত, দাম্ভিক, নির্লজ্জ, সাহসী, বলবান্, দন্ত, bold, insolent, audacious, impudent, shameless, confident, intrepid, wilful, haughty, firm, ready, able, strong; haughtiness, boasting, pomposity. [magant.
প্রগল্ভা, লম্পটা, ব্যাপিকা, a shameless woman, wanton, ter-
প্রগাঢ়, দৃঢ়, শক্ত, কঠিন, ধীর, প্রচুর, ব্যথা, কৃচ্ছ্র, hard, firm, difficult, steady, serious, much, excessive, abundant; pain, privation, penance.
প্রগুণ, সরল, straight, honest, upright, sincere.
প্রগৃহ, প্রগ্রাহ,—তুলাসূত্র, বাগ, রজ্জু, বন্ধনা, বন্দী, the string sus-

pending a balance, a rein, rope, halter, confinement, captivity, a captive, prisoner, a man or beast in confinement.

প্রগ্রীব, গৃহের জাল, ঝরকা, উপবনস্থ জলটঙ্গী, গরাদিয়া, a lattice, window, balcony, a summer-house, a painted turret, a balustrade, rail, railing.

প্রচণ্ড, দাম্ভিক, কুসাহসী, ভয়ানক, রাগান্ন, দুঃসহ্য, উগ্র, তীব্র, bold, confident, presuming, headstrong, fierce, terrible, furious, violent, passionate, intolerable, insupportable, acrid, pungent, hot.

প্রচরদ্রূপ, সামান্য, সর্বত্র চলিত, প্রসিদ্ধ, common, vulgar, popular, public, notorious.

প্রচলন, সচেষ্টতা, প্রসিদ্ধি, activity, alertness, currency, notoriety.

প্রচলিত, প্রসিদ্ধ, ব্যবহার্য্য, প্রবর্দ্ধিত, current, notorious, common, customary, moved, stimulated.

প্রচার, প্রসিদ্ধি, প্রকাশ, ঘোষণা, গবাদি পালন, notoriety, commonness, publicity, a publication, declaration, manifestation, the grazing or tending of cattle.

প্রচুর, ভূরি, অতিশয়, যথেষ্ট, much, many, ample, abundant, sufficient.

প্রচ্ছক, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক, one who asks or proposes a question.

প্রচ্ছন্ন, আচ্ছাদিত, গুপ্ত, covered, concealed, disguised, secret, clandestine, retired, private.

প্রচ্ছাদন, আবরণ, ঢাকন, to screen, conceal, cover, hide.

প্রজা, রাজাধিকারস্থ লোক, বশীভূত, ভাড়াটিয়া, কৃষিবল, সন্ততি, জন, ব্যক্তি, people, subjects, dependants, land tenants, peasants, offspring, a person, individual.

প্রজাপতি, ব্রহ্মা প্রভৃতি, বিশ্বকর্ম্মা, রাজা, জামাতা, পদ্মাবতী, Brahmá, or his ten sons, Vishwa Karmá, a king, a a prince, a son-in-law, a butterfly.

প্রজ্বলন, উদ্দীপন, পুড়ন, দহন, to blaze, take fire, burn.

প্রজ্ঞ, প্রজ্ঞাবান্,—পণ্ডিত, প্রবীণ, নিপুণ, learned, intelligent, wise, sensible, clever.

প্রজ্ঞপ্ত, মিলনের স্থিরকরা, সঙ্কেত, an assignation, appointment, sign, token, hint.

প্রজ্ঞা, বুদ্ধি, সরস্বতী, intelligence, understanding, Saraswatí.

প্রণত, পাদপতিত, নম্র, নমস্কারী, prostrate, humble, bending,
inclined. [tion, prostration.
প্রণতি, প্রণাম,—নমস্কার, প্রণিপাত, a bow, obeisance, saluta-
প্রণব, বেদের আদি বীজ, ওঁকার, the mystic syllable Om.
প্রণয়, প্রেম, অনুরাগ, আত্মীয়তা, পরিচয়, মেল, সন্ধি, love, affection, fondness, regard, friendship, intimacy, familiarity, acquaintance, concord, union, agreement, peace. [timate.
প্রণয়ী, অনুরাগী, আত্মীয়, affectionate, fond, friendly, in-
প্রণষ্ট, ধ্বস্ত, ruined, spoiled, lost. [pectful.
প্রণামী, নমস্কারী, মর্য্যাদক, bowing, saluting, prostrate, res-
প্রণালিকা, নাড়ী, শিরা, ধমনী, নল, নর্দ্দমা, a tube, tubular vessel, vein, a water-pipe, a conduit.
প্রণালী, জুলী, আনুপূর্ব্বী, রীতি, ধারাগতি, a water-course, drain, issue from a pond, a continued series, a habit, custom, the course or stream of custom.
প্রণাশ, ধ্বংস, উৎখাত, ক্ষতি, destruction, perdition, ruin, loss.
প্রণিধান, মনোযোগ, অবগতি, ধ্যান, উদ্যোগ, ব্যগ্রতা, অভিলষিত, প্রবেশ, attention, fixed thought, deep meditation, effort, stress, energy, regard, an object of desire, access, entrance.
প্রণিধি, প্রার্থনা, নিয়ম, স্থান, চর, a request, solicitation, engagement, agreement, a place, situation, a spy, an emissary. [rence, prostration.
প্রণিপাত, নমস্কার, দণ্ডবৎ প্রণাম, a salutation, obeisance, reve-
প্রণিহিত, সমর্পিত, গচ্ছিত, স্থাপিত, প্রাপ্ত, স্বীকৃত, নিষ্পন্ন, delivered, consigned, entrusted, placed, fixed, deposited, obtained, received, acquired, acknowledged, decided, settled, determined.
প্রণীত, সংস্কৃতাগ্নি, পঙ্ক মণসাদি, কৃত, রচিত, প্রেরিত, ক্ষিপ্ত, প্রবিষ্ট, consecrated fire, cooked, dressed, made, done, constructed, composed, sent, thrown, entered, approached. [docile, tractable.
প্রণেয়, প্রণয়পাত্র, বশতাপন্ন, amiable, agreeable, submissive,
প্রতাপ, প্রাখর্য্য, তেজ, শৌর্য্য, অভিমান, মহিমা, উষ্মা, রৌদ্র, প্রভা, ardor, zeal, courage, high spirit, jealousy of

rank or power, dignity, majesty, power, heat, warmth, splendour.

প্রতারক, বঞ্চক, ধূর্ত্ত, ভুলানিয়া, খল, cajoling, insidious, perfidious; a deceiver, imposter, cheat, knave.

প্রতারণা, বঞ্চনা, ছল, deceit, imposture, fraud, imposition, trick.

প্রতারিত, বঞ্চিত, ভুলান, deceived, cajoled, deluded, over-reached.

প্রতি, একং, সকল, ফের, উপর ইত্যাদি, every, each; *a prefix*: back, again, to, at, towards, with, against.

প্রতিকার, হিতাহিতপরিশোধ, উৎপন্ন, উপায়, উপশম, নিবারণ, return of a kindness, retaliation, revenge, an effect, result, remedy, preventive, alleviation, resistance.

প্রতিকূল, বিমুখ, বিরুদ্ধ, প্রতিবন্ধক, বিপরীত, ব্যতিক্রান্ত, অনিষ্ট, adverse, opposed to, contrary, opposite, reverse, inverted, contrary to one's wishes.

প্রতিকৃতি, অপকার ও উপকারের পরিশোধ, নিবারণ, প্রতিমা, আভা, ছায়া, চবি, উপাসনা, a return of kindness, &c. revenge, retaliation, resistance, an effigy, figure, image, reflected image, reflection, shadow, picture, reverence, worship.

প্রতিক্ষিপ্ত, ছাড়া, প্রেরিত, বিবর্জ্জিত, নিবারিত, নিন্দিত, dismissed, sent, despatched, rejected, repelled, opposed, resisted, calumniated.

প্রতিগত, এদিগ্ ওদিগ্ উড্ডীয়মান, flying backwards and forwards.

প্রতিগমন, বা চলন,—বাহুড়ন, হটন, to return, to come or go back, to retrograde.

প্রতিগ্রহ, প্রতিগ্রাহ,—নিষ্ঠীবাধার, a spitting pot.

প্রতিগ্রহ-ণ, আদান, দানগ্রহণ, স্বীকার, সম্মতি, a receiving, acceptance, the receiving of gifts by a brahmin, the gift itself, assent, approbation, consent.

প্রতিঘাত, মারণ, হনন, নিবারণ, মারণ পরিবর্ত্তে মারণ, a smiting, killing, resistance, opposition, a back stroke, a blow given in return.

প্রতিচ্ছায়া, প্রতিবিম্ব, প্রতিমা, a reflected image, shadow, shade, image, picture, statue, impression, facsimile.

প্রতিচ্ছেদ, বৈপরীত্য, প্রতিযোগ, opposition, traversing.
প্রতিজঙ্ঘা উরুর অগ্রভাগ, the fore part of the thigh.
প্রতিজ্ঞা, নিয়ম, স্বীকার, নিশ্চয়কথা, প্রমাণ, সাক্ষ্য, পণ, a promise, engagement, assent, agreement, an admission, acknowledgement, declaration, a testimony, deposition, law-plaint, a wager, a bet.
প্রতিজ্ঞাত, নিয়ত, অঙ্গীকৃত, নিশ্চয়কথিত, promised, engaged, deposed to, affirmed, declared, &c. [missory note.
প্রতিজ্ঞাপত্র, নিয়মলিপি, টীপ, a written engagement, bond, pro-
প্রতিজ্ঞাপন, কহান, to cause or oblige to declare, promise, &c.
প্রতিতাল, কুঁজী, তালাকাঠী, a key, a picklock. [by a look.
প্রতিদর্শন, দৃষ্টিপাতের পরিবর্ত্তে দর্শন, to return a look or a word
প্রতিদান ফিরিয়া দেওয়া, দানের পরিবর্ত্তে দান, প্রতিফল, বিনিময়, a giving back, return, recompense, exchange.
প্রতিদাপন, ফিরিয়া দেওয়ান, to cause to give back or return.
প্রতিদেয়, পুনর্দাতব্য, বন্ধক, subject to be returned; a pledge, a pawn. [verberation.
প্রতিধ্বনি, প্রত্যাগত শব্দ, শব্দজনিত শব্দ, an echo, re-echoing, re-
প্রতিনপ্তা, প্রপৌত্র, a great grandson, son's grandson.
প্রতিনিধি, পরিবর্ত্তী, বিনিময়, a substitute, representative, deputy, attorney, exchange, commutation.
প্রতিন্যাস, পরস্পর আধীকরা, a mutual deposit.
প্রতিপক্ষ, শত্রু, বিপরীত, বিরুদ্ধ বাক্য, an enemy, adversary, opponent, a contrary proposition.
প্রতিপৎ, প্রতিপদ,—পক্ষের আদি তিথি, the first day of the moon's increase or wane.
প্রতিপত্তি, প্রাপ্তি, লাভ, কর্ম্মসিদ্ধি, বৃদ্ধি, সম্ভ্রম, সুখ্যাতি, নিশ্চয় জ্ঞান, সম্মতি, স্বীকার, প্রবোধ, পরিচয়, acquisition, acquirement, success, accomplishment of an object, advancement, promotion, fame, reputation, knowledge, certainty, ascertainment, demonstration, assent, acknowledgement, conviction, acquaintance with.
প্রতিপন্ন, সম্পাদিত, প্রস্তুত, প্রমাণসিদ্ধ, নিশ্চিত, প্রাপ্ত, অবগত, সম্ভ্রান্ত, effected, accomplished, proved, demonstrated, obtained, known, promoted, advanced.

প্রতিপাদন, বুঝান, জানান, বিজ্ঞাপন, ফলপ্রাপণ, সাধন, to demonstrate, ascertain, cause to acknowledge, to promote, give success to, effect, accomplish.

প্রতিপাদ্য, জ্ঞাতব্য, শব্দের অর্থ, ascertainable, &c; the meaning of a word. [benefactor.

প্রতিপালক, রক্ষক, পোষ্টা, protecting &c; a protector, provider,

প্রতিপালন, পোষণ, লোকের উপকার করণ, রক্ষণ, মানন, to nourish, provide for, support, preserve, succour, protect, observe, keep, fulfil.

প্রতিপ্রসব, নিষেধ ব্যতিরিক্ত অনুমতি বাক্য, a particular exception to a general prohibition.

প্রতিফল, বেতনাদি, সমুচিত শাস্তি, পরিশোধ, a reward, remuneration, punishment, retribution, retaliation.

প্রতিবচঃ, প্রতিবচন,—উত্তর, প্রতিধ্বনি, an answer, reply, echo.

প্রতিবন্ধ, বিঘ্ন, নিষেধ, নিবারণ, an obstacle, impediment, hindrance, resistance. [obstruct, impede.

প্রতিবন্ধন, বাধন, নিবারণ, আট্‌কান, to hinder, oppose, resist,

প্রতিবল, সমবিক্রম, সমর্থ, বলবান্, of equal might or power, able, adequate, powerful.

প্রতিবাক্য, উত্তর, an answer, a reply.

প্রতিবাদ, উত্তর, বিরোধ, আপত্তি, a reply, answer, defence in law, litigation, a remonstrance. [litigant.

প্রতিবাদী, উত্তরবাদী, বিরোধী, a defendant, respondent, pleader,

প্রতিবাধী, প্রতিবাধক,—নিবারক, বিপক্ষ, দায়ী, resisting, opposing, preventing; an opponent, a defendant.

প্রতিবাসী, নিকটবাসী, পড়সী, neighbouring; a neighbour.

প্রতিবিম্ব, প্রতিমা, আভা, ছায়া, অনুরূপ, a reflected image, reflexion, shadow, image, picture, resemblance, counterpart. [carved.

প্রতিবিম্বিত, দৃষ্টান্তীকৃত, উপমিত, খুদিত, reflected, shadowed out,

প্রতিবীক্ষণ, কথকের প্রতি আলোকন, ফিরিয়া দেখন, to look at the speaker, return a look. [idea.

প্রতিবোধ, বিরুদ্ধানুমান, অনুভব, an opposite notion, a reflected

প্রতিঃবোধন, অন্যথা বুঝন, অনুধাবন, to think differently, to gather ideas from reflexion.

প্রতিবোধী, প্রতিবোধক,—বিবেচক, ধ্যাতা, অনুসূচক, বিপরীত, receiving or giving ideas from reflection, opposing.

প্রতিভা, বুদ্ধি, জ্ঞান, দীপ্তি, তেজ, প্রভাব, প্রাগল্ভ্য, understanding, intellect, wit, a conception, idea, light, reflected light, splendour, dignity, audacity, boldness, confidence, impudence.

প্রতিভান্বিত, প্রজ্ঞ, বুদ্ধিমান, প্রগল্ভ, মহৎ, গৌরবযুক্ত, দর্পিত, witty, intelligent, wise, bold, confident, impudent, dignified, arrogant, proud, haughty.

প্রতিভাষ, উত্তর, প্রত্যুত্তর, an answer, reply, defence.

প্রতিভূ, লগ্নক, a surety, security, bondsman, bail.

প্রতিমা-ন, প্রতিবিম্ব, ছবি, পুত্তলী, a reflected image, an image, likeness, picture, an idol.

প্রতিমূর্ত্তি, আকার, ছবি, অনুরূপ, পুত্তলী, প্রতিনিধি, পরিবর্ত্তী, প্রতিলিপি, a likeness, resemblance, picture, image, a deputy, representative, a transcript.

প্রতিযত্ন, উদ্যোগ, চেষ্টা, বাঞ্ছা, নিবারণ, প্রতিকৃতি, বোধ, বশীকরণ, সদাচারী, চালাক, বহুশ্রমী, নিবারক, প্রতিকারক, strenuous exertion, endeavour, wish, desire, resistance, retaliation, revenge, comprehension, a taking captive; acting right, acquiring new virtues, accomplishments, &c: active, diligent, strenuous, resisting, retaliating, revenging.

প্রতিযোগ, বিপর্য্যয়, অনুরূপ, অনুকূলতা, opposition, resistance, counteraction, a counterpart, co-operation.

প্রতিযোগী, সহকারী, অনুরূপ, বিরুদ্ধ, সাথী, তুল্যশক্তিমান, এককর্ম্মাভিলাষী, co-operating, answering to, counteracting; a co-adjutor, partner, second self, competitor.

প্রতিরব, শব্দ জনিত শব্দ, উত্তর, an echo, reverberation, reply.

প্রতিরূপ, প্রতিমা, প্রতিনিধি, an image, likeness, representation, a substitute, representative.

প্রতিরূপ-ক, সদৃশ, তুল্য, পরিবর্ত্তী, প্রতিনিধি, like, resembling, substituted, representative.

প্রতিরোধ-ন, বাধা, নগরাদি বেষ্টন, নিবারণ, নিষেধ, a blocking up, obstructing, besieging, repelling, opposition, prohibition.

প্রতিলিপি, উত্তরপত্র, অনুরূপ লেখা, a written reply, a transcript, a copy, counterpart.

প্রতিলোম, ব্যতিক্রান্ত, উল্টা, বিপরীত, অধম, দুষ্ট, ব্যুৎক্রম, ব্যত্যয়, reverse, inverted, contrary to the natural course or order, against the hair or grain, low, vile, base, depraved; an inverted order, &c.

প্রতিলোমজ, উত্তমা স্ত্রীতে অধমকর্তৃকজাত, born of a woman of high by a man of low cast.

প্রতিশ্যায়, কফ, শ্লেষ্ম, a catarrh, a cold.

প্রতিশ্রব, সম্মতি, প্রতিজ্ঞা, স্বীকার, an assent, engagement, promise.

প্রতিশ্রুত, স্বীকৃত, নিয়মিত, promised, assented or agreed to, accepted, engaged by promise.

প্রতিষিদ্ধ, বারিত, অস্বীকৃত, অপহ্নুত, forbidden, prohibited, denied.

প্রতিষেধ, বারণকরা, অস্বীকার, অপহ্নব, পরিত্যাগ, a prohibition, forbidding, denial, rejection.

প্রতিষ্ঠা, সুখ্যাতি, সম্মতি, প্রশংসা, গুণানুবাদ, দেবমূর্ত্ত্যাদি স্থাপনকরা, যৌতুক দানকরা, উদ্যাপন, fame, renown, celebrity, reputation, approbation, commendation, consecration of an image, endowment of a temple &c. the portioning of a daughter, completion of a vow or ceremonial, &c.

প্রতিষ্ঠিত, সুখ্যাত্যাপন্ন, সংস্থাপিত, ধনবান্, famous, renowned, celebrated, applauded, consecrated, honourable, wealthy, endowed.

প্রতিসীরা, পটনির্ম্মিত আড়াল, কাণাৎ, যবনিকা, a cloth skreen, the outer curtains of a tent.

প্রতিসূর্য্য, কৃকলাস, কাঁকলাস, a chamelion, a lizard.

প্রতিস্পন্দন, স্পন্দনোৎপাদকানুযায়ী স্পন্দন, a vibration answering to an exciting cause.

প্রতিহত, রোধিত, নিবারিত, প্রহারিত, হত, নষ্ট, মারণের পরিবর্ত্তে মারিত, opposed, resisted, struck, hurt, killed, destroyed, spoiled, reflected back, smitten in return.

প্রতিহনন, প্রহার পরিবর্ত্তে মারণ, বারণকরা, ঘাতন, to return a blow, resist, strike, kill.

প্রতিহন্তা, বিপক্ষ, বিরোদ্ধা, an opponent in conflict, a resister, obstructer, hinderer.

প্রতিহিংসা, বৈর, অন্যায়জনিত দ্বেষ, revenge taken for an injury received, retaliation.

প্রতীক, অবয়ব, অঙ্গ, a limb, a member, a part.

প্রতীকার, প্রতিফল, পরিশোধ, উপায়, উপশম, উৎপন্ন, তপস, a return, recompense, retaliation, remedy, medicine, the effect of a medicinal remedy, alleviation of disease, a result, penance.

প্রতীকার্য্য, পরিশোধনীয়, যাহার উপায় আছে, demanding revenge or retaliation, remediable, curable.

প্রতীক্ষণ, হেরণ, চাহন, অপেক্ষণ, to regard, look upon, wait for, expect. [looking for.

প্রতীক্ষা, অপেক্ষা, অন্যের প্রত্যাশা, expectation, a waiting or

প্রতীচী, পশ্চিম দিক্, the west.

প্রতীত, সুখ্যাত্যাপন্ন, সম্ভ্রান্ত, অবগত, হর্ষিত, গত, famed, renowned, celebrated, venerated, known, understood, glad, delighted, gone, past. [knowledge.

প্রতীতি, সুখ্যাতি, প্রচার, নিশ্চয় জ্ঞান, fame, renown, notoriety,

প্রতীয়মান, বিশ্বাসার্থ, সম্মত, স্বীকৃত, believed, admitted, allowed.

প্রতুল, বাহুল্য, সম্পত্তি, বৃদ্ধি, abundance, wealth, prosperity.

প্রতোদ, পাঁচনীবাড়ী, তাড়ন দণ্ড, a goad, whip, switch, cane.

প্রত্ত, দত্ত, ত্যক্ত, given, presented, bestowed.

প্রত্তা, বাগ্দত্তা, বিবাহদত্তা, *f.* betrothed, given in marriage.

প্রত্যক্, পশ্চিম, পর, অনুসর, ক্রমাগত, western, subsequent, successive, following in regular order.

প্রত্যক্ষ, ইন্দ্রিয়গোচর, স্পষ্ট, ব্যক্ত, সাক্ষাৎকার, প্রস্তুত, perceptible to the senses, sensible, visible, clear, plain, evident, obvious, before the eyes, present.

প্রত্যক্ষতঃ, স্পষ্টরূপে, চক্ষুগোচরে, evidently, clearly, sensibly.

প্রত্যক্ষদর্শন, সাক্ষী, an eye-witness.

প্রত্যক্ষপ্রমাণ, ইন্দ্রিয়প্রমাণ, জ্ঞানেন্দ্রিয়, the evidence of the senses, the organs of sense.

প্রত্যক্ষর, একং অক্ষর, প্রতিবর্ণ, ঠিক, every letter, literally.

প্রত্যক্ষসিদ্ধ, ইন্দ্রিয়প্রমাণবোধিত, proved or established by the evidence of the senses, palpable.

প্রত্যঙ্গ, জ্ঞানেন্দ্রিয়, অন্তিমাবয়ব, একং অঙ্গ, an organ of perception, the extremities, every part.

প্রত্যন্ত, অন্তিক, ম্লেচ্ছদেশ, contiguous, bordering; the country of Mlechchhas. [excuse.
প্রত্যবস্কন্দন, বিশেষ উত্তর, আপত্তি, a special plea in law, an
প্রত্যবায়, পাপ, বিয়োগ, sin, separation.
প্রত্যভিজ্ঞা-ন, জ্ঞান, অনুবোধ, স্মরণ, অনুমান, knowledge, recollection, recognition, an idea arising from reflection. [counter-accusation.
প্রত্যভিযোগ, বিরোধবাক্যের উত্তরবাক্য, প্রত্যপবাদ, a counter-plea,
প্রত্যয়, বিশ্বাস, আশা, জ্ঞান, বোধ, রীতি, ব্যবহার, সুখ্যাতি, বিভক্তি, হেতু; প্রয়োজন, belief, faith, credit, confidence, trust, knowledge, apprehension, usage, practice, fame, celebrity, the termination of a word, a cause, motive.
প্রত্যয়িত, বিশ্বসিত, বিশ্বাসপাত্র, believed, confided in, trusted.
প্রত্যয়ী, বিশ্বাসী, শ্রদ্ধাকারী, trusting, believing, trusty, faithful; a believer.
প্রত্যর্থী, প্রতিবাদী, শত্রু, a defendant *in law*, an enemy.
প্রত্যর্পণ, ফিরিয়া দেওন, to restore, return, deliver back.
প্রত্যহ, প্রতিদিন, দিনেং, daily, every day, day by day.
প্রত্যাকর্ষণ, হটান, উল্টিয়া টানন, to draw back or pull in a contrary direction.
প্রত্যাখ্যান, বিবর্জ্জনা, অস্বীকার, ছাড়িয়া দেওয়া, খণ্ডনা, rejection, disregard, denial, refusal, disallowing, dismissal, refutation, disannulling. [back.
প্রত্যাগমন, পুনরাগমন, বাহুড়ন, a return, turning or coming
প্রত্যাদান, পুনর্গ্রহণ, প্রতিফল দেওয়া, resumption, taking back, retaliation. [lished, warned.
প্রত্যাদিষ্ট, দেবোক্ত, প্রচারিত, পরামৃষ্ট, spoken by an oracle, pub-
প্রত্যাদেশ, দেবতার উপদেশ, দৈববাণী, প্রকাশ, পরামর্শ, অনুমতি, চেতনা, an oracular saying, divine warning, impulse, revelation, information, warning, caution.
প্রত্যারম্ভ, পুনরোপক্রম, a recommencement.
প্রত্যাশা, ভরসা, প্রত্যয়, অপেক্ষা, hope, trust, confidence, encouragement, expectation.
প্রত্যাশী, ভরসান্বিত, অপেক্ষী, অধীন, hoping, expecting, waiting or looking for, dependant.

প্রত্যাসন্ন, নিকটবর্ত্তী, অন্তিক, near, contiguous, proximate.

প্রত্যাহার, পুনর্গ্রহ, সমাধি, যোগ বিশেষ, ইন্দ্রিয় দমন, সংক্ষেপ, উদাহরণ, resumption, collecting the thoughts, abstraction, restraint and mortification of the senses, an abridgement, compendium, paradigm.

প্রত্যুক্তি, প্রত্যুত্তর,—প্রতিবচন, a reply, rejoinder, answer, defence. [before the eyes.

প্রত্যুত, সম্প্রতি, স্পষ্টে, সাক্ষাতে, now, now-a-days, evidently,

প্রত্যুত্থান, উত্থিয়া সম্মানকরা, অভ্যর্থনা, a respectful reception, a rising up to receive one.

প্রত্যুৎপন্ন, পুনর্জ্জনিত, উদ্যত, প্রস্তুত, অঙ্কপূর্ণিত, reproduced, prompt, ready ; the product in multiplication.

প্রত্যুপকার, উপকারের পরিবর্ত্তে উপকার, কৃতজ্ঞতা, a return of kindness, gratitude, grateful return. [twilight.

প্রত্যূষ, অহর্মুখ, প্রাতঃকাল, the dawn, day-break, morning

প্রত্যূহ, বিঘ্ন, আটক, an obstacle, impediment, hindrance.

প্রত্যেক, এক এক, সর্ব্ব, সমস্ত, every one, each, every.

প্রত্যেতব্য, বিশ্বসনীয়, credible, worthy of credit or belief.

প্রথম, আদি, পূর্ব, প্রধান, first, prior, previous, chief, principal.

প্রথমতঃ, প্রথমে,—পূর্ব্বে, আগে, in the first place, previously.

প্রথমাবয়ব, প্রথমোৎপন্নাংশ,—গর্ভ, জ্রূণ, an embryo, a fœtus.

প্রথা, ধারা, ব্যবহার, সুখ্যাতি, custom, usage, habit, fame, celebrity. [important.

প্রথিত, বিখ্যাত, প্রতিষ্ঠান্বিত, famous, celebrated, illustrious,

প্রদ, দাতা, দায়ক, ফলদ, *affix* : giving, bestowing, conferring, yielding.

প্রদক্ষিণ, মণ্ডলাকারে ভ্রমণকরা বিশেষ, the ceremony of walking round a person or object, keeping the right hand towards it, as a reverent salutation.

প্রদত্ত, প্রত্ত, অর্পিত, উৎসর্জ্জিত, given, conferred, bestowed.

প্রদগু, স্পষ্ট, ব্যক্ত, প্রসিদ্ধ, প্রত্যক্ষ, বিখ্যাত, clear, manifest, evident, elucidated, illustrious.

প্রদর্শন, দেখন, হেরণ, দেখান, জানান, to see, view, shew, make • known, declare, point out, manifest.

প্রদর্শনী, উৎসর্গ, উপঢৌকন, বৈদ্যের পারিতোষিক, an offering, ceremonial present, medical fee.

প্রদান, ত্যাগ, বিতরণ, অর্পণ, উৎসর্গ, a gift, donation, the act of giving, offering, &c.
প্রদীপ, বর্ত্তি, পদীম, a lamp, light, lantern, taper, &c.
প্রদীপন, উজ্জ্বলন, উদ্দৃণ, to make to blaze, stir or light up, cause to burn brighter, make splendid, &c.
প্রদৃপ্ত, অহঙ্কৃত, গর্ব্বিত, proud, haughty, elated.
প্রদেশ, অঞ্চল, চাকলা, স্থল, অংশ, a district, country, spot, place, part.
প্রদেশিনী, তর্জ্জনী, the fore-finger. [of the night.
প্রদোষ, রজনীমুখ, সূর্য্যাস্তের পর ত্রিমুহূর্ত্ত, evening, the first part
প্রধন, যুদ্ধ, চিরণ, war, battle, a tearing, a rending.
প্রধান, শ্রেষ্ঠ, বড়, principal, pre-eminent, chief, noble.
প্রপঞ্চ, ফেরা, বৈপরীত্য, প্রকাশ, প্রসার, বিস্তার, বাহুল্য, সঞ্চয়, প্রতারণা, a reverse, inversion, opposition, extension, expansion, dilation, extent, expanse, prolixity, copiousness of style, abundance, quantity, a heap, delusion, a trick, deceit.
প্রপঞ্চিত, প্রসারিত, বিস্তারিত, expanded, dilated, prolix, treated of at length, &c.
প্রপন্ন, প্রাপ্ত, দরিদ্র, দুঃখী, obtained, poor, needy, afflicted.
প্রপা, জলছত্র, a place where water is given to travellers.
প্রপিতামহ, পিতামহের পিতা, a paternal great-grandfather.
প্রপৌত্র, পৌত্রের পুত্র, a great-grandson in the male line.
প্রফুল্ল, বিকশিত, আহ্লাদিত, আশ্বাসিত, blown, expanded, cheerful, gay, smiling, sparkling, glad, encouraged.
প্রফুল্লিত, প্রস্ফুটিত, মুকুলিত, আমোদিত, expanded, spread, open, blown, in blossom, gay, cheerful.
প্রবক্তা, কথক, বাক্পটু, a speaker, an eloquent man.
প্রবচন, প্রসঙ্গ, বাক্পটুতা, a treatise, discourse, eloquence.
প্রবঞ্চক, ভুলানিয়া, প্রতারক, ধূর্ত্ত, deceiving, insidious; a deceiver, a cheat. [imposture.
প্রবঞ্চনা, প্রতারণা, ছলনা, deceit, fraud, swindling, imposition,
প্রবন্ধ, আনুপূর্ব্বিক বাক্যরচনা, বিবরণ, a connected discourse, treatise, narrative, tale. [cent.
প্রবর, গোত্রশ্রেণীর কারণ মুনিগণ, race, family, kindred, des-
প্রবর্ত্ত, অনুষ্ঠান, চেতানি, অনুষ্ঠাপক, উদ্যত, নিযুক্ত, a commence-

ment, undertaking, an entering upon a business, excitation; entering upon, ready, appointed to, constituted.

প্রবর্ত্তক, প্রয়োজক, চেতনা, exciting, stimulating; an instigator, stimulus.

প্রবর্ত্তন, আরম্ভণ, উপক্রমণ, কর্ম্মেতে লাগন, to begin, commence, embark in, enter upon a work or action.

প্রবর্ত্তনা, চেতানি, প্রয়োজনা, a stimulating, exciting, instigation, subornation.

প্রবর্দ্ধন, বাড়ন, to grow in size, grow fat or wealthy.

প্রবল, বলবান্, জয়ী, অখণ্ডনীয়, প্রচণ্ড, অবাধ্য, strong, powerful, superior, victorious, cogent, valid, substantial, violent, obstinate.

প্রবলা, ব্যাপিকা, a termagant, violent and self-willed woman.

প্রবাচক, অর্থবোধক, পারিভাষিক, explanatory, expository, significant, technical.

প্রবাদ, জনরব, a rumour, report, insinuation, current story.

প্রবাল, পলা, অঙ্কুর, coral, a sprout, a young shoot.

প্রবাস, বিদেশবাস, অবস্থিতি, a temporary or foreign residence, lodging, sojourn.

প্রবাসী, পর্য্যটক, বিদেশবাসী, a traveller, sojourner, temporary resident.

প্রবাহ, স্রোত, ঘটনাক্রম, ধারা, সময় বিকার, গবাদির শ্রেণী, a stream, current, flow, course, train of circumstances, traditional custom, immemorial usage, the variations of weather, a moving line of cattle &c.

প্রবাহক, চালক, চলনিয়া, দ্রুত, carrying or flowing off, flowing.

প্রবিষ্ট, উপক্রান্ত, কর্ম্মারব্ধ, অবগত, ব্যাপক, ঘুষড়া, entered into or upon, embarked or engaged in, understanding, pervading, thrust into.

প্রবীণ, নিপুণ, পটু, বিজ্ঞ, পণ্ডিত, clever, skilled, conversant, eminent, learned.

প্রবুদ্ধ, নিদ্রোত্থিত, জাগ্রৎ, চিয়ন্ত, জ্ঞাত, পরিজ্ঞাপিত, awake, wakened, vigilant, roused, stimulated, comprehending, convinced, convicted.

প্রবৃত্ত, প্রবিষ্ট, আরব্ধ, উদ্যত, having commenced or engaged in, beginning, about.

প্রবৃত্তি, উপক্রম, উদ্যোগ, ইচ্ছা, প্রয়োজনা, শীলতা, চেতনা, উত্তেজনা,

বৃত্তান্ত, সমাচার, স্রোতঃ, a commencement, entering upon, effort, inclination, tendency, predilection, excitation, excitement, stimulus, instigation, urging, intelligence, a current, course.

প্রবেশ, অন্তরে গমন, অনুষ্ঠান, প্রতিযত্ন, অধ্যবসায়, an entrance, introduction, commencement, intense application or devotion to, persevering adherence in. [a pursuit, &c.

প্রবেশন, ঢোকন, ঘুষড়ন, প্রবর্ত্তন, to enter, penetrate, enter into

প্রবোদ্ধা, বুঝানিয়া, চেতানিয়া, পরিজ্ঞাপক, one who convinces, awakens or excites attention.

প্রবোধ, পরিজ্ঞান, সান্ত্বনা, জ্ঞান, বুদ্ধি, জাগ্রদ্দশা, চেতনা, conviction, demonstration, a soothing, quieting, appeasing, persuasion, knowledge, understanding, intellect, wakefulness, vigilance, attention.

প্রবোধক, প্রবোধী—পরিজ্ঞাপক, চেতানিয়া, জাগানিয়া, convincing, calling forth ideas, arresting attention, awakening, exciting to vigilance. [ments.

প্রবোধন, প্রমাণ জানান, বুঝান, to convince, push with argu-

প্রব্রজিত, তীর্থগত, gone on a pilgrimage.

প্রব্রজ্যা, তীর্থবেড়ানিয়া, উদাসীন, a pilgrim, an ascetic, a travelling or mendicant devotee.

প্রভব, উৎপত্তি, জন্মভূমি, মূল, জন্মকারণ, পিত্রাদি, birth, production, a birth-place, source, the generative cause or basis of a thing, an operative cause of existence as father or mother.

প্রভা, দীপ্তি, তেজ, light, radiance, splendour, lustre, glory.

প্রভাকর, সূর্য্য, চন্দ্র, দীপ্তিমান, জাজ্বল্যমান, the sun, the moon; splendid, radiant. [dawn.

প্রভাত, প্রাতঃকাল, অরুণ, প্রত্যুষ, morning, day-break, the

প্রভাব, মাহাত্ম্য, গৌরব, পরাক্রম, প্রতাপ, majesty, dignity, greatness, power, magnanimity, high spirit, a high and jealous sense of honour.

প্রভাস, তীর্থ বিশেষ, a celebrated place of pilgrimage.

প্রভিন্ন, পৃথক্, ইতর, অন্য, বিচ্ছিন্ন, খণ্ডিত, distinct, different, separated, severed, divided, broken.

**প্রভু,** স্বামী, অধিপতি, কর্ত্তা, রাজা, দেশাধিপ, a master, owner, lord, governor, sovereign.

**প্রভুতা,** প্রধানতা, রাজত্ব, আধিপত্য, কর্ত্তৃত্ব, greatness, power, supremacy, sway, government, lordship, sovereignty, dominion.

**প্রভুপণা,** কর্ত্তৃত্ব, স্বামিত্বপ্রকাশ, lordship &c : a playing the lord and master. [voted, obsequious.

**প্রভুভক্ত,** অন্নদাতার ভজিষ্ণু, অনুগত, আজ্ঞাবহ, loyal, faithful, de-

**প্রভূত,** বহু, ভূরি, ভারী, বড়, উচ্চ, উর্দ্ধগত, শাসিত, রাজপালিত, প্রধানীকৃত, much, many, important, great, high, lofty, gone up, ascended, governed by a sovereign, ruled, become great. [the like.

**প্রভৃতি,** গণবোধক, ইত্যাদি, *affix* : et cetera, and others, and

**প্রভেদ,** বিশেষ, বৈলক্ষণ্য, অসাম্য, বিচ্ছেদ, পার্থক্য, বিবেক, পদবী, অপনাম, a difference, distinction, disparity, inequality, separation, a severing, discriminating, a surname, a nick-name.

**প্রমত্ত,** উল্লসিত, মদবিহ্বল, বিভোল, অবিবেকী, elated, joyful, intoxicated, thoughtless, precipitate.

**প্রমদ,** হর্ষ, উল্লাস, joy, delight, pleasure, rapture.

**প্রমদা,** বিশেষ লক্ষণাক্রান্তা স্ত্রী a beautiful woman.

**প্রমা,** সুবোধ, সত্যের অনুভব, মনস্কার, ব্রহ্মজ্ঞান, true knowledge, accurate perception, consciousness, a knowledge of the soul's identity with God.

**প্রমাণ,** নিশ্চয়ের কারণ, সাক্ষ্য, নিদর্শন, প্রতিপত্তি, দৃষ্টান্ত, উদাহরণ, সাক্ষী, evidence, proof, testimony, attestation, demonstration, authority or warrant for an opinion, an instance, example, a witness.

**প্রমাণপত্র,** নিদর্শনপত্র, সুকৃতিপত্র, a voucher, an affidavit, a deposition. [proof.

**প্রমাতা,** প্রমাণদায়ী, সাক্ষ্যদায়ক, one who gives evidence or

**প্রমাতামহ-ী,** মাতামহের পিতামাতা, *m.* & *f.* a maternal great grandfather or great grandmother.

**প্রমাদ,** অনবধানতা, ভ্রম, চুক, উচ্ছন্ন, উপদ্রব, আপদ, inadvertence, carelessness, precipitation, error, confusion, ruin, misfortune.

প্রমাদী, অসাবধান, অবিবেকী, উন্মত্ত, উপদ্রবী careless, inattentive, inadvertent, thoughtless, mad, ruinous.

প্রমারক, প্রমাণদায়ী, সাক্ষী, giving proof or evidence, testifying.

প্রমিত, প্রমাণসিদ্ধ, সপ্রমাণ, proved, established, authentic.

প্রমীত, মৃত, প্রেত, dead, defunct, deceased, departed.

প্রমুখাৎ, বাক্যদ্বারা, কথায়, from the mouth of, by word of mouth, verbally ; verbal.

প্রমুদিত, হর্ষিত, আহ্লাদিত, overjoyed, elated, pleased, happy.

প্রমেয়, উপপাদ্য, প্রতিপাদনীয়, প্রমাণসাধ্য, capable of proof, probable, demonstrable.

প্রমেহ, মেহবিকার, সততঃ মূত্রস্রাবাদি, urinary affection as gonorrhœa, gleet, diabetes, &c. [from.

প্রমোচন, রক্ষণ, তারণ, উদ্ধরণ, to liberate, free, save, detach

প্রমোদ, হর্ষ, উল্লাশ, great joy, delight, pleasure, happiness.

প্রমোদী, উল্লসিত, মনোরঞ্জক, elated, glad, causing delight, delightful. [austerities, &c.

প্রযত, পূত, পবিত্র, পুণ্যবান্, holy, pious, purified by religious

প্রযত্ন, অধ্যবসায়, পরিশ্রম, অতিপ্রয়াস, বহুচেষ্টা, persevering effort, great labour, exertion, care.

প্রয়াগ, তীর্থ স্থান বিশেষ, any place of pilgrimage at the confluence of two rivers, particularly Allahabad.

প্রয়াণ, গমন, চলন, প্রস্থান, চড়াও, অভিনির্যাণ, গতি, a going, departing, a march, attack, invasion, motion.

প্রয়াত, গত, প্রস্থিত, প্রেত, gone, proceeded, departed.

প্রয়াস, চেষ্টা, ইচ্ছা, শীলতা, রুচি, অনুরাগ, বহুশ্রম, অভিনিবেশ, an endeavour or desire after, bias, passion or taste for, love, diligent exertion, ardent pursuit.

প্রয়াসী, ধুস্বী, শ্রমান্বিত, সচেষ্ট, ইচ্ছুক, অভিলাষী. diligent, ardent, persevering, solicitous, desirous.

প্রযুক্ত, বিশিষ্ট, প্রাপ্ত, জনিত, নিমিত্ত, জন্য, endowed with, possessed of, resulting or arising from, excited or occasioned by; from, on account of, for, because of, for the sake of. [tible, &c.

প্রযুজ্য, উত্থাপনীয়, প্রবর্ত্তনীয়, capable of excitement, suscep-

প্রযুত, দশ লক্ষ, a million. [thor, exciter.

প্রয়োক্তা, প্রবৃত্তিজনক, প্রবর্ত্তক, চালানিয়া, a mover, instigator, au-

প্রয়োগ, উদ্যম, শ্রম, অনুষ্ঠান, অভিপ্রায়, শেষ, উৎপন্ন, শব্দের ভাব, বিষয়, শাস্ত্রপ্রমাণ, উদাহরণ, মূলধন, মন্ত্রোৎপন্ন, an effort, exertion, act, action, commencement, entrance upon, main object, end, result, consequence, application or use of a word, an affair, matter, text, authority, example, illustration, principal at interest, the effect of magical rites.

প্রয়োগী, উৎপাদক, প্রবর্ত্তক, প্রতিপাদক, causing, exciting, stimulating, promoting, advancing.

প্রয়োজক, চেতানিয়া, প্রবর্ত্তক, প্রেরক, আজ্ঞাপক, *id.* a mover, instigator, moving cause; sending, ordering.

প্রয়োজন, হেতু, নিমিত্ত, উদ্দেশ, অভিপ্রায়, আবশ্যকতা, ফল, বিষয়, কর্ম্ম, a cause, occasion, origin, motive, incentive, object, necessity, use, advantage, an affair, undertaking. [occasion, proper.

প্রয়োজনীয়, আবশ্যক, উপযুক্ত, উচিত, necessary, suited to the

প্রয়োজ্য, আবশ্যক, উচিত, মূলধন, প্রেরিত, necessary, suitable, proper; a capital or principal, a messenger.

প্রলপিত, কথিত, প্রকাশিত, said, spoken, mentioned, declared.

প্রলয়, কল্পান্ত, সৃষ্টিনাশ, বিনাশ, ধ্বংশ, মূর্চ্ছা, প্রাণে মরণ, পঞ্চত্ব, প্রকাণ্ড, অতিশয়, the end of a Calpa or universal destruction of the world, destruction, annihilation, dissolution, decomposition, resolution, loss, fainting, death; vast, excessive.

প্রলাপ, কথাবার্ত্তা, অনর্থক বাক্য, অজ্ঞানাবস্থাতে কথিত বাক্য, talk, conversation, unmeaning or incoherent talking, delirious ravings, &c. [herently.

প্রলাপদর্শী, বাতুল, অসঙ্গতবাদী, delirious, raving, talking inco-

প্রলাপী, সম্ভাষী, অসঙ্গতবাদী, speaking, conversing, discoursing, talking unconnectedly or deliriously.

প্রলেপ, ক্ষতাদিতে মাখনীয় দ্রব্য, a plaster, salve, ointment.

প্রলেপন, ক্ষতাদিতে প্রলেপ লাগান, মাখান, to dress a wound, apply a plaster or salve, &c. [bait.

প্রলোভ, স্পৃহা, লালসা, ঘুষ, desire, covetousness, a bribe, a

প্রশংসন, সদ্গুণ কথন, সঙ্কীর্ত্তন, স্তবকরণ, to praise, extol, panegyrize, celebrate, applaud, flatter.

প্রশংসনীয়, প্রশংস্য,—প্রতিষ্ঠার যোগ্য, স্তবার্হ, সঙ্কীর্ত্তনীয়, praiseworthy, laudable, commendable. [flattery.

প্রশংসা, শ্লাঘা, গুণানুবাদ, স্তব, praise, commendation, applause,

প্রশংসী, গুণানুবাদী, স্তাবক, praising, celebrating, applauding.

প্রশমন, বিনাশ, রোগনাশ, পাপমোচন, প্রায়শ্চিত্ত, destruction, slaughter, removal of disease, expiation of guilt.

প্রশস্ত, স্তুত, সম্মত, উত্তম, উপযুক্ত, সুখী, চৌড়া, বিস্তৃত, অসীম, praised, applauded, approved, excellent, good, suitable, fit, happy, wide, broad, spacious, capacious, roomy, airy, vast, unconfined.

প্রশুদ্ধ, প্রত্যক্ষ, স্পষ্ট, ব্যক্ত, প্রমেয়, clear, evident, authentic.

প্রশ্ন, জিজ্ঞাসা, পূর্ব্বপক্ষ, a question, enquiry, interrogation, proposition. [breath.

প্রশ্বাস, বায়ুত্যাগ, রেচন, expiration, respiration, breathing,

প্রশ্রয়, প্রণয়, স্নেহ, লালনকরা, অদমন, কোমলতা, affection, love, regard, over-indulgence, leniency.

প্রষ্টা, জিজ্ঞাসক, one who asks or interrogates, an enquirer.

প্রষ্ঠ, প্রধান, শ্রেষ্ঠ, অগ্রগামী, অধিপ, পক্ষপাতী, chief, principal, best, preceding, going first or before; a leader, chief, conductor, partizan.

প্রষ্ঠ-ী, পত্রের এক দিগ্, পীঠ, a page of a book.

প্রসক্ত, অনুরক্ত, পরায়ণ, মনোনিবিষ্ট, প্রস্তাবিত, লব্ধ, প্রসারিত, অনবরত, নিত্য, সততঃ, attached to, enamoured, fond of, zealous, engaged in, conversed about, treated of, obtained, gained, expanded, opened, constant, eternal, everlasting ; eternally, ever.

প্রসক্তি, প্রস্তাব, বৃত্তান্ত, ক্রীড়া, বাৎসল্য, অনুরাগ, a topic, subject of conversation, dalliance, fondling, tenderness, attachment, affection.

প্রসঙ্গ, বৃত্তান্ত, প্রস্তাব, প্রবন্ধ, পদ, আবাপ, সংযোগ, সম্বন্ধ, a topic, subject, introduction, mention, a treatise, a sentiment, passage from a book, an insertion, association, connection.

প্রসঙ্গসঙ্গতি, কথাবার্ত্তা, conversation, discourse on a topic.

প্রসন্ন, প্রনুগ্রাহী, কৃপান্বিত, ক্ষমাবান্, প্রফুল্ল, নির্ম্মল, স্বচ্ছ, লোকারণ্যেতে চলিত পথ, gracious, favourable, kind, com-

placent, propitious, pleased, delighted, clear, clean, bright, pellucid, frequented, (*as a road.*)

প্রসব, গর্ভত্যাগ, বিয়ন, জন্ম, উৎপত্তি, সন্ততি, ফল, পুষ্প, childbirth, parturition, yeaning &c. birth, production, offspring, a fruit, a flower.

প্রসবগৃহ, প্রসূতিকার ঘর, a lying-in chamber. [calve, &c.

প্রসবন, উৎপাদন, জন্মান, বিয়ন, to produce, bring forth, yean,

প্রসর, আয়াম, ওসার, প্রশ্রয়পূর্ব্বক অন্বেষণ, ত্বরা, বেগ, dimensions, extent, width, affectionate solicitation, speed, velocity. [violently.

প্রসহ্য, হঠাৎ, বলপূর্ব্বক, suddenly, unexpectedly, forcibly,

প্রসাদ, কৃপা, দয়া, অনুগ্রহপ্রকাশ, দান, বৃত্তি, পুরস্কার, উচ্ছিষ্ট, গুরু প্রভৃতির ভুক্তশেষ, প্রাণ, সুখাবস্থা, নির্ম্মলতা, স্বচ্ছতা, grace, favour, kindness, propitiousness, a gift, present, pension, reward, leavings, remnents of an offering, life, breath, welfare, clearness, brightness, cleanness, pellucidness.

প্রসাদভোগী, বৃত্তিভোগী, পুরস্কৃত, উচ্ছিষ্টভুক্, a pensioner; enjoying favours, &c. eating the remnants of offerings, &c. feeding on another's leavings.

প্রসাদিত, অনুগৃহীত, কৃপাপাত্র, কৃপয়া দত্ত, favoured, treated graciously, graciously bestowed, &c.

প্রসাদী, অনুগ্রাহক, কৃপাবান্, shewing favour, gracious, kind.

প্রসাদীবস্ত্র, পুরস্কারবস্ত্র, an honorary dress.

প্রসাধন, বিন্যাস, বেশভূষা, decoration, embellishment, dress.

প্রসাধিত, ভূষিত, সম্পন্ন, সমাপ্ত, ornamented, decorated, embellished, accomplished, finished.

প্রসার ওসার, আয়াম, বিস্তার, ভক্ষ্যদ্রব্যাদি লুট করা, প্রচার, সুখ্যাতি, width, extent, expansion, foraging, publicity, fame. [extend, spread out.

প্রসারণ, প্রস্ফোটন, প্রকাশন, বিস্তারণ, to open, expand, unfold,

প্রসিদ্ধ, প্রত্যক্ষ, ব্যক্ত, প্রচলিত, বিদিত, বিখ্যাত, ভূষিত, clear, evident, plain, current, noted, famous, celebrated, ornamented, adorned.

প্রসিদ্ধি, বিখ্যাতি, প্রচার, fame, celebrity, notoriety.

প্রসূ, মাতা, ব্যাপিকা লতা, a mother, a spreading creeper.

প্রসূত, জাত, উৎপন্ন, born, brought forth, engendered.

প্রসূতা, প্রসূতিকা,—অচিরকাল প্রসব হইয়াছে যে স্ত্রী, জনয়িত্রী, সন্তানবতী, *f.* recently brought to bed, having had a child.

প্রসূতি, প্রসব হওয়া, বিয়নি, জন্ম, উৎপত্তি, সন্ততি, a bringing forth, yeaning, &c: birth, production, offspring.

প্রসূন, পুষ্প, মুকুল, ফল, a flower, bud, blossom, fruit.

প্রসৃতি, নিকুব্জ করতল, চারি অঙ্গুলি পরিমাণ, গণ্ডূষ, the palm of the hand hollowed, a palmful, a handful.

প্রস্তর, পাষাণ, শিলা, মণি, পুষ্পগুচ্ছ, a stone, rock, gem, jewel, a bunch of flowers, a nosegay.

প্রস্তাব, বৃত্তান্ত, কথানুষ্ঠান, প্রসঙ্গ, উপন্যাস, পদ, সময়, অবসর, mention, relation, introduction, a topic, a story, a passage, an occasion, opportunity.

প্রস্তাবনা, কথানুষ্ঠান, উপন্যাস, an introduction, commencement, a prologue, prelude.

প্রস্তাবিত, কথিত, উল্লেখিত, বর্ণিত, mentioned, told, related.

প্রস্তুত, নিষ্পন্ন, উদ্যত, উপস্থিত, উক্ত, প্রকাশিত, প্রশংসিত, পুরস্কৃত, finished, completed, prepared, ready, prompt, willing, present, at hand, said, revealed, declared, praised, eulogized, advanced.

প্রস্থ, প্রস্ত,—পাত্র, বাসনাদি, যোড়া, যুগল, চৌড়া, প্রকরণ, কাণ্ড, খণ্ড, সানু অর্থাৎ পর্ব্বতীয় ভূমি, পরিমাণ বিশেষ, a set of utensils, suit of clothes, a team, width, breadth, a volume, section, mountain table-land, a measure of quantity.

প্রস্থান, অভিনির্যাণ, চলন, যাত্রানুষ্ঠান, the march of an assailant, a departure, setting off. [patch.

প্রস্থাপন, চলান, যাপন, প্রেরণ, to cause to depart, send, dis-

প্রস্থিত, যাত, চলিত, প্রয়াত, gone, departed, marched forth.

প্রস্ফুটিত, বিকশিত, প্রফুল্লিত, open, expanded, blown.

প্রস্ফোটন, সূর্প দিয়া শস্য ঝাড়ন, উচলন, বিকাশন, to winnow corn, to open or expand as a flower.

প্রস্রবণ, ক্ষরণ, ঘামন, মূতন, উনুই, জলাকর, to ooze, leak, perspire, make water; a spring, a fountain.

প্রস্রাব মূত্র, মূত্রত্যাগ, urine, the passing of urine. [repel.

প্রহনন, মারণ, ঘাতন, জয়করণ, to smite, wound, kill, defeat,

প্রহর. যাম, a watch or fourth part of the day or night.

প্রহরী, কোটাল, জাগনিয়া, a watchman, sentry; keeping watch.

প্রহর্ত্তা হন্তা, ঘাতক, মারক, one who beats, a striker, smiter.

প্রহর্ষ, আহ্লাদ, উল্লাস, joy, gladness, hilarity.

প্রহার, আঘাত, হননকরা, a blow, a stroke, a smiting.

প্রহারণ, মারণ, হনন, পিটন, to beat, strike, smite, flog.

প্রহারী, মারণিয়া, তাড়ানিয়া, পিটনিয়া, ঘাতক, beating, striking, smiting, flogging, killing.

প্রহিত, নিরস্ত, ছোটান, প্রেরিত, উপযুক্ত, উপকরণ, আচার, shot as from a bow, sent, dispatched, suitable appropriate; a sauce, gravy, condiment.

প্রহৃত, হত, মারিত, ক্ষত, beaten, struck, smitten, wounded.

প্রহৃষ্ট, সন্তুষ্ট, উল্লসিত, glad, rejoiced, pleased, happy.

প্রহেলিকা, দুরূহ ব্যঙ্গার্থ প্রশ্ন, হেঁয়ালী, a riddle, an enigma, a puzzling question.

প্রাংশু, ঊর্দ্ধতা, তুঙ্গ, উচ্চ, দীর্ঘ, height; high, tall, lofty.

প্রাক্, প্রাচীন, প্রাচী, পূর্ব, former, prior, olden, east; before.

প্রাকার, ঘেরা, বেড়, চয় অর্থাৎ গড়ের বেষ্টনপ্রাচীর, a fence, inclosure, surrounding wall, a rampart or mound.

প্রাকৃত, নীচ, সংস্কৃতেতর ভাষা, common, plebeian, vulgar, low.

প্রাক্কাল, পূর্বকাল, রোগের বৃদ্ধি কিম্বা হ্রাস লগ্ন, former or olden time, the crisis of a disease.

প্রাক্তন, অদৃষ্ট, কপাল, fate, destiny, luck. [gency.

প্রাখর্য্য, ব্যগ্রতা, নৈপুণ্য, তীক্ষ্ণতা, ardor, zeal, cleverness, pun-

প্রাগভাব, উৎপত্তির পূর্ববর্ত্তি অভাব, previous non-existence.

প্রাগল্ভ্য, জমক, আড়ম্বর, চলাবুলা, দাম্ভিকতা, দর্প, টেঁটামি, স্পর্দ্ধা, pomp, parade, show, bustle, arrogance, confidence, effrontery, boldness, insolence.

প্রাগ্বৎ, পূর্ববৎ, যেমন আগে, as before.

প্রাগ্ভাব, পূর্বাবস্থা, a previous state, former condition.

প্রাঙ্গণ, আঙ্গিনা, a court-yard, an outer yard.

প্রাঙ্ন্যায়, আদ্দাশের পূর্ববিচার, a former trial of a cause.

প্রাঙ্মুখ, পূর্বদিঙ্মুখ, পূর্বাস্য, looking eastward, having the face turned to the eastward.

প্রাচী, পূর্বদিক্, the east. [crepit.

প্রাচীন, পুরাতন, পূর্বকালীন, বৃদ্ধ, old, ancient, olden, aged, de-

প্রাচীনগাথা, ঐতিহ্য, পুরাতনকথা, tradition, ancient story.
প্রাচীনা, পূর্ব্বকাল, বৃদ্ধাবস্থা, antiquity, old age.
প্রাচীর, বেড়, ঘেরা, a fence, wall, hedge, inclosure.
প্রাচুর্য্য বাহুল্য, নির্ব্বাহ, plenty, sufficiency, abundance.
প্রাচ্য, শরাবতী নদীর পূর্ব্বদক্ষিণ দেশ, the country South and East of the Sharábatí.
প্রাজাপত্য, বিবাহ সংস্কার বিশেষ, যাগ বিশেষ, ব্রত বিশেষ, a form of marriage by gift, a particular sacrifice, a peculiar penance.
প্রাজ্ঞ, পণ্ডিত, বুদ্ধিমান, নিপুণ, learned, wise, skilful, sensible, [clever.
প্রাঞ্জল, সরল, দাতা, honest, upright, sincere, liberal.
প্রাঞ্জলি, সংযুক্ত করকোষ, the joined hands open and hollowed.
প্রাড্বিবাক, বিচারকর্ত্তা, a judge, a magistrate.
প্রাণ, নিশ্বাস, বায়ু, জীব, breath, vital air, life, the soul.
প্রাণগ্রহণ, জীবনাশকরণ, to take away an animal's life, to kill.
প্রাণঘাতক, প্রাণঘাতী,—বধী, সংহারক, জীবনাশক, murderous, deadly, fatal, mortal, destroying life.
প্রাণত্যাগ, জীবননাশ, মরণ, the relinquishing of life, death.
প্রাণনাথ, প্রিয়তম, স্বামী, a husband, (*so addressed by his wife.*)
প্রাণপণ, জীবদায়, অত্যন্ত প্রয়াস, যুদ্ধ, the staking or hazarding of life, great exertion, strong effort, zeal.
প্রাণপ্রতিম, প্রিয়তম, জীবসদৃশ, dear as life! resembling life!
প্রাণপ্রতিষ্ঠা, দেবতার প্রতিমাতে জীবন্যাস, the consecration or inanimation of an idol.
প্রাণপ্রিয়, প্রিয়তম, ধনমণি, *voc.* beloved of my soul!
প্রাণবস্তু, সজীব বস্তু, animated matter.
প্রাণসম, প্রাণসমান,—প্রিয়তম, জীবতুল্য, dear as life, very dear, [like the life.
প্রাণহা, সংঘাতক, হন্তা, murderous, deadly, mortal; a murderer.
প্রণহিংসা, জীবনাশ, হত্যা, an injury to life, murder.
প্রাণাধার, সজীব শরীর, a living body, the vessel of the soul.
প্রাণাধিক, অতিস্নিগ্ধ, পুত্রাদি, one dearer than life, a son, &c.
প্রাণায়াম, ধ্যানসময়ে বায়ুধারণ, a mode of breathing during mental prayer.
প্রাণী, জীবন্ত, পঞ্চভূতাত্মা, জন্তু, living, vital; an animated being, an animal.
প্রাণেশ, প্রাণেশ্বর,—স্বামিসম্বোধক বাক্য, a husband, (*so addressed by his wife,*) *i. e.* lord of my life!

প্রাতঃ, অরুণোদয়, the dawn, the morning. [after sun-rise.
প্রাতঃকাল, সূর্য্যোদয় পর ছয় দণ্ড, the morning, the two hours
প্রাতিকূল্য, বৈপরীত্য, বিরুদ্ধতা, শত্রুতা, contrariety, opposition.
প্রাতিভাব্য, লগ্নকত্ব, বন্ধকতা, security, suretiship, bail.
প্রাতিলোম্য, বৈপরীত্য, ব্যতিক্রম, contrariety to nature, opposition to the grain. [confidential.
প্রাত্যয়িক, বিশ্বাসবিষয়ক, বিশ্বাস্য, pertaining to faith or trust,
প্রাথমিক, অগ্রিম, আদিম, অগ্রগণ্য, first, prior, initial, belonging to the first, having a right to priority, entitled to precedence.
প্রাদুর্ভাব, প্রকাশ, দর্শিবা, উদয়, স্বপ্রকাশ, মহিমা, a manifestation, appearing, coming to light, rising, eliciting, a vaunting, ostentation, greatness.
প্রাদুর্ভূত, প্রকাশিত, ব্যক্ত, manifest, clear, evident, elicited.
প্রাদেশ, প্রসারিতাঙ্গুষ্ঠতর্জ্জনী পরিমাণ, the span of the thumb and forefinger.
প্রাধান্য, শ্রেষ্ঠতা, প্রকর্ষ, pre-eminence, superiority.
প্রান্ত, কূল, অঞ্চল, সীমা, শেষভাগ, a margin, shore, border, end, outskirts. [road, a desert.
প্রান্তর, দূর এবং শূন্য পথ, মাঠ, a long, dreary, unsheltered
প্রাপণ, মিলন, পাওন, উপার্জ্জন, মিলান, ঘটান, জন্মান, to obtain, find, get, inherit, acquire, cause to obtain, procure, occasion.
প্রাপ্ত, লব্ধ, উপার্জ্জিত, মিলিত, বিশিষ্ট, আগত, obtained, gained, acquired, found; *prefix*: possessing, affected with, arrived at, &c.
প্রাপ্তপঞ্চত্ব, মৃত, প্রেত, dead, deceased, defunct.
প্রাপ্তব্যবহার, দায়গ্রস্ত, কর্ম্মভারগ্রস্ত, adult, of age, arrived at the age of legal responsibility.
প্রাপ্তযৌবন, ষোড়শাধিক বৎসর বয়স্ক যুবা, arrived at puberty.
প্রাপ্তি, লাভ, উপস্বত্ব, ফল, acquisition, possession, profit, gain, benefit, advantage. [tainable.
প্রাপ্য, পৈতৃকধন, অর্জনীয়, লভ্য, heritable, patrimonial, ob-
প্রাফুল্ল্য, পুষ্পবিকাশ, হর্ষ, the expansion of a flower or of the mind, gladness. [skreen, a shed.
প্রাবরণ, উত্তরীয় বস্ত্র, আড়াল, ঝোপড়ী, an outer garment, a

প্রাবর্ত্তক, চেতানিয়া, প্রবৃত্তিজনক, exciting, stirring up, stimulating, instigating.

প্রাবল্য, সামর্থ্য, বিক্রম, strength, power. [a specification.

প্রাবিড়, প্রাবীড়—অনবসর, বিশেষ বিজ্ঞাপনা, a pressure of business,

প্রাবৃট্ পচাকাল, বর্ষাকাল, rainy, wet; the rains.

প্রাবৃত, বেষ্টিত, ঢাকিত, আচ্ছাদিত, উড়নী, fenced, skreened, covered, defended; an outer garment.

প্রামাণিক, শাস্ত্রসিদ্ধ, প্রমাণলব্ধ, অভিমান্য, সভাতে প্রধান, গোষ্ঠীপতি, স্বমত প্রমাণকারী পণ্ডিত, well-founded, approved, founded on evidence; a president, chairman, the head of a trade, a learned man who supports his opinions by reference to books, &c.

প্রামাণ্য, সত্যতা, গ্রাহ্যতা, সম্ভব, নিশ্চয়সিদ্ধি, authenticity, credibility, probability, practicability, evidence.

প্রায়, প্রায়ঃ,—কিঞ্চিৎ ন্যূন সমস্ত, ময়, তুল্য, দৃক্, almost, nearly; *in compos*: abounding in, like, resembling.

প্রায়শঃ, অল্পাপেক্ষায়, অধিকাংশতঃ, বাহুল্যরূপে, পুনঃ২, প্রায়সর্ব্বদা, almost, nearly, mostly, nearly all, largely, abundantly, frequently, generally. [ment.

প্রায়শ্চিত্ত, পাপমাত্র নাশক কর্ম্ম, a penance, expiation, atone-

প্রায়িক, কিঞ্চিৎ ন্যূন সমস্ত, nearly all, nearly, almost.

প্রারব্ধ, অনুষ্ঠিত, অদৃষ্ট, begun, fixed by fate; destiny, fate.

প্রারম্ভ, উপক্রম, অনুষ্ঠান, a beginning, a commencement.

প্রার্থক, নিবেদনকারী, মাঙ্গনিয়া, যাচক, বাঞ্ছিতা, পদাভিলাষী, supplicating, supplicatory; a wisher, requester, solicitor, suitor, candidate.

প্রার্থন, মাঙ্গন, যাচন, বাঞ্ছন, to ask, desire, supplicate, pray.

প্রার্থনা, প্রাপ্তীচ্ছা, নিবেদন, যাচ্ঞা, বাঞ্ছা, a request, prayer, petition, supplication, desire.

প্রার্থয়িতা, যাচক, মাঙ্গনিয়া, a petitioner, one who prays, &c.

প্রালব্ধ্য, প্রালব্ধ,—অদৃষ্ট, প্রাক্তন, fate, destiny, predestination.

প্রাশন, ভক্ষণ, আহার, an eating, a meal.

প্রাশস্ত্য, বৃহত্ত্ব, বিস্তর, প্রসার, উত্তমতা, উৎকর্ষ, largeness, extent, capaciousness, excellence.

প্রাশী, ভোজনকারী, ভোক্তা, eating, feeding.

প্রাসাদ, অট্টালিকা, দেবালয়, a palace, a temple.

প্রাহ্ণ, দিবসের পূর্ব্বভাগ, the forenoon, the morning.
প্রিয়, স্নেহপাত্র, হিত, মনোরম, beloved, dear, amiable, agreeable, grateful, pleasant. [sant.
প্রিয়ঙ্কর, মনোহর, মনোরঞ্জক, amiable, exciting regard, plea-
প্রিয়ম্বদ, প্রিয়ভাষী, মিষ্টবাদী, saying agreeable things.
প্রীণন, তৃপ্তি, অরুচি, অনিচ্ছা, satisfaction, fulness, satiety.
প্রীত, স্নিগ্ধ, প্রেমপাত্র, তৃপ্ত, তুষ্ট, beloved, esteemed, satisfied, happy, pleased.
প্রীতি, প্রণয়, স্নেহ, প্রশ্রয়, তুষ্টি, সন্তোষ, রতি, তৃপ্তি, love, affection, esteem, regard, gratification, enjoyment, pleasure, satisfaction.
প্রীতিমান, স্নেহযুক্ত, প্রণয়ী, বৎসল, loving, affectionate, kind.
প্রেক, কীলক, শঙ্কু, a nail, a peg, a pin. [see, discern.
প্রেক্ষণ, অবলোকন, হেরণ, to view, survey, observe, behold,
প্রেঙ্খন, ঝুলন, দোলন, নড়ন, to hang, be pendent, swing, shake.
প্রেঙ্খা, দোলা, a swing, hammock, travelling litter.
প্রেত, মৃত, পিশাচ, নরকস্থপ্রাণী, departed, deceased; a ghost, spirit, goblin, spectre, fiend.
প্রেতকর্ম্ম, প্রেতকার্য্য,—ঔর্দ্ধদেহিকাদিক্রিয়া, অন্ত্যেষ্টিক্রিয়া, funeral ceremonies, obsequies.
প্রেতপতি, যম, Yama or the regent of death.
প্রেত্য, পরকালে, in the next world, in the world of spirits.
প্রেতনদী, বৈতরণী, the river of hell or Hindoo Styx.
প্রেম, স্নেহ, প্রণয়, বাৎসল্য, বন্ধুতা, রতি, ক্রীড়া, love, affection, attachment, tenderness, intimacy, friendship, pleasure, enjoyment, pastime, sport, fondling, caressing. [acquaintance.
প্রেমী, স্নেহকারী, মিত্র, পরিচিত, loving, affectionate; a friend,
প্রেয়ান্, প্রেয়সী,—স্নিগ্ধ, স্নেহপাত্র, *m.* & *f.* dear, best beloved.
প্রেরণ, পাঠান, আদেশন, নিযোজন, প্রবৃত্তি জন্মান, to send, despatch, give orders, command, appoint, delegate, instigate, cause. [mander.
প্রেরয়িতা, প্রেরক, আদেশক, one who sends or orders, a com-
প্রেরিত, পাঠান, নিযোজিত, প্রয়োজ্য, সম্বাদক, দূত, sent &c; a messenger, ambassador, apostle.
প্রেষণ, পাঠান, আদেশন, to send, order, command, direct.

প্রেষ্ঠ, অত্যন্ত স্নেহপাত্র, greatly beloved, outstripped.

প্রেষ্য, দূত, ভৃত্য, দাস, a messenger, servant, slave.

প্রোক্ত, কথিত, উল্লেখিত, said, spoken, declared, uttered.

প্রোক্ষণ, শুদ্ধ্যর্থজলপ্রক্ষেপণ, শমন, বলিদান করণ, to sprinkle ceremonially, to slaughter for sacrifice, immolate.

প্রোক্ষণীয়, যজ্ঞীয়, প্রোক্ষণ দ্বারা সংস্কার্য্য, sacrificial, requiring to be ceremonially sprinkled.

প্রোৎসাহ, অত্যন্ত প্রয়াস, প্রবৃত্তি, effort, exertion, a stimulus, [incitement.

প্রোৎসাহক, প্রবর্ত্তক, মন্ত্রণাকর্ত্তা, an instigator, stimulator, adviser.

প্রোথিত, পোতিত, গাড়া, fixed or buried in the earth.

প্রোষিত, বিদেশস্থ, প্রবাসী, দেশান্তরবাসী, abroad, absent, away from home, sojourning in a foreign country.

প্রোষিতপতিকা বা ভর্ত্তৃকা,—বিদেশগতস্বামিনী, a woman whose husband is absent or gone a journey.

প্রৌঢ়, বয়ঃপ্রাপ্ত, বিবাহিত, বৃদ্ধ, গর্ব্বিত, ঠেঁটা, বিতণ্ডিত, অস্বীকৃত, adult, full grown, married, old, arrogant, confident, controverted, disputed.

প্রৌঢ়া, বিবাহিতা, ত্রিশ বৎসরাবধি পঞ্চান্ন বৎসরপর্য্যন্ত বয়স্কা, কামুকী, a married woman, one from the age of 30 to 35 years, an amorous female.

প্রৌঢ়ি, উদ্যোগ, দুঃসাহস, পূর্ব্বপক্ষ, বাদানুবাদ, বিতণ্ডা, enterprize, zeal, rashness, an affirmation, a controversy, investigation.

প্লক্ষ, অশ্বত্থ, পাকুড়, the holy fig tree, the wave-leaved [fig tree.

প্লব, ঝম্পা, লম্ফ, ডুব, মজ্জনা, ভাসনি, প্রেরণ, ভেলা, ডুবারু পক্ষী, মণ্ডূকবানরমেষাদি, ঢাল, গড়ান, জলাশয়, দীর্ঘ স্বর, শত্রু, নাগরমুথা ঘাস, a jump, leap, plunging, diving, floating or swimming, a sending or directing, a raft, float, the diver bird, whatever goes by leaps or jumps, as frogs, monkies, sheep, &c. a declivity or shelving ground, a piece of water, a basket for catching fish, a protracted accent, an enemy, a sort of grass.

প্লবগ, বানরভেকাদি, প্লুতগতিকর, a monkey, a frog &c. whatever moves by leaps.

প্লবন, লম্ফন, প্লুত দিয়া গমন, ডুব দেওন, to leap, jump, gallop, [plunge.

প্লাবন, বন্যা, উপ্চন, বিকীর্ণন, ছিটান, a deluge, flood, inundation; to overflow, inundate, suffuse, sprinkle.

প্লীহা, পিলুই, গুল্ম, রোগ বিশেষ, the spleen, a diseased enlargement of the spleen.

প্লুত, উল্লম্ফিত, জলাকীর্ণ, ব্যাপ্ত, লাফা, ঝম্প, কুন্দন, দীর্ঘস্বর, jumped, overflowed, suffused, sprinkled; a gallop, leap, a skipping or capering, a grave accent.

ফ.

ফকন, হারণ, চটন, পণ্ড হওন, নাফলন, to fail, miscarry, to disappoint, to mock expectation.

ফকান, হারাণ, ভুলান, to cause to fail, disappoint, balk.

ফক্কক, ব্যর্থ, নিরর্থক, অফলক, মিথ্যা, ছলনিয়া, বঞ্চক, ধূর্ত্ত, failing, disappointing, balking, delusive, pretending, imposing ; a rogue, a cheat. [ment.

ফক্কা, পূর্বপক্ষ, বিতণ্ডা, a position or thesis, assertion, argu-

ফক্কিকা, পূর্বপক্ষ, সিদ্ধান্তাভাস, ফাকী, ছলনা, ধূর্ত্ততা, প্রবঞ্চনা, কৌশল, বিশ্বাসঘাত, পণ্ডশ্রম, আশাভঙ্গ, *id*: also—a sophism, deception, delusion, trick, fraud, illusion, stratagem, treachery, failure, disappointment.

ফক্কা, ফত্বা,—দীনহীন, নির্ধন, কঙ্গাল, penniless, poor.

ফঙ্গ, অফলক, নিরর্থক, disappointing, failing.

ফঙ্গমানী, ফঙ্গবানী,—মিথ্যা, অসার, অপ্রকৃত, অশক্ত, unsubstantial, tinsel, slight, weak. [speckled.

ফট্কা, পথছাড়িয়া, পেঁচ, চিত্রিত, a straggler, a dilemma;

ফট্কারী, ফট্কিরী,—স্ফট, বণিক দ্রব্য বিশেষ, alum.

ফটিক, কাচ, স্ফটিক, chrystal, quartz.

ফড়, পাশক্রীড়া বিশেষ, a peculiar game at dice.

ফড়কি, পল্লব, রলা, ক্ষুদ্র শাখা, a twig, a small branch.

ফড়িঙ্গ, পতঙ্গ বিশেষ, উচুঙ্গা, পঙ্গপাল, a grasshopper, a cricket, a locust. [petty shopkeeper.

ফড়িয়া, ছুটালিয়াব্যাপারী, ক্ষুদ্র বেণ্যা, a pedlar, retail dealer,

ফড়্ফড়ানী, ফড়্ফড়ানিয়া,—বাবদূক, বহুবক্তা; loquacious, talkative, garrulous, voluble. [pella.

ফণা, স্ফট, সর্পের প্রসারিত মস্তক, the hood of the cobra di ca-

ফণাধর, ফণধর, ফণী,—সর্প, a snake, the hooded snake or cobra capella. [a commencement.

ফন্দী, ছল, ছুতা, পাশ, অনুষ্ঠান, a machination, artifice, snare,

ফরসা, নির্ম্মল, স্বচ্ছ, clean, clear, limpid, transparent.

ফর্ফরণ-আণ, দম্ভ করণ, বড়াই করণ, to assume consequence, to brag, to boast, to look big.

ফল, বৃক্ষাদির শস্য, উৎপন্ন, শেষ, হিতাহিত, প্রয়োজন, উপকার, অভিপ্রায়, গুণ, লাভ, ব্যাজ, কর্ম্মভোগ, ইষ্টসিদ্ধি, ফাল, বাণাদির অগ্রস্থিত লৌহ, ছুরিকার দল, fruit, produce, result, consequence, effect, advantage or disadvantage, utility, benefit, sense, meaning, quality, property or virtue, gain, profit, interest on money &c, reward or punishment, success, a ploughshare, a spear or arrow head, the blade of a knife, the second term in proportion. [slate, a ploughshare.

ফলক, ঢাল, লিখিবার পাট, ফাল, a shield, a writing board, a

ফলকী, ঢালী, carrying a shield, armed with a shield.

ফলতঃ, বস্তুতঃ, অর্থাৎ, in reality, indeed, that is to say, in other words.

ফলদ, ফলদায়ী,—সফল, প্রয়োজক, হিতজনক, কর্ম্মভোগদাতা, fruitful, yielding fruit, advantageous, beneficial, giving the fruit or just reward of an action.

ফলন, ফল দেওন, উৎপাদন, ইষ্ট সাধন, অনুবর্ত্তন, ঘটন, to bear fruit, yield, produce, to succeed, prosper, result, ensue as a consequence.

ফলন্ত, ফলবন্ত,—ফলযুক্ত, লাভজনক, fruitful, advantageous.

ফলমুখ, শস্য, ক্ষেত্রোৎপন্ন, a harvest, a crop.

ফলশ্রুতি, কর্ম্মের প্রবৃত্তিনিমিত্ত প্রলোভজনক বাক্য, passages of the Veds, treating of the consequences of works.

ফলা, সংযুক্তাক্ষর, বাণাদির অগ্রস্থিত লৌহ, হাতার খুরী, ফলযুক্ত, a compound letter, the head of a dart or arrow, the bowl of a spoon ; abounding in fruit.

ফলাঙ্গ, প্লুতগতি, a moving by leaps, springs or jumps.

ফলাট, শিল, গোযোনি, a stone for grinding paint on, &c: the pudendum of a cow.

ফলান, ফলোৎপাদন, লাভ জন্মান, বাটন, to bring forth fruit, make fruitful, fructify, cause advantage, to mix or grind colours &c. on a stone.
ফলাফল, লাভালাভ, হিতাহিত, success or failure, advantage or disadvantage. [a feast, a banquet.
ফলাহার, ফলার,—বৃক্ষের শস্য ভক্ষণ, ভোজ, a feeding on fruits,
ফলিত, ফলবিশিষ্ট, fruit-bearing, filled with fruit. [say.
ফলিতার্থ, নিষ্কৃষ্টার্থ, অর্থাৎ, on the whole, in fine, that is to
ফলিন্, ফলবান্, লাভজনক, fruitful, advantageous, profitable.
ফলী, ফলযুক্ত, সফল, বাণাদির অগ্রস্থিত লৌহ, ছুরিকার দল, ফাল, fruit-bearing, in fruit; a spear or arrow head, the blade of a knife, a ploughshare.
ফলোদয়, কর্ম্মবিপাক, প্রতিফল, লাভ, প্রাপ্তি, কার্য্যসিদ্ধি, the natural consequences of actions, recompense, benefit, profit, success, accomplishment of an object.
ফল্গু, ফাগু, the red powder used at the Huli festival.
ফল্গূৎসব, দোলযাত্রা, হুলি, the Huli festival. [mockery.
ফষ্টি, গদ্দি, পরিহাস, বিদ্রূপ, a jest, joke, banter, raillery,
ফষ্টা, ভণ্ড, রসিক, a jester, banterer, wag.
ফস্কা, আলগা, ঢীলা, অশক্ত, শ্লথ, ব্যর্থ, নিরর্থক, পাণ্ডুর, loose, slack, lax, flaccid, insecure, useless, ineffectual, pale as a colour.
ফাও, ব্যাজ, an overplus, make-weight, allowance.
ফাঁড়, উদর, the belly, the belly of a pitcher, &c.
ফাঁদ, কল, পাশ, জাল, a snare, trap, noose, net.
ফাঁদনী, কৌশল, উপায়, অনুষ্ঠান, a machination, device, a commencement. [commence.
ফাঁদন, ঝাঁপন, কুঁদন, আরম্ভণ, to leap, jump, prance, skip,
ফাঁপ, ফোস্কা, বুদ্বুদ, স্ফীতি, a blister, a bubble, a hollow tumour, a puffy swelling.
ফাঁপন, ফুলন, বাড়ন, পাকন, to become tumid, swell, blister, be puffed or hollow, to rise as bread, &c.
ফাঁপা, ফোস্কা, ফুলা, a blister, bump, tumour, spungy swelling.
ফাঁপান, ফুলান, বায়ুস্ফীত করণ, to puff up, inflate, distend, fill with air. [tumidity, elasticity.
ফাঁপামী, স্ফীতভাব, ফুলামী, puffiness, hollowness, spunginess,

ফাঁস-ী, ফাঁদ, পাশ, a noose, loop, slip-knot, toil, snare.
ফাক, ফাটা, ছিদ্র, বিদার, চির, তর্‌সা, অন্তর, ভঙ্গ, a chink, fissure, cleft, chasm, split, an interval, interstice, aperture, open space, vacancy, a fracture, a rupture. [subterfuge.
ফাকড়া, প্রবঞ্চনা, ছল, ব্যাজ, an imposition, cheat, evasion,
ফাকা, অনাহার, চূর্ণীকৃ দ্রব্য, a fasting from want or sickness, any powdered substance.
ফাকী, প্রতারণা, ছলনা, উপায়, কৌশল, ব্যাজ, চূর্ণ, পূর্বপক্ষ, deceit, imposture, illusion, fraud, an imposition, trick, stratagem, subterfuge, any powder, an allegation, assertion, position.
ফাকুড়িয়া, ধূর্ত্ত, ছলী, a knave; knavish, roguish, perfidious.
ফাগু, ফল্গু, রক্তবর্ণ চূর্ণ বিশেষ. a red powder.
ফাটন, স্ফুটন, বিদরণ, চিরণ, ভাঙ্গন, চটন, to crack, chap, split, break, burst, break out in spots or blotches.
ফাটল-া, ছিদ্র, ফাক, রন্ধ্র. a crack, chink, peep-hole, vent.
ফাটান, ভাঙ্গান, চিরাণ, বিদারণ, to crack, split, cleave, &c.
ফাটাল, তর্‌সা, চির, ছিদ্র, a fissure, rent, crack, split.
ফাড়ন, চিরাণ, বিদারণ, খণ্ডন, to cleave, rive, tear, divide.
ফাণিত, খাঁড়, ফেণি, raw sugar, inspissated cane juice.
ফাতা, ফাতনা,—শোলা, ছিপের শর, a net-buoy, the float of a fishing line. [arrow-head, knife-blade.
ফাল-া, লাঙ্গলবাণাদির অগ্রস্থিত লৌহ, ছুরিকার দল, a ploughshare,
ফালপড়ন, চষণ, ভূমি বিদারণ, to plough.
ফালপাড়ন, ঝাঁপন, কুঁদন, to leap, jump, skip, prance.
ফালা, ফালী,—কাষ্ঠাদির দীর্ঘাকার খণ্ড, কুচি, কাণি, টুকি, a small board, a chip, slip, strip, slice.
ফাল্গুণ, শিশিরকালের দ্বিতীয় মাস, the second spring month.
ফাল্লা, ভূমির ছিদ্র, cracks and fissures in the soft earth.
ফাসা, ছিদ্র, ফাক, a chink, a crack, an opening.
ফিক, ফিঁক,—ঠেস, ঠেকুয়া, পুস্তা, চিতার চাপিবার বাঁশ, হঠাৎ বেদনা, খোঁচা, a prop, lever, shoar, a bamboo used to prevent a woman's escape from the funeral pile, a stitch or sharp and sudden pain.
ফিকনা, ঠেস, অবলম্ব, a prop, staunchion, stay.

ফিকা, পাণ্ডুর, ম্লান, light-coloured, pale, faded.
ফিঙ্কি, স্ফুলিঙ্গ, অণু, কণা, বিন্দু, a spark, particle, atom, drop.
ফিঙ্গা, শিকা, ছিট্‌কা, পক্ষী বিশেষ, a sling, a species of bird.
ফিচাল, ধূর্ত্ত, শঠ, নিপুণ, artful, clever, ingenious.
ফির, ঘুরণি, মণ্ডল, আশাভঙ্গ, ঝঞ্ঝাট, আপদ, a revolution, a circle, a round-about way, a disappointment, any adverse circumstance.
ফিরণ, উল্টন, বিগড়ন, ঘুরণ, বাহুড়ন, পুনর্দেওন, ভ্রমণ, বেড়ান, to turn, change, alter, veer, turn or move round, revolve, return, to refund, restore, to wander, rove, travel about.
ফিরণিয়া, ভ্রমণিয়া, পর্য্যটক, a traveller, rover; roaming, wandering, &c.
ফিরৎ, পুনরাবৃত্ত, পুনরাগত, পুনরানীত, পুনদত্ত, returned, come, brought or given back.
ফিরতী, ঘূর্ণি, প্রতিদান, a revolving, turning, the return of an article.
ফিরাণ, ঘুরাণ, পুনঃপ্রদান করণ, লেপন, অন্যথাকরণ, to cause to turn, circulate or revolve, to give back, refund, to plaster, to alter, change,-কহন, to prevaricate,-লওন to receive or take back, পাওন to recover, resume.
ফিরাণিয়া, লেপনিয়া, লাগানিয়া, a plasterer; plastering.
ফিরে, পুনঃ, পুনশ্চ, আরবার, পুনরায়, again.
ফিস্‌ফিসনী, সূক্ষ্মবৃষ্টিপাত, ভুড়্‌ভুড়ানী, কর্ণেজপ, a drizzling rain, a whispering, a whisperer.
ফুঁকন, ফুট্‌করণ, to blow with the mouth or breath.
ফুঁড়ন, বিন্ধন, ভেদন, to pierce, penetrate, pierce or pass through.
ফুঁপন, ডুকরণ, হাঁপন, শিশ্‌ দেওন, to sob, breathe short, hiss as a serpent.
ফুকর, ফুকার,—ছিদ্র, অন্তর, a crack, fissure, vent hole, space.
ফুকরণ, হাঁকন, ডাকন, to hoot, halloo, call to, bawl, shout.
ফুট, বিন্দু, দ্রাবক, ফল বিশেষ, a drop, a solvent or menstruum, a kind of melon.
ফুটন, স্ফুটন, গজন, ফুলন, বক্কন, বিম্‌কী দেওন, অকস্মাৎ প্রকাশ হওন, বিন্ধন, to burst, break, burst open, expand, swell, boil or bubble up, to gush out, to emerge, break forth, to pierce, to prick.

ফুটা, বিদীর্ণ, বিকসিত. ফট্কা, split, torn, pierced, open, blown; a straggler. [cause to boil, &c.

ফুটান, বিদারণ, বিন্ধন, গুতন, বক্কান, to split, tear, pierce, stab,

ফুৎকার, মুখহইতে বায়ুত্যাগ, ফুঁকন, a blast of the breath, the act of blowing. [exorcise; exorcism.

ফুয়ান, ধমান, ব্যয় করণ, উড়ান, ভূত ছাড়ান, to kindle, exhaust,

ফুরণ, ব্যয় হওন, অকুলান, টুটন, নিবড়ন, ক্ষয়ণ, পড়ন, to be expended, spent, exhausted or finished, to waste, decay. [entirely.

ফুরাণ, ব্যয়করণ, উড়ান, নিবড়ান, to exhaust, spend, finish

ফুল, পুষ্প, মুকুল, রজস্, কুষ্ঠ, ছানী, a flower, mineral flowers, a bud, blossom, the menstrual flux, leprosy, a cataract or film on the eye.

ফুলখড়ী, চূর্ণ খটিকা, pure or powdered chalk.

ফুলগন্ধক, চূর্ণ গন্ধক, flowers of sulphur, brimstone.

ফুলফুলিয়া, পরিষ্কৃত, বস্ত্রবিলাসী, বাঁকড়া, neat in dress, foppish, priggish; a beau, a fop, &c.

ফুলরী, বড়া, cakes or nuts of flour fried in oil.

ফুলা, গর্ভপুষ্প, ফাঁপা, মাংসস্ফীতি, চুল্কনাদি, স্ফীত, ফাঁপান, the secundines or after birth, a bump, a swelling, an eruption; tumid, spongy, swollen.

ফুলন, ফাঁপন, প্রস্ফোটন, পাকন, স্বপ্রকাশ করণ, মুকুলন, to swell, become inflated or turgid, &c. to rise, ferment, to strut, look big, to blossom, blow.

ফুলান, পুষ্পোৎপাদন, মুকুলান, ফাঁপান, to blossom, bloom, cause to bloom, cause to swell, inflate.

ফুলামী, ফাঁপামী, স্ফীতভাব, গরিমা, দাম্ভিকতা, ঠেকার, expansive, elastic; elasticity, expansiveness, sponginess, tumidity, a swelling with pride, haughtiness.

ফুলী, ছানী, a film, speck or cataract on the eye.

ফুল্কা, মৎস্যের কাণকুয়া, স্ফুলিঙ্গ, অগ্নিকণা, the bronchiæ or gills of a fish, a spark of fire.

ফুল্ল, বিকসিত, প্রস্ফুটিত, প্রসারিত, open, blown, expanded.

ফুল্লারবিন্দ, প্রস্ফুটিত পদ্ম, বস্ত্রবিলাসী, an expanded water-lily, a fop, a beau.

ফুস্কী, মরুৎক্রিয়া, the report of wind expelled backwards.

ফুসী, নির্ধনী, কাঙ্গাল, তুচ্ছ, penniless, poor, contemptible.
ফুস্কুড়ী, অতিক্ষুদ্র ব্রণ, a pimple, carbuncle, small boil.
ফুস্ফুস, ফোপ্সা, কাণে কহা, the lungs, a whisper, a whispering.
ফুস্ফুসনি, কাণে কহা, ভুড়ভুড়ি, a whispering. [flatter, seduce.
ফুসলান, লওয়ান, ভুলান, to coax, wheedle, cajole, inveigle,
ফেঁপন, ফুলন, বাড়ন, উঠন, to swell, rise, ferment, spring up.
ফেঁপরা, ফোপ্সা, ফাঁপান, স্ফীত, ফুলা, অসার, the lungs ; spongy, puffy, blown, light, hollow.
ফেকুড়া, ফেকুড়ী,-ড়ৢরলা, পল্লব, a sprig, slip, twig, switch.
ফেটী, লুটী, a skein or reel of thread or silk.
ফেণ-া, গাঁজ, মলা, foam, froth, spume, scum.
ফেণি, গুড়, খাঁড়, মিষ্টান্ন বিশেষ, raw sugar, inspissated cane juice, a kind of sugar-plums.
ফেণিল, গাঁজলা, মলাযুক্ত, foamy, frothy, covered with scum.
ফের, পুনঃ, পুনরায়, দায়, উল্টা, আপদ, আটক, আশাভঙ্গ, ছল, পেঁচ, বেড়, again, back, back again ; a peril, reverse, obstacle, disappointment, a scheme, plot, a winding, round about, compass.
ফেরৎ, প্রতিদত্ত, পুনঃপ্রাপ্ত, given back, returned in trade.
ফেরণ, ঘুরণ, আবর্ত্তন, উল্টন, বাহুড়ন, বেড়ান, ছাপিয়া থাকন, to turn round, spin, wind, veer, return, rove, ramble, go about, take the air, to lurk, to skulk.
ফেরতা, বিগাড়, অন্যথা, পরিবর্ত্ত, তান বিশেষ, a change, alteration, a variation of notes or sounds in music.
ফের্ফার্, অন্যথাকরা, উল্টা, বৈপরীত্য, ব্যতিক্রম, আপদ, উল্টাপাল্টামি, জঞ্জাল, a variation, transposition, vicissitude, perversion, confusion, disorder.
ফেরব, ফেরু,—শৃগাল, জম্বুক, a jackal.
ফেরা, ঘূর্ণি, চক্রগমন, পর্য্যটন, বেড়ানি, পুনরাবৃত্তি, ব্যতিকর, পরিমাণ পাত্র বিশেষ, a turn, revolution, circuit, voyage, a walk, a return, a reverse, a dry measure.
ফেলন, হস্তাদি দ্বারা নিক্ষেপণ, ঢালন, উল্টান, সরাণ, উড়ান, বিরাম করণ, ত্যজন, ছাড়ন, to throw, cast, fling, throw down or away, to pour, spill, shed, overset, toss, displace, to squander, dissipate ; -রাখন, to put off, adjourn, to waive, give up.

ফেলা, নিক্ষিপ্ত, ছাড়া, নিক্ষেপ, উচ্ছিষ্ট, thrown or cast away; a throw or cast, refuse, leavings.

ফোঁড়ন, ফোটন-আন,—বিন্ধন, গুতন, আঁচড়ান, সুরঙ্গ করণ, ধুনন, সাঁতলান, to pierce, stab, transfix, run through, prick, scratch, to undermine, to card cotton, to season food or sauce with spices, &c.

ফোঁপন-আন, ফুকরণ, হাঁপন, to sob, heave, breathe short.

ফোঁপর-া, ফাঁপান, ফোপ্সা, hollow, spungy, light; the lungs.

ফোটা, বিন্দু, ছিটা, তিলক, a drop, spot, stain, sectarial mark.

ফোড়, নিড়ানী, বর্ম্মা. a weeding instrument, awl, spatula.

ফোড়া, বিস্ফোট, ব্রণ, আঁচড়, a boil, tumour, scratch.

ফোপ্সা, ফেঁপরা, পটকা, ক্লোম, the lungs, the bladder. [&c.

ফোলন, বাড়ন, স্ফীত হওন, to swell, become enlarged, distended,

ফোলান, ফাঁপান, চিড়ান, কোপাণ, to cause to swell, &c. to aggravate, fret, anger, provoke. [&c.

ফোস্কা, জলপূর্ণ স্ফীতচর্ম্ম, a blister on the skin from a burn,

ফৌতিক, আগন্তুক লাভ, উপলব্ধি, perquisites of office, avails, &c.

## ব

বউ, স্ত্রী, বধু, a wife, a son's wife; used also as a vocative in addressing any respectable female.

বংক্ষণ, কুচ্‌কি, কটিদেশ, ক্রোড়, করকমা, the groin, the hip, the pubic and iliac regions.

বংশ, কুল, গোত্র, পিত্রাদি পরম্পরা, সন্ততি, মেরুদণ্ড, বাঁশ, বেণু, race, lineage, family, kindred, pedigree, parentage, the spine or back-bone, a bamboo, a flute, pipe, fife. [a race.

বংশকর, কুলস্থাপক, কুলরক্ষক, founding a family, continuing

বংশজ, সদ্বংশজাত, কুলজাত, born of a noble family, of such a family. [race.

বংশজনক, আদিপুরুষ, কুলজনক, a progenitor; producing a

বংশধর, কুলযুক্ত, কুলরক্ষক, having or supporting a family.

বংশলোচন, বাঁশের মধ্যে জনিত শুভ্র বস্তু, ত্বক্ক্ষীর, bamboo manna, (so called.) [nealogical table.

বংশাবলি, কুলজী, পূর্ব্বপুরুষনামশ্রেণী, a pedigree, genealogy, ge-

বংশী, মুরলী, বেণু, a flute, fife, pipe, whistle.
বংশীধর, বেণুধারী, কৃষ্ণ, a flute player, Crishna.
বংশীয়, বংশ্য,—কুলজ, গোত্রজ, lineal, descended from, belonging to a race or family.
বক, ক্রৌঞ্চ, কঙ্ক, a crane, a heron.
বকন-আন, নিরর্থক বাক্য কহন, জল্পন, কথন, বলন, to prate, prattle, chatter, talk idly, speak.
বকনা, অপ্রসূতা স্ত্রীগো, a heifer, a young cow.
বকনি, জল্প, গল্পাসল্প, বৃথাকথা, talkativeness, prating, chattering, idle talk.
বকাণ্ডপ্রত্যাশা, বৃথাশ্বাস, মিথ্যা ভরসা, vain hope, fruitless expectation.
বকুয়া, বাবদূক, গল্পিয়া, garrulous, talkative, prating, chattering.
বক্তব্য, কহিবার যোগ্য, বচনার্হ, fit to be spoken, proper to be mentioned.
বক্তা, কথক, সুকথক, বাচাল, a speaker, a fluent person, a great talker.
বক্ত্র, মুখ, আস্য, the mouth, the face.
বক্‌বকান, বহুজল্পন, বড়্‌বড়ান, to talk much, grumble, mutter. murmur.
বক্র, বাঁকা, নত, কুড়োল, টেরা, পেঁচাল, প্রতিকূল, ক্রূর, ঠেঁটা, খল, crooked, curved, bent, deformed, distorted, awry, tortuous, winding, intricate, adverse, cruel, churlish, perverse, dishonest.
বক্রদৃষ্টি, গঙ্গচক্ষুয়া, টেরাদৃষ্টি, squint-eyed, squinting.
বক্রা, বক্রী,—ছাগলছাগলী, অজঅজা, a goat, (male & female.)
বক্রী, বেঁকা, নত, ক্রূর, প্রতিকূল, অবশেষ, crooked, bent, &c. cruel, adverse; a remainder, overplus, arrears.
বক্রোক্তি, টালমটাল, শ্লেষ, দ্ব্যর্থকথা, an evasion, equivocation, a double entendre, a pun.
বক্ষ, বক্ষস্থল,—উরঃ, বুক, ক্রোড়, the breast, chest, bosom.
বক্ষোজ, স্তন, কুচকলিকা, the female breasts or bosom.
বক্ষ্যমাণ, যাহা কহা যাইবে, কথয়িতব্য, hereafter to be mentioned or described.
বগা, ক্ষুদ্র খড়্গ, a small sword or hanger.
বঙ্ক, নদীর বাঁক, আড়, the turn or bend of a river, a reach.
বঙ্কিম, বক্র, পেঁচাল, পাকপড়া, crooked, tortuous, winding, bending.
বঙ্গ, রাঙ্গ, সীসা, কার্পাস, বাগুন, tin, calx of tin, lead, cotton, [the egg plant.

বচন, কথা, বাক্য, ভাষা, সূত্র, ঋষিপ্রণীত পদ্য, a speech, sentence, word, voice, discourse, language, a rule, an aphorism. [censurable.
বচনীয়, কথনীয়, নিন্দনীয়, proper to be spoken, utterable,
বচসা, বচাবচি,—বিবাদ, ঝকড়া, বিরোধ, discord, wrangling, squabbling, disputing, altercation.
বচস্কর, আজ্ঞাবহ, বশীভূত, obedient, subordinate.
বচ্ছ, বাছুর, বৎসতর, বালক, শাবক, a calf, a steer, a child, any young animal. [velling boat.
বজরা, আচ্ছাদনযুক্ত বৃহৎ নৌকা বিশেষ, a Budgerow or tra-
বজ্র, ঝঞ্ঝনা, হীরক, কঠিন, অভেদ্য, আড়, কোণুয়া, a thunderbolt, a diamond ; hard, adamantine, impenetrable, cross, crosswise, forked.
বজ্রনিস্বন, দেবগর্জ্জন, মেঘনাদ, a clap of thunder.
বজ্রপাণি বা হস্ত,—বজ্রবিশিষ্ট অর্থাৎ ইন্দ্র, Indra, *i. e.* wielding the thunderbolt. [and resolute.
বজ্রবাঁটুল, ক্ষুদ্রকায় সাহসী লোক, one small in size but hardy
বজ্রাভ, গোদন্তবৎ মণি বিশেষ, the chalcedony or opal.
বঞ্চক, প্রতারক, ধূর্ত্ত, শৃগাল, a knave, rogue, cheat, deceiver, a jackal. [upon.
বঞ্চন, ঠকান, ভুলান, to cheat, swindle, deceive, impose
বঞ্চনা, প্রতারণা, ছলনা, ঠকামি, swindling, fraud, imposition, deceit, deception. [cowry.
বট, ন্যগ্রোধ বৃক্ষ, এক কড়ি, the Indian fig tree, a single
বটিকা, বটী,—ঔষধের গুলী, বর্ত্তুল, a pill or bolus, a ball.
বটিয়া, কেরবাল, ক্ষুদ্র দাঁড়, a small oar or paddle.
বটী, রজ্জু, মালার দানা, জপমালা, রাজকর, a rope, a bead, a rosary, a sort of knife, an import, excise.
বটু, পরিচারক ব্রাহ্মণ, a Brahmachári after investiture.
বটে, স্বীকার বোধক শব্দ, হাঁ, অবশ্য, বস্তুতঃ, সত্য, ভাল, yes, indeed, truly, actually, verily, true, right.
বট্‌কারা, ব্যঙ্গ, বিদ্রূপ, banter, mocking, waggishness.
বট্‌কারিয়া, রসিক, কৌতুকী, a wag, banterer, mocker.
বড়, বৃহৎ, প্রশস্ত, ভারী, শ্রেষ্ঠ, ধনী, জ্যেষ্ঠ, অতিশয়, large, big, great, spacious, important, supreme, chief, noble, wealthy, elder, senior; very, too.

বড়বা, ঘোটকী, অশ্বিনী, দাসী, a mare, the nymph Ashwiní, a female slave.

বড়বাগ্নি, বড়বানল,—জলস্থিত অগ্নি, ঔর্ব, submarine fire, a mythological being.

বড়বাভৃত, পরদাসীর জার, the gallant of another's slave-girl.

বড়মা, আপদ, বিপত্তি, misfortune, calamity personified.

বড়শা, শূল, বলম, টেঁটা, a spear, javelin, harpoon.

বড়শী, বড়িশ,—মৎস্য ধরণার্থ টোপাবৃত লৌহাস্ত্র, a fish-hook.

বড়া, ফুলরী, cakes of ground pulse fried in ghee.

বড়াই, মহত্ত্ব, গৌরব, অহমহমিকা, আত্মশ্লাঘা, greatness, grandeur, assumption, vaunting, vain-glory.

বড়ী, গুলী, গুটী, a ball, pill, bolus. a gingerbread-nut.

বড়ু, সেবাতী, পরিচারক ব্রাহ্মণ, a resident officiating brahmin.

বড়্বড়ান, বক্বকান, জল্পন, to mutter, murmur, grumble, prate, chatter.

বড্ড, বৃহৎ, দুঃসহ্য, great, large, severe *as a wound.*

বড়ই, সূত্রধর, ছুতার, a carpenter.

বণিক, বাণিজ্যকারী, বেপারী, a trader, a merchant.

বণ্ট, বিভাগ, অংশ. a part, portion, share, dole.

বণ্টন, অংশন, পরিবেষণ, বিভাগ করণ, to share, dole or portion out, distribute, divide into shares.

বণ্ঠর, তালাঙ্কুর, বংশকোষ, the Tal or palm shoot, the bamboo sheath.

বণ্ড, মুষ্কমুক্ত, নিষ্ফল, পঙ্গু, ছিন্নপুচ্ছ, ত্বক্‌ছিন্ন, castrated, emasculated, impotent, defective, crippled, docked, circumcised.

বৎ, ন্যায়, সদৃশ, আঠা, *affix* : as, like, similar ; a glutinous substance.

বৎস, বাছুর, যুবা বলদ, শাবক, শিশু, a calf, steer, any young animal, a child, (*a term of endearment.*)

বৎসতর, বৎসতরী,—যুবা বলদ, বকনা, *m. & f.* a steer, a heifer.

বৎসর, বর্ষ, অব্দ, দ্বাদশ মাস পরিমিত কাল, a year.

বৎসল, স্নেহকারী, অনুরাগী, fond, affectionate, kind.

বদন, মুখ. আস্য. আকার, the face, countenance, visage, form.

বদন, কহন, বলন, প্রকাশন, to speak, say, tell, declare.

বদান্য, দাতা, দানশীল, উদার. bountiful, munificent, liberal.

বদ্ধ, বন্দী, বন্ধনগ্রস্ত, বাঁধা, রুদ্ধ, আট্কান, অস্রোত, মোদা, শক্ত, জড়, দাবিত, চাপা, নিবৃত্ত, শীলতাপ্রাপ্ত, imprisoned, bound, tied, fastened, confined, restrained, stagnant, shut,

close, firm, squeezed together, staunched, stopped, confirmed in a habit or vice, &c.

বদ্ধক, রক্তপাতনিবারক, a stiptic. [ration.

বদ্ধকফ, শ্লেষ্মাতুর, afflicted with a cold or checked perspi-

বধ, হত্যা, murder, slaughter, an execution, killing.

বধন, মারণ, ঘাতন, to kill, slay, murder, smite, wound.

বধনীয়, বধ্য,—মারণার্হ, হননীয়, deserving death, worthy of death, vulnerable.

বধাবধি, মারামারি, a promiscuous or reciprocal slaughter.

বধিক, বধী,—অপঘাতী, হন্তা, murderous, sanguinary; a murderer.

বধির, শ্রবণেন্দ্রিয়হীন, কালা, deaf, hard of hearing, stunned.

বধু, বধূ,—স্ত্রী, ভার্য্যা, পুত্রের পত্নী, a woman, a wife, a son's wife.

বন, অরণ্য, কানন, বিপিন, উচ্ছট স্থান, জঙ্গল, a forest, desert, wood, grove, thicket, an uncultivated place, or one full of weeds &c.

বনচর, বনচারক,—জঙ্গলী, অরণ্যবাসী, অরণ্যবেড়ানিয়া, wild, sylvan, travelling or dwelling in forests.

বনজ, জঙ্গলী, অরণ্যোৎপন্ন, wild, sylvan, produced in a forest.

বনপ্রবেশ, তপস্যারম্ভ, an entrance upon the life of an ascetic.

বনপ্রিয়, কোকিল, পিক, the Indian cuckoo.

বনবাসী, অরণ্যস্থায়ী, তপস্বী, residing in a forest: an anchorite.

বনমানুষ, চুয়াড়, বৃহৎ বানর বিশেষ, a wild man, the ouran outan.

বনমালী, কৃষ্ণ, নারায়ণ, Crishna.

বনরাজ, সিংহ, পশুপতি, the lion or king of the forest. [&c.)

বনরাজী, শোভাকর বৃক্ষাদি, forest-adorning, beautiful (shrubs

বনস্পতি, পনস ডুম্বরাদি, পুষ্পবিনা যে বৃক্ষের ফল জন্মে, trees bearing fruit without flowers.

বনস্থ, জঙ্গলী, আরণ্য, অরণ্যগামী, উদাসীন, wild, savage, forest; a hermit, an ascetic. [a thing prepared.

বনা, অন্নপাকাদি, প্রস্তুত বস্তু, a preparation (of food, &c.)

বনান, রচন, করণ, নির্ম্মাণ, গঠন, অন্নাদি রন্ধন, to make, manufacture, build, fabricate, frame, mould, to prepare or cook food, &c.

বনায়, বস্তি,—আত্মীয়তা, প্রণয়, প্রশ্রয়, intimacy, friendship, love, affection. [a mistress.

বনিতা, স্ত্রী, সুভগা, প্রিয়তমা a woman, a wife, a beloved wife,

বনুয়া, জঙ্গলী, বনচর, wild, sylvan, belonging to a forest.

বন্দ, বাঁধনী, গ্রন্থি, পটী, পটুকা, রজ্জু, দড়ী, কারাগার, পগার, অনুক্রম, গিরা, ভূমিখান, a fastening, knot, bandage, roller, belt, string, custody, a mound, fence, embankment, regularity, a knuckle, a parcel of ground, a piece of land. [&c.

বন্দক, পূজক, নমস্কারী, a worshipper, one who compliments,

বন্দন, প্রণাম করণ, আদরণ, নমস্কার, পূজা, to salute, to pay reverence or respect; a salutation, reverence, bow, prostration, worship.

বন্দনা, নমস্কার, প্রণাম, আরাধনা, স্তব, গানের প্রথমে মঙ্গলাচরণ, a salutation, bow, adoration, worship, praise, flattery, an introductory ascription of praise to some god at the commencement of Poems &c.

বন্দনীয়, বন্দ্য,—নমস্য, স্তবার্হ, আদরণীয়, আরাধ্য, worthy of respect or praise, venerable, adorable.

বন্দী, স্তুতিপাঠক, শত্রুগুপ্ত, কারাবদ্ধ, a parasite, flatterer, a captive, prisoner. [in confinement.

বন্দীয়ান্, বন্দুয়ান্,—কারাবদ্ধ, আট্কান জন্তু, a prisoner, an animal

বন্দীশালা, কারাগার, a prison, a jail.

বন্ধ, বেড়ী, সংযম, আটক, গ্রন্থি, আঁটনি, রোধ, ব্যাঘাত, বাধা, সংযোগ, শরীর, সংযত, অট্কান, বদ্ধ, রুদ্ধ, bonds, imprisonment, confinement, custody, a tie, fastening, hindrance, obstruction, close connection, intimate union as of body and spirit, the body; bound, confined, fastened, tied, shut.

বন্ধন, বাঁধন, গেঁঠ্যান, রোধন, আট্কান, ঘেরণ, বেষ্টন, কর নিরূপণ, বেড়ী, to tie, fasten, bind, hinder, obstruct, bar, close, shut, confine, imprison, enclose, gird, impose a tax; bonds, fastenings, fetters &c.

বন্ধক, আধি, গচ্ছিত ধনাদি, a pledge, pawn, mortgage.

বন্ধগত, বন্ধনগত,—বদ্ধ, আট্কান, গচ্ছিত, শরীরগত, bound, confined, pledged, embodied, connected with the body.

বন্ধনশালা, বন্ধনীগার,—কারাগার, a prison, a jail.

বন্ধনী, পটী, a bandage, ligament, roller, garter.

বন্ধান, বেতন, a stipend, salary, wages.

বন্দী, শত্রুগৃহস্থ, কারাবদ্ধ, a captive, prisoner, felon. [lation.
বন্ধু, মিত্র, আত্মীয়, জ্ঞাতি, a friend, companion, kinsman, re-
বন্ধুতা, মিত্রতা, আত্মীয়তা, জ্ঞাতিত্ব, friendship, intimacy, acquaintance, relationship. [less.
বন্ধ্য, নিষ্ফল, বাঁঝা, নিঃসন্তান, unproductive, unfruitful, child-
বন্ধ্যা, অফলা, বাঁঝী, রণ্ডা, *f.* barren, sterile, unfruitful.
বন্য, আরণ্য, জঙ্গলী, বনজাত, sylvan, rural, wild, savage.
বন্যা, জলপ্লাবন, a deluge, a flood, an overflowing of water.
বপন, বীজ ক্ষেপণ, বুনন, রোপণ, to sow seed, to weave, to plant. [flesh, a sowing.
বপা, বসা, মাংসের তৈল, বীজক্ষেপ, fat, the marrow of the
বপুঃ, শরীর, দেহ, the body. [father, progenitor.
বপ্তা, বীজক্ষেপক, রোপক, জনক, বীজপুরুষ, a sower, planter,
বভ্রু, বড় বেজী, a large mongoose.
বমন, উদ্গারণ to vomit, throw off the stomach, to retch.
বমি, বমী,—বামক ঔষধি, ছর্দ্দি, an emetic, a vomiting, the substance vomited. [gushing out.
বম্‌কী, ছর্দি, বলেতে জলাদির উর্দ্ধনিঃসরণ, a vomiting, spouting up,
বয়ঃ, আয়ুঃ, গতপরমায়ুকাল, যৌবন, age, time of life, youth.
বয়ঃক্রম, পরমায়ু, জীবনকাল, the allotted period of life, age.
বয়দা, বিফলাণ্ড, an egg not impregnated.
বয়প্রাপ্ত, বয়স্থ,—যুবা, যৌবনবিশিষ্ট, প্রৌঢ়, সবল, young, in the prime of life, middle aged, mature.
বয়স্থা, তারুণ্য, যৌবনাবস্থা, youth, manhood, prime of life.
বয়স্ক, বয়সীয়া,—তদ্বৎসরের, বর্ষীয়, *affix*: of such an age.
বয়স্য, সমানবয়স্ক, সমকালিক, এককালীন, বন্ধু, সখা, of the same age, cotemporary; a contemporary, companion, friend, associate, confidant.
বয়ার, মহিষ, বায়ু, পবন, a buffalo, air, the wind.
বর, প্রদান, ইষ্টদান, প্রতিজ্ঞা, প্রার্থনা, বাঞ্ছিত, পাত্র, স্বামী, শ্রেষ্ঠ, উত্তম, a boon, gift, blessing, promise, wish, desire, request, choice, a bridegroom, husband; *in compos*: chief, excellent, best.
বরং, বরঞ্চ,—অপেক্ষাকৃত শ্রেয়, তদপেক্ষা, অথবা, rather, or rather, but rather, in preference, but, though, nay, on the contrary.

বরগা, কড়িকাষ্ঠ, আড়কাঠ, a rafter, a beam.
বরজ, পর্ণক্ষেত্র, a field or plantation of *Pán* or betel.
বরট, হংস, রাজহংস, a gander.
বরটা, বরটী,—হংসী, বোল্তা, a goose, a wasp.
বরণ, বিবাহ নিরূপণ, দানকরণ, বিতরণ, নির্ধারণ, প্রতিনিধি নিরূপণ, তিল, ব্যবধান, to betroth, to promise in marriage, to make gifts, give earnest, to appoint a representative; a freckle, a fence, a screen.
বরণীয়, গ্রহণীয়, উপযুক্ত, বাঞ্ছনীয়, eligible, proper to be chosen.
বরদ, প্রসন্ন, অনুগ্রাহক, বাঞ্ছিতফলদাতা, উপকারক, propitious, favourable, granting a prayer; a benefactor.
বরদা, কন্যা, কুমারী, গৌরী, a girl, virgin, maid. [damsel.
বরপাত্র, নববিবাহিত, বাগ্দত্ত, a bridegroom, one betrothed to a
বরযাত্রী, বরের সহচর, an attendant on a bridegroom.
বরলা, ভেমরুল, বোল্তা, হংসী, a hornet, a wasp, a goose.
বরশা, টেঁটা, পোল্লো, বর্শি, a harpoon, a spear, a fish-hook.
বরা, বরাহ-ী,—শূকর, শূকরী, *m. & f.* a hog, boar, pig, sow.
বরাট-ক, কপর্দ্দক, কড়ি, a cowry, money.
বরিবসিত, চরণসেবিত, উপাসিত, আরাধিত, served obsequiously, waited on, honoured, adored.
বরিবস্যা, উপাসনা, চরণসেবা, respectful service, honour, obsequious attendance. [flowers, &c.
বরিষণ, বৃষ্টিপড়ন, ঝরণ, to fall or shower down as rain, dust,
বরিষা, বর্ষাকাল, প্রাবৃট্কাল, the rains, the rainy season.
বরিষ্ঠ, শ্রেষ্ঠ, অত্যুত্তম, প্রিয়তম, best, most excellent, dearest, most beloved.
বরুণ, পশ্চিমদিগের অধিপতি, Varuna the god of waters.
বরেণ্য, প্রধান, উত্তম, উৎকৃষ্ট, প্রার্থনীয়, বাঞ্ছনীয়, chief, principal, pre-eminent, choice, desirable.
বর্গ, একজাতীয় সমূহ, বর্ণ, গণ, প্রকরণ, a class, tribe, number of similar things, a section, a square in numbers.
বর্গীকৃত, বর্গীভূত,—বর্ণীকৃত, জাতীভূত, classified, become a class or genus. [&c.
বর্গীয়, বর্ণক, জাতীয়, belonging to a class, tribe or genus,
বর্জ্জন, ত্যজন, ছাড়ন, নিন্দন, নিরাকরণ, to abandon, forsake, avoid, reject, relinquish, censure, except, expel.

বর্জনীয়, নিন্দনীয়, অনুচিত, দুষ্ট, censurable, exceptionable, improper, wicked. [birds, &c.

বর্জ্জিত, পরিত্যক্ত, শিটা, বিষ্ট, rejected &c; refuse, dung of

বর্ণ, ব্রাহ্মণাদি, জাতি, স্বজাতিসমূহ, গণ, রঙ্গ, শুক্লকৃষ্ণাদি, ঘোটকাদির চিত্রকম্বল, অঙ্গরঞ্জণ, সৌন্দর্য্য, সুখ্যাতি, স্তুতি, অক্ষর, যতি, ধর্ম্ম. ভাব, গুণ, উত্তম স্বর্ণ প্রমাণ, a class, tribe, cast, order, colour, die, tint, hue, the housings of horses, &c. a staining of the body with coloured unguents, a theatrical dress, beauty, lustre, fame, celebrity, praise, a letter, syllable, property, quality, the fineness or pure colour of gold, an arithmetical quantity.

বর্ণক, অঙ্গরাগ, ভাট, গুণগাথক, সঙ্কীর্ত্তক, বর্ণীয়, জাতীয়, a perfume for the body, paint, pigment, a bard, panegyrist, poetical encomiast, describer, the standard of gold; belonging to a tribe or class.

বর্ণন, সবিশেষ কহন, বিস্তারণ, শৃঙ্খলাপূর্ব্বক কথন, স্তুতিকরণ, সঙ্কীর্ত্তন, to describe, detail, delineate, narrate, relate, to praise, extol, eulogize.

বর্ণনা, বিবরণ, বৃত্তান্ত, স্তব, গুণবাদ, a description, relation, narration, praise, panegyric.

বর্ণমালা, ক্রমিক অক্ষর সমূহ, an alphabet, the series of letters.

বর্ণসঙ্কর, মিশ্রিত জাতি, বিজাতীয়, a mixed cast; mixed, mongrel.

বর্ণী, চিত্রকর, লেখক, ব্রহ্মচারী, a painter, scribe, writer, a religious student.

বর্ত্তন, হওন, জিয়ন, থাকন, অর্শন, স্থাবরধন, বৃত্তি, জীবিকা, ব্যবসায়, স্থাবর, অটল, স্থির, থাকনিয়া, স্থায়ী, to be, exist, subsist, belong to; fixed property, a maintenance, livelihood, profession; fixed, stable, stationary, abiding, staying, remaining.

বর্ত্তনীয়, বর্ত্তিতব্য,—সম্ভাব্য, ঘটনীয়, possible, probable, likely.

বর্ত্তমান, বিদ্যমান, জীবৎ, সাক্ষাৎকার, প্রস্তুত, being, existing, alive, extant, present, ready.

বর্ত্তি, বর্ত্তিকা,—বাতী, শলিতা, প্রদীপ, তুলী, রেখা, a wick, match, candle, lamp, a paint brush, a ruled line.

বর্দ্ধিত, ভূত, উপজন, been, become.

বর্ত্তী, স্থ, স্থিত, স্থায়ী, *affix*: being, existing, fixed, &c.

বর্ত্তুল, মণ্ডল, গোলাকার বস্তু, গুলী, a circle, globe, ball, sphere, a marble, bullet, ball of earth, a pea. [lid.

বর্ত্ম, বর্ত্মন্,—পথ, মার্গ, চক্ষুর পাতা, a road, path, way, an eye-

বর্দ্ধক, বাড়ানিয়া, বৃদ্ধিজনক, প্রতিপাদক, বর্দ্ধনশীল, causing increase, promoting, augmenting, growing.

বর্দ্ধন, বাড়ন, বৃদ্ধি পাওন, শ্রীমন্ত হওন, to increase, grow, thrive, improve, prosper.

বর্দ্ধনীয়, বাড়নীয়, capable of increase or improvement.

বর্দ্ধমান, বর্দ্ধনশীল, পয়মন্ত, ধনীভূত, অধিকীকৃত, দ্রুতীকৃত, increasing, growing, thriving, prosperous, rich, augmented, accelerated.

বর্দ্ধিত, বাড়িত, উন্নত, কল্যাণী, বৃদ্ধিপ্রাপ্ত, বিস্তারিত, increased, thriven, prosperous, grown, expanded, extended.

বর্দ্ধিষ্ণু, বাড়নিয়া, পয়মন্ত, বর্দ্ধনশীল, ধন বাড়ানিয়া, enlarging, increasing, growing, improving, prosperous.

বর্বর, চণ্ডাল, ম্লেচ্ছ, পামর, নীচ লোক, মূর্খ, অত্যন্ত নির্বুদ্ধি, an outcast, barbarian, one of a degraded tribe or occupation, a stupidly ignorant man.

বর্ম্ম, গাত্রীয় কবচ, সজ্জা, armour, a coat of mail.

বর্ম্মা, বর্ম্মী,—সজ্জাযুক্ত, কবচী, ক্ষত্রিয়, তুরপণ, mailed, accoutred; a Cshyatriya, an awl.

বর্শি, বড়িশ, পোলো, a fish-hook, harpoon, fish-spear.

বর্ষ, হায়ন, বৎসর, বৃষ্টি, ভারতাদি নব পৃথিবীখণ্ড, a year, rain, raining, a great continental division.

বর্ষজীবী, ওষধী, ফলপাকান্ত, ধান্যাদি, annual (plants, shrubs &c.)

বর্ষণ, বৃষ্টি পড়ন, to rain, fall as rain or hail, to shower.

বর্ষবৃদ্ধি, বর্ষপ্রবেশ,—জন্মদিন, সাম্বৎসরীয় পর্ব, a birth day, an anniversary. [rainy season.

বর্ষা, বৃষ্টিপাত, প্রাবৃট্কাল, rain, a shower, the rains, the

বর্ষাতি, ঘোটকের বর্ষাকালীন পাদস্ফীতি, বর্ষাকালের পরিধেয় বস্ত্র, a disease in the feet of horses appearing in the rains, an outer garment for the rainy season.

বর্ষাবৎ, প্রাবৃট্, rainy, showery.

বর্ষাভূ, বর্ষাভী,—মণ্ডুক, মণ্ডূকী, *m.* & *f.* a frog.

বর্ষা, বর্ষীয়,—বয়স্ক, তদ্বৎসরের, of a particular age,—old.

বর্ষোপল, করকা, শিলাবৃষ্টি, শিলাপাথর, hail, a hail-stone.
বর্হ, ময়ূরের পুচ্ছ, ময়ূরের শিখা, a peacock's tail or crest.
বর্হী, ময়ূর, শিখণ্ডী, ভুজঙ্গভুক্, a peacock.
বল, পরাক্রম, সামর্থ্য, শক্তি, তেজ, বিক্রম, অত্যাচার সৈন্য, strength, might, power, energy, vigour, force, violence, an army, forces, a chessman.
বলদ, দামড়া, ভারবাহক গরু, an ox, a bullock.
বলন, কহন, কথন, to speak, say, tell, propose.
বলবৎ, শক্তিমান, শক্ত, প্রকাণ্ড, স্থূল, সবল, দৃঢ়, অখণ্ডনীয়, প্রমাণসিদ্ধ, চলিত, প্রচণ্ড, powerful, strong, stout, lusty, solid, firm, valid, substantial, authentic, prevalent, violent. [rous, courageous, bold.
বলবান্, বলবন্ত—শক্তিমান, বিক্রমী, সাহসী, strong, powerful, vigo-
বলয়, বালা, কঙ্কণ, করভূষণ, a bracelet, an armlet.
বলয়িত, বেষ্টিত, ঘেরিত, surrounded, encircled, encompassed.
বলাকা, উড্ডীয়মান বক শ্রেণী, ক্ষুদ্র বক বিশেষ, a flight of cranes, the black crane. [dendum of the cow.
বলাট, কলাই বিশেষ, গোযোনি, a sort of split pulse, the pu-
বলাৎকার, হঠ, দৌরাত্ম্য, অত্যাচার, স্ত্রীজাতিনাশকরা, violence, force, oppression, violation, rape. [speak.
বলান, কহান, কথন শিক্ষান, to cause to speak, teach to
বলাবলি, কহাকহি, আলাপ, conversation, chat, discourse.
বলি, দেবোদ্দেশে বধ্য পশু, ইষ্টি, উৎসর্গ, উপকরণ, লোলিত চর্ম্ম, ঝোলা, a sacrifice, victim, oblation, offering, the folds of the flesh about the navel in stout persons, (especially in women;) a wrinkle.
বলিপ্রিয়, শকুনি দ্রোণকাকাদি উচ্ছিষ্টভোজি পক্ষী, predacious, delighting in sacrificial places; any bird of prey, a vulture, crow, &c. [a crow, a crane.
বলিভুক্, বলিমাংসাহারী, কাকাদি, feeding on sacrificial food;
বলিষ্ঠ, বলী, বল্য, } শক্তিমান, তেজস্বী, সাহসী, powerful, strong,
বলীয়ান্, বলীয়স্, } able, vigorous, gallant, bold.
বলীবর্দ্ধ, বলীবর্দ্দ,—বলদ, বৃষ, দামড়া, a bull, an ox, a bullock.
বল্কন, বল্গন,—ফুটন, উথলন, to boil, simmer, bubble up.
বল্কল, বৃক্ষের ছাল, ত্বক্, the bark of a tree.
বক্কান, উত্তাপন, ফুটান, to heat gently, make to boil.

বল্কা, ঈষদুষ্ণ, tepid, lukewarm, once boiled.
বল্গু, সুন্দর, মনোহর, beautiful, captivating.
বল্গা, মুখস, বাগ, the bit of a bridle, a bridle, a rein.
বল্গিত, ঘোটকের প্লুতগতি, a horse's gallop, a canter.
বল্মীক, উইপোকা, তৎকৃত মৃত্তিকা রাশি, a white ant, a hillock of earth thrown up by ants or moles, an ant-hill.
বল্লব, গোপ, পাচক, a cowherd, herdsman, milkman, cook.
বল্লভ-া, প্রিয়-া, ইষ্ট-া, পতিপত্নী, সখাসখী, *m. & f.* dear, desired, beloved ; a lover, one beloved, a husband, wife, mistress, friend.
বল্লী, লতা, বৃক্ষাবলম্বিত তৃণ, a creeper or climbing plant.
বশ, অধীনতা, অনুনয়, দমন, অধিকার, আয়ত্ত, অধীন, দমিত, বিনয়ী, subjection, thraldom, controul, submission, authority ; captivated, enthralled, subdued, subjugated, tamed, submissive.
বশতঃ, অধীনভাবতঃ, under subjection or controul.
বশতা, অধীনতা, দমন, জয়করা, controul, subjection, subjugation.
বশতাপন্ন, আয়ত্ত, দমিত, অধীন, brought under controul, subdued, tamed, dependant.
বশীকরণ, আয়ত্তাকরণ, মোহন, মন্ত্রাদি দ্বারা দমন, to subdue, bring into subjection, to fascinate or subdue by magical charms, incantations, &c.
বশীকৃত বা ভূত,—আয়ত্তীকৃত, দমিত, মোহিত, অধীন, বিনয়ী, অনুচর, subjugated, subdued, conquered, tamed, dependant, submissive, obedient ; a retainer.
বশ্য, আয়ত্ত, আজ্ঞাবহ, বিনয়ী, দম্য, বাধ্য, অধীন, দাস, subject, obedient, docile, tame, humble, controulable, governable ; a dependant, a slave.
বসৎ, বসতি,—গৃহ, বাসস্থান, a dwelling, abode, residence.
বসদ্বাটী, বাসালয়, ঘর, গৃহ, a dwelling-house.
বসন, বাসকরণ, থাকন, উপবেশন, তলন, থিতন, ঘন হওন,—বস্ত্র, to dwell, reside, sit, sit down, sink, subside, clot, coagulate ; clothing, dress, a garment.
বসনিয়া, বসিয়া,—সপরিবারে বাসকারী, নিবাসী, dwelling, residing, resident ; an inhabitant.
বসন্ত, পুষ্পসময়, চৈত্র বৈশাখ, রক্তবটী, the spring months, the small-pox.

বসন্তী, কমলাবৎ রঙ্গ, an orange colour. [flesh, a sitting.

বসা, বপা, মাংসতৈল, উপবেশন, fat, suet, the marrow of the

বসান, আসনস্থীকরণ, পত্তন করাণ, সংস্থাপন, রাখন, থুওন, দাবন, ঠোকন, মণিআদি জড়ান, থিতান, ঘনীকরণ, to seat, cause to sit, settle, people, establish, place, lay, fix, flatten, compress, to lodge, drive a nail, set a stone, to precipitate, make to subside or sink, to coagulate, to candy.

বসিন্দা, নিবাসী, residing, dwelling, an inhabitant.

বসু, ধ্রুবাদি অষ্ট দেবতা, যুগ্মের বন্ধনী, রত্ন, ধন, বিত্ত, দ্রব্য, জল, a kind of demigod, the tie of a yoke, a gem, jewel, wealth, a thing, substance, matter, water.

বসুধা, বসুন্ধরা, বসুমতী,—পৃথিবী, the earth.

বসুধারা, বৈদিক কর্ম্মের পূর্ব্বে ভিত্তির গাত্রে ঘৃত ঢালন, a ceremonial pouring of oil on the wall of a house.

বস্তব্য, নিবাসোপযুক্ত স্থান, habitable, inhabitable.

বস্তি, নগর, গ্রাম, বাসস্থান, জরায়ু, জঠর, a town, village, habitation, the pelvis, the womb, the abdomen.

বস্তু, পদার্থ, দ্রব্য, সামগ্রী, নির্বাহ, প্রস্থ, a thing, substance, matter, materials, ingredients, utensils, stuff, baggage. [is to say.

বস্তুতঃ, যথার্থতঃ, ফলতঃ, অর্থাৎ, in reality, in fact, viz; that

বস্তুতস্তু, যথার্থতঃ, ফলতঃ, in reality, in a word.

বস্তুতা, পদার্থতা, দেহিত্ব, প্রকৃতত্ব, সত্যতা, substantiality, materiality, reality, fact.

বস্ত্র, কাপড়, বেশ, cloth, clothing, a garment, dress, habit.

বস্ত্রগৃহ, তাম্বু, রাউটী, a tent.

বস্ত্রবিলাস, ফুলফুল্যামি, বেশধারণেতে গর্ব্ব, foppery, dressiness, pride in dress. [warehouse.

বস্ত্রাগার, তাম্বু, কাপড় বিক্রয়শালা, a tent, a draper's or clothier's

বহন, স্থানান্তরে লওন, ভার ধারণ, সহন, যানাদি টানন, চলান, স্রোতাদির গমন, ভাসন, চলন, জরণ, ক্ষয় হওন, to carry, to bear, to draw a carriage, transport, convey, to flow, float, sail, pass by or away, (as time or a river,) to circulate as the blood, to blow as the wind, to decay, to wear away.

বহনীয়, সহনীয়, লঘুভার, দ্রুত, that may be carried &c. portable, flowing. [width of water.

বহর, ভাসমান নৌকা সমূহ, স্রোতের প্রস্থ, a fleet of boats, the

বহান, চালান, দৌড়ান, যাপন, চলান, যানাদি টানন, উড়ান, to impel, urge forward, row, steer, guide a plough, to spend time, carry or transport goods, draw a carriage &c. to waste, lavish. [vish.

বহানিয়া, চালানিয়া, ব্যয়শীল, impelling, urging forwards, la-

বহি, বহী,—খাতা, ক্ষুদ্র পুস্তক, পুথী, লিপি, an account-book, a book; tract, register, record.

বহিঃ, বহির,— বাহির, অনভ্যন্তরে, বাহ্য, গায়স্থ, *pref*: without, outside, out, out of, outwards; external.

বহিঃস্থ, বাহ্য, বাহিরের, external, outer, situated without.

বহিত্র, ভেলা, তরণি, নৌকা, a raft, a float, boat, vessel.

বহিনী, ভগিনী, স্বসা, সহোদরা, a sister.

বহিরঙ্গ, বিদেশী, শত্রু, অনাত্মীয়, কর্ম্মের সাধারণ অঙ্গ, a stranger, a foe, one not connected by consanguinity, a preliminary ceremony.

বহিরিন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, পাণিপাদাদি, the organs of action.

বহির্দেশ, বিদেশ, বাহ্যস্থান, a foreign country, the outskirts of a town or village used as a privy.

বহির্দ্বার, গৃহের প্রবেশ পথ, a gate, an outer door, an entrance.

বহির্বাসঃ, উত্তরীয় কাপড়, উড়নী, an external covering, the outer flowing garment of the Hindoos.

বহির্ভূত, নিঃসারিত, নিরাকৃত, বাহ্য, গত, ওদিগস্থ, অপ্রয়োজনীয়, অনবধান, excluded, expelled, external, past, gone, beyond, irrelevant, careless, inattentive.

বহির্মুখ, পাষণ্ড, কটুবাদী, পরাঙ্মুখ, বিরত, বাহড়নিয়া, অপ্রসন্ন, impious, blasphemous, scurrilous, averted, ceasing, desisting from, turning back, unpropitious. [exclusion.

বহিষ্করণ, নিঃসারণ, নিরাকরণ, to expel, exclude; expulsion,

বহিস্তন, উপরিভাগ, বাহ্য, গা, the outer surface of a thing.

বহিস্ত্বক্, উত্তরীয় মাংস চর্ম্ম, উপরিস্থ বল্কল, the epidermis or skarf-skin, the outer bark or peel of plants.

বহীকার, পুস্তক বাঁধনিয়া লোক, a book-binder.

বহু, ভূরি, অধিক, অনেক, অতিশয়, *pref*: much, many, great, long, numerous; very, exceedingly.

বহুকালীন, বহুকালিক,—চিরকালিক, প্রাচীন, of long standing, chronic, ancient, old. [dant.

বহুত, ভূরি, অনেক, বিস্তর, much, many, numerous, abun-

বহুতা, বাহুল্য, অনেকত্ব, abundance, plenty, plurality, multiplicity. [servant.

বহুদর্শক, বহুদর্শী,—জ্ঞানী, প্রাজ্ঞ, wise, knowing, prudent, ob-

বহুধা, বিবিধ, অনেকধা, নানাপ্রকারে, বারম্বার, various, manifold; in many ways, often, oftentimes.

বহুপ্রজ, মানুষময়, বিস্তর সন্তানপ্রাপ্ত, populous, prolific.

বহুপ্রজা, বহুফলা,—পুনঃপুনঃ প্রসূতা, *f.* prolific, having borne many children.

বহুবর্ষক, চিরস্থায়ী, চিরকালিক, continuing many years, perennial.

বহুবিধ, নানাপ্রকার, নানামত, বিশেষ২, of many kinds or sorts, various, multiform. [attributive.

বহুব্রীহি, অন্য পদার্থের প্রধান সমাস, a compound adjective or

বহুভার্য্য, অনেক স্ত্রী বিশিষ্ট, having many wives; a polygamist.

বহুভাষী, বাচাল, গল্পিয়া, বাবদূক, garrulous, talkative.

বহুমর্ম্মক, ঘাঁতনিয়া, মর্ম্মভেদক, নানার্থব্যাপক, affecting, touching, piercing to the quick, comprehensive.

বহুযতি, নানাবর্ণক শব্দ, polysyllabic, of many syllables.

বহুরূপ, নানাকৃতি, সরট, multiform; a camelion, a polypus.

বহুরূপী, নানাবেশধারী, নানাকার, অনেকাকৃতি, assuming many forms, many-shaped, multiform.

বহুল, অধিক, অনেক, বিস্তর, much, abundant, prolix.

বহ্নি, অগ্নি, অগ্নিকোণের অধিপতি, fire or its deity.

বহ্নিমুখ, দেবতা, দানবারি, a god, a deity.

বহ্বাশী, অতৃপ্ত, অমর, বহুভোজনাকাঙ্ক্ষী, অবক্ষুধিত, insatiable, insatiate, voracious, ravenous, greedy.

বা, বিকল্পবোধক শব্দ, or, either, perhaps.

বাই, বাতরোগ, উন্মাদ, নাটকী, rheumatism, flatulence, enthusiasm, a dancing girl. [attempt.

বাইমারা, আলস্য, অলীকক্রিয়া, পণ্ডশ্রম, idleness, levity, a vain

বাইয়া, বাতাসীয়া, অজ্ঞান, windy, flatulent, silly, idiotic.

বাইশ, পাথুরা, ২২, আশ্চর্য্য, a chisel, 22; *interject*: amazing!

বাউনিয়া, বামন, খাট, হ্রস্ব, dwarf, pigmy, short.
বাউড়া, বাউল,—ক্ষিপ্ত, পাগল, insane, mad, foolish, idiotic.
বাওড়, বাঁওড়.—বৃহৎ জলাশয়, সরোবর, a lake.
বাওড়ী, বাঁওড়ী,—ফেরা, বায়ুগুচ্ছি, পৌষমাসের অন্তিম দিবস, a circuit, a whirlwind, the last day of Paus. [sieve.
বাওলন, শস্য ঝাড়ন, উচলন, পাছড়ন, to winnow, to toss in a
বাঁউ, বাহু, ব্যাম, যুগ, ধনু, a fathom, six feet.
বাঁক, ভারের দণ্ড, বক্রতা, মোড়, নদীর ফের, পাদাভরণ বিশেষ, a carrying yoke or cooly-lathe, a crook, bend, turning in a river, a ring for the legs. [foppish.
বাঁকড়া, দুরন্ত, নির্লজ্জ, ফুল্‌ফুলিয়া bold, audacious, impudent,
বাঁকন, বক্র হওন, মোড়ন, নোয়ন, ঝোঁকন, to be crooked, to bend, turn, bow, bend down.
বাঁকা, বক্র, টেরা, ঠেঁটা, পাকপড়া, দুঃসাহসী, দুরন্ত, bent, crooked, awry, sinuous, winding, foolhardy, obstinate.
বাঁচন, রক্ষা পাওন, পলান, থাকন, জীয়ন, to escape, survive, remain, continue, live. [verance.
বাঁচাও, রক্ষা, নিস্তার, escape, safety, refuge, rescue, deli-
বাঁচান, আপদোদ্ধরণ, রক্ষণ, আশ্রয় দেওন, ক্ষমা করণ, জীয়ান, to save, preserve, protect, defend, extricate, shelter, screen, uphold, spare, revive, refresh.
বাঁঝা, বাঝী,—বন্ধ্যা, অফলা, barren, sterile, unproductive.
বাঁট, বিভাগ, পশুস্তনাগ্র, মুঠী, a share, portion, lot, allowance, distribution, a dug, teat, the handle of a tool.
বাঁটন, বিভাগ করণ, অংশন, পরিবেশন, to share out, distribute, portion, allot, divide into shares, dispense.
বাঁটা, বিভাগ, অংশ, কলঙ্ক, a partition, allotment, portion, share, a blot, a stigma.
বাঁটিয়া, বাঁঠিয়া—খাট, বামন, low in stature, short, dwarf.
বাঁটুল, গুলী, কর্কর, মৃৎখণ্ড, a ball, shot, pill, bolus, pebble.
বাঁট্‌খরা বা খারা,—চক, a weight of stone or other material.
বাঁট্টা, ব্যাজ, an allowance on money, discount.
বাঁড়িয়া, খণ্ড, পুচ্ছহীন, bereft of the tail, tailless, docked.
বাঁধ, সেতু, রোধন, a dam, a binding, stopping, &c.
বাঁধন, আঁটন, যড়ান, গেঁঠ্যান, রোধন, আট্‌কান, নিবারণ, ঘেরণ, মণি বসান, গড়ন, শান করণ, রচন, কল্পান, to bind, fasten,

tie, shut, stop, clog, obstruct, impede, confine, hinder, staunch, to gird, inclose, set a jewel, to build, pave, invent, contrive.

বাঁধা, গচ্ছিত ধনাদি, প্রতিবন্ধক, কল্পনা, আটক, a pawn, pledge, mortgage, an invention, a hindrance.

বাঁধনী, আঁটনি, রুদ্ধকরা, গিরি, শান, a fastening, shutting, stopping, &c. a knot, a pavement.

বাঁধাল, সেতু, সুকল্পিত, a bank, a dam; judicious, well con- [sidered.

বাঁশ, বংশ, বেণু, a bamboo, a piece of bamboo.

বাঁশী, বেণু, সানায়ী, মুরলী, a flute, fife, pipe, whistle.

বাক্, কথা, ভাষা, a word, speech, language, tongue.

বাক্ল-া, ছাল, ত্বক্, the bark of a tree, rind, integument, husk.

বাকচাপল্য, গল্পসল্প, gossiping, chattering, idle talk.

বাক্চাতুরী, গদ্দি, ব্যঙ্গ, গরিমা, wit, a joke, sprightly sally, brag.

বাক্ছল, ব্যাজ, টালমটাল, বিবাদ, ঝকড়া, a pretence, evasion, prevarication, a quarrel, altercation.

বাক্জাল, বাগ্জাল,—বাক্যস্বরূপ ফাঁদ, বাক্যের বাহুল্য, an ensnaring speech, a maze of words, a circumlocution.

বাক্পটু, সৎকথক, বাক্য ভেদে নিপুণ, eloquent, clever in speaking, skilled in words.

বাক্পতি, বৃহস্পতি, সদ্বক্তা, Vrihaspati, a master of language; [eloquent.

বাক্প্রবন্ধ, গ্রন্থরচনা, বাক্যবাহুল্য, টান original composition, circumlocution, prolixity.

বাক্ব্যয়, দ্বিরুক্তি, বাচালতা, tautology, waste of words, talka- [tiveness.

বাক্সিদ্ধ, যাহার কথনেতে বহুগুণ আছে, উক্তসম্পাদনক্ষম, whose word is efficacious, able to do or make good his word or pretensions.

বাক্য, কথা, বলা, ভাষা, a word, speech, sentence, expres- [sion, language.

বাক্যস্থ, মনোযোগী, আজ্ঞাবহ, ভাব, বাক্যের অভিপ্রায়, attentive to what is spoken, obedient; the meaning or design of a passage.

বাখারি, কাবারী, তণ্ডচূণ, a split of bamboo, a lathe, quick- [lime.

বাগীশ, কথনে নিপুণ, বৃহস্পতি, eloquent; a master of language, Vrihaspati.

বাগীশ্বরী, বাগ্দেবী,—সরস্বতী, Saraswatí the goddess of elo- [quence.

বাগুনীয়া, বাগুন ফলবৎ বর্ণ, ধূম্র, of a purple colour, purple.

বাগুরা, মৃগ ধরিবার জাল, a net for catching deer.
বাগুরিক, মৃগজীবী, লুব্ধক, ব্যাধ, a deer-catcher, a hunter.
বাগে, দিগে, কাছে, পানে, on the side, in the direction of.
বাগেং, এদিক্‌ওদিক্, দিগ্বিদিগ্, on this side and that, in various directions. [scruple.
বাগ্‌ড়া, ফেরফার, সন্দেহ, শঙ্কা, intricacy, perplexity, hesitation,
বাগ্দণ্ড, অনুযোগ, বাক্য তাড়না, a reproof, admonition.
বাগ্দত্ত, প্রত্ত, বিবাহে দত্ত, betrothed, promised in marriage.
বাগ্দান, কথায় বিবাহ নিশ্চয় করা, a promising in marriage, a betrothing.
বাগ্দুষ্ট, তিরস্কৃত, ভর্ৎসিত, নিন্দিত, দুর্মুখ, বিব্রুবন্, দুরন্বয়বাদী, defamed, abused, evil spoken of, blamed, found fault with, abusive, speaking ill or ungrammatically.
বাগ্বজ্র, অভিশাপ, an imprecation, a curse.
বাগ্বিদগ্ধা, কথনে মোহিনী, রসিকা, *f.* bland, insinuating, fascinating in speech. [cious.
বাগ্মী, বাবদূক, বাচাল, eloquent, fluent, talkative, loqua-
বাঘ, ব্যাঘ্র, শার্দূল, a tiger. [and daring woman.
বাঘিনী, ব্যাঘ্রী, কাণ্ঠী, দুঃসাহসিনী, a tigress, a virago, a bold
বাঙ্গলা, বঙ্গদেশীয়, দ্বিচালা, Bengalese; a bungalow or thatched house. [gal, Bengali.
বাঙ্গালা, বাঙ্গালী,—বঙ্গদেশীয়, Bengalese, pertaining to Ben-
বাঙ্নিষ্ঠা, বাক্যের বিশ্বস্ততা, স্থিরবাদ, নিশ্চয়কথা, punctuality, faithfulness to one's word, an affirmation, assertion.
বাঙ্নিষ্পত্তি, কথা, উচ্চারণ, উত্তর, দৃঢ়বাদিত্ব, a speech, utterance, reply, the fulfilment of one's word.
বাঙ্ময়, বহুভাষী, কথনে নিপুণ, অলঙ্কার শাস্ত্র, সদ্বক্তৃত্ব, loquacious, talkative, eloquent, rhetorical; rhetorical composition, eloquence.
বাঙ্মল, কটুবাক্য, abuse or scurrilous language. [speech.
বাঙ্মুখ, উপন্যাস, প্রস্তাবনা, an exordium, the opening of a
বাচক, কথক, সূচক, সুস্পষ্ট, পাঠক, speaking, declaring, expressing, expressive, plain; a reader, reciter.
বাচড়া, পড়াভূমি, ঘোটকের শাবক, waste or uncultivated land; a colt, a foal.
বাচনিক, শাস্ত্রসিদ্ধ, আদিষ্ট, কথিত, কথনার্হ, enjoined by the shas-

ters, directed, expressed, mentioned, worthy of being expressed. [pati.

বাচস্পতি, ভাষাবেত্তা, বৃহস্পতি, a master of language, Vrihas-

বাচাও. বুঝাই. ব্যাখ্যা. an explanation, an exposition.

বাচান, বুঝান, প্রকাশন, কহান, to explain, unfold, cause to speak. [sprightly.

বাচাল, বাবদূক, বহুভাষী, talkative, garrulous, chattering,

বাচিক, সূচক, প্রমুখাৎ, সুস্পষ্ট, শাব্দিক, expressing, expressive, verbal, vocal. [joined.

বাচিত, উক্ত, আদিষ্ট, mentioned, expressed, declared, en-

বাচ্চা, শাবক, ছা, শিশু, the young of an animal.

বাচ্য, কথনীয়, উপাধেয়, ত্রিলিঙ্গসাধ্য, তুচ্ছনীয়, কথা, বোধ, অভিপ্রায়, fit or proper to be expressed, predicable, attributable, declinable (as an adjective,) contemptible; a word, idea, meaning, predicate.

বাছন, চুনন, পৃথক্ করণ, to pick, choose, select, to sort, separate from. [&c.

বাছা, শিশু, সন্ততি, মনোনীত, a child, offspring; selected

বাছুর, গোবৎস, বৎসতর, a calf, a steer.

বাজ, ঝঞ্ঝনা, নিনাদ, ত্বরা, পাখা, ঘৃত, শ্যেনপক্ষী, a thunderbolt, sound, speed, a wing, the feather of an arrow, ghee or clarified butter, a falcon.

বাজন, ক্বণন, শব্দ দেওন, জ্বলন, পীড়ন, to sound as a musical instrument, to strike as a clock or bell, to pain or suffer pain.

বাজনা, বাজা,—বাদ্য, বাদ্যযন্ত্র, music, a musical instrument.

বাজন্দর, বাদ্যকর, one who plays on a musical instrument.

বাজপেয়, যজ্ঞ বিশেষ, a sacrifice in which ghee is offered.

বাজরা, চেঙ্গারী, শস্য বিশেষ, a market-basket, a species of corn.

বাজান, বাদন, ঢক্কাদি পিটন, ঘণ্টাদি মারণ, শঙ্খে ফুঃ দেওন, to play on an instrument, to beat a drum, to strike a bell, to sound, blow, &c.

বাজী, ঘোটক, পক্ষী, অগ্নিবাণ, পণ, a horse, a bird, a sky-rocket, squib, a wager, stake. [pannel.

বাজু, বাহু, ব্যবধানভিত্তি, the arm, a partition wall, a door

বাজু, বাজুবন্ধ,—হস্তালঙ্কার, an ornament for the arm.

বাঞ্ছন, চাহন, মাঙ্গন, to desire, wish, long for, incline to, request. [request.

বাঞ্ছা, ইচ্ছা, শীলতা, নিবেদন, a wish, desire, will, propensity,

বাট, বর্ত্ম, পথ, a road, way, passage. [grind paint, &c.

বাটন, পেষণ,ডলন, to pound, reduce to pulp, rub on a stone,

বাটনী, পেষণকারিণী, a woman who rubs things on a stone &c.

বাট্পাড়ীয়া, ডাকাইত, চোর, a robber, thief, highwayman.

বাটা, তাম্বূলাধার, a betel-box, a species of small fish.

বাটালি, পাথুরা, ব্রাইশ, a chissel.

বাটিয়া, দড়ী, রজ্জু, a string, twine, a sort of cord.

বাটী, গৃহ, বাসস্থান, বাড়ী, ধাতুময় পানপাত্র, উদ্যান, লাঠী, a house, habitation, residence, family dwelling, home, a metal cup, a drinking vessel, a garden, a mace, a rod. [roads.

বাটুয়া, পথিক, পথগামী, ডাকাইত, travelling, infesting the

বাট্টা, তাম্বূলাধার, ব্যাজ, a betel-box, discount on notes &c.

বাড়, কাঠাম, আফা কল, তট, ধার, অঞ্চল, প্রস্থার অর্দ্ধভাগ, আম্রের আঁঠির কোষ, a frame, a fish-dam, a weir, a margin, edge, selvage, a column or half-page, the outer covering of a mango-stone.

বাড়ন, বর্দ্ধন, উবরণ, ব্যাপন, মেলন, উদ্বর্ত্তন, পরিবেষণ, to grow, thrive, increase, abound, spread, extend, jut out, become prominent, rise above, exceed, to help or carve at table. [ded, expended.

বাড়ন্ত, বৃদ্ধিপ্রাপ্ত, ব্যাপ্ত, ফুরা, prosperous, overgrown, exten-

বাড়ব, বাড়বানল, বাড়বাগ্নি,—ঔর্ব, জলস্থিত অগ্নি, submarine fire.

বাড়া, অধিক, দুর্মূল্য, ফাঁপা, বহুল, অতিরিক্ত, বৃদ্ধি, বাহুল্য, উদ্বর্ত্ত, আতিশয্য, more, increased, exorbitant, dear, turgid, prolix, redundant; growth, enlargement, excess, abundance, overplus.

বাড়ান, বৃদ্ধিকরণ, অধিকীকরণ, মেলান, উন্নয়ন, ধনীকরণ, স্তবন, উত্থাপন, উঠিয়া ফেলন, টালন, প্রতিপাদন, to augment, enlarge, multiply, increase, to raise a price, enhance, cause to increase, extend, to exalt, magnify, enrich, flatter, to excite, to remove a carcase, throw out, to prolong, to promote.

বাড়াবাড়ি, অতিরিক্ত কথায়, বাক্যব্যয়ে, বিস্তার পূর্ব্বক, tediously, with prolixity, much at large.

বাড়ি, বিস্তর, বৃদ্ধি, উন্নতি, দুর্ম্মূল্যতা, ব্যাজ, an increase, augmentation, improvement, an advance in price, the interest of money.

বাড়ী, গৃহ, বসতিস্থান, যষ্টি, ভূমিখাতা, বৃদ্ধিনিমিত্ত ধান্যের ঋণদান, a house, a family residence, a home, a staff, stick, rod, a plot of garden ground, an advance of grain to be repaid in kind with interest.

বাড়ুন, ঝেংরা, ঝাঁটা, সম্মার্জনী, a broom.

বাড়্তী, বৃদ্ধি, উদ্বর্ত্ত, আতিশয্য, তাল, বহুল, increase, excess, surplus, redundance, prolixity; prolix. [cess.

বাঢ়াবাঢ়ি, অতিশয়, আধিক্য. excessively, importunately; ex-

বাণ, শর, হিংসাকর দৃষ্টিপাত, পরহিংসার্থে মন্ত্রপাঠ, an arrow, dart, versed sine, the influence of an evil eye, a malignant incantation.

বাণ্না, শিশুর শিশ্ন. the male organ of a child.

বাণি, বুননাদি শিল্পকর্ম্মকারির বেতন, the hire or price of weaving, jewelling, &c.

বাণিজ, ব্যবসায়ী, বেপারী, a trader, trafficker, merchant.

বাণিজ্য, ব্যাপার, বিনিময়, trade, traffic, commerce, barter.

বাণিয়া, বাণ্য,—মহাজন, বণিক, a banker, merchant, trader.

বাণী, বাক্য, কথা, সরস্বতী, speech, sound, a word, language, Saraswatí or the goddess of eloquence.

বাত, বায়ু, বায়ুরোগ, মনের বিষাদ, air, wind, gout, rheumatism, flatulency, hypocondria. [with wind.

বাতকিন্, বাতকী,—বায়ুরোগগ্রস্ত, rheumatic, gouty, troubled

বাতগ্রস্ত, উন্মত্ত, বায়ুরোগবিশিষ্ট, hypocondriac, mad, flatulent.

বাতশূল, বায়ুজনিত পেটের বেদনা, the wind-colic. [spirit.

বাতাস, বায়ু, পরচ্ছায়া, ভূত, wind, air, an apparition, vision,

বাতাসা, ক্ষুদ্র ফেণি, a species of sweet meat, sugar-plums.

বাতাসী, বহুবায়ু, ঝড়ুয়া, windy, tempestuous, boisterous.

বাতাসীয়া, বায়ুময়, বায়ুগ্রস্ত, হালকা, চঞ্চল, তালচঞ্চুপক্ষী, airy, windy, hysterical, light; a swallow.

বাতিক, বাতুয়া,—বায়ুজনিত, বায়ুরোগগ্রস্ত, ঝড়ুয়া, arising from wind, flatulent, gouty, rheumatic, stormy, windy.

বাতী, বর্ত্তি, শলিতা, যষ্টি, গালাকাঠি, a candle, lamp, wick, a wand, rod, a stick of wax. [foolish.

বাতুল, বায়ুগ্রস্ত, উন্মত্ত, ক্ষিপ্ত, হতজ্ঞান, insane, mad, crazy,

বাত্যা, অতিশয় বায়ু, ঝড়, দাম্ভিক, মিথ্যাবাদী, a strong wind, a gale, a storm, a hurricane, a boaster, bragger, vapourer, liar. [affection.

বাৎসল্য, অত্যন্ত স্নেহ, অনুরাগ, fondness, caressing, tenderness,

বাথান, গোশালা, গোষ্ঠ, a cow-house, cow-pen, cow-pasture.

বাদ, বাক্য, বচন্, বিতণ্ডা, কলহ, দ্বেষ, আক্রোশ, দুর্নাম, a word, a sentence, a contradiction, dispute, enmity, reproof, an ill name.

বাদক, কথক, বাদ্যকর, speaking ; a speaker, player of music.

বাদন, বাজান, to play on an instrument, to strike as a clock.

বাদবিতণ্ডা, বিতর্ক, বাদানুবাদ, reasoning, an argument, discussion, disputation. [cloud.

বাদল, পচাকাল, কুদিন, মেঘ, wet weather, a rainy day, a

বাদলা, মেঘ, গোটা, তারীবস্ত্র, *id* : also gold or silver lace, tissue.

বাদলীয়, প্রাবৃট্, বৃষ্টিজনিত, rainy, arising from rain &c.

বাদলীয়পোকা, প্রাবৃট্কালীন কীট বিশেষ, an ephemeral insect.

বাদানুবাদ, কলহ, বিবাদ, বিতণ্ডা, কহাবলা, a dispute, quarrel, controversy, argument, disputation.

বাদাম, ফল বিশেষ, নৌকার পাল, an almond, a ship's sail.

বাদামী-য়া, অণ্ডাকৃতি, almond-shaped, oval. [sic.

বাদি, বাদী,—গানের প্রধান স্বর, the key-note in Hindoo mu-

বাদিত, অনিচ্ছা পূর্ব্বক কথিত, ধ্বনিত, ক্বণিত, made to be uttered, extorted, sounded as a musical instrument.

বাদিয়া, সাপুড়্যা, ওঝা, a snake-catcher, snake-charmer.

বাদী, ভাষী, বাচক, বিরোধী, আদ্দাশী, অর্থী, অর্থজ্ঞাপক, প্রসঙ্গকারী, speaking, asserting, quarrelsome, litigious, pleading; a plaintiff, accuser, suitor, expounder, the stater of an argument or thesis.

বাদুড়, বড় চাম্চিকা, a large bat or vampire.

বাদ্য, বাজনা, any musical instrument, music.

বাদ্যকর, বাজন্দর, তন্ত্রী, a musician, a musical performer.

বাদ্যভাণ্ড, } নানাবিধ বাদ্যের শব্দ, a concert of instrumental mu-
বাদ্যোদ্যম, } sic, a burst of many instruments together.

বাধক, নিবারক, প্রতিবন্ধক, ঋতুশূল, hindering, obstructing, preventive; a hinderer, &c. menstrual pains.

বাধন, নিবারণ, আটকান, ঠেকন, কাটান, খণ্ডান, to hinder, prevent, resist, oppose, obstruct, impede, clog, detain, to frustrate, to render ineffectual.

বাধ, বাধকতা,—ব্যাঘাত, নিবারণ, আটক, opposition, hindrance, obstruction, prevention, detention.

বাধা, প্রতিবন্ধ, আটক, নিষেধ, দুঃখ, ভয়, খড়ম, an impediment, prohibition, opposition, &c., pain, danger, a sandal, clog, wooden shoe. [of Crishna.

বাধাই, কৃষ্ণজন্ম সঙ্কীর্ত্তনাত্মক গান, songs celebrating the birth

বাধ্য, বিনয়ী, দমিত, বশীভূত, নিবার্য্য, submissive, subservient, tame, captive, capable of obstruction, &c. [bore.

বান, আকস্মিক জলসমূহ, a flood, a heavy sea, a high tide, the

বানপ্রস্থ-ী, বনাশ্রমী, a hermit, anchoret, brahmin devotee.

বানর, কপি, মর্কট, শাখামৃগ, an ape, a monkey, a baboon.

বানান, স্বরব্যঞ্জনমেল, প্রমুখাৎ বর্ণযোগ, the union of vowels and consonants, spelling.

বান্তি, বমি, ছর্দ্দি, a vomiting, a throwing up from the stomach. [knot, &c.

বান্ধন, বাঁধন, আঁটন, গেঁঠান, to bind, fasten, confine, tie,

বান্ধব, জ্ঞাতি, আত্মীয়, a relation, kinsman, friend. [one.

বাপ, বাপা, বাবা,—পিতা, a father: used, in fondness, to any

বাপরে, বাপরেবাপ, বাপু,—দুঃখাদি সম্বোধক শব্দ, oh father! father! (an expression of pain or surprize.)

বাপমা, পিতামাতা, পিতরৌ, father and mother, parents.

বাপক, বীজক্ষেপক, বুননিয়া, sowing seed; a sower, seedsman.

বাপী, দীর্ঘিকা, জলাশয়, an oblong pond, a pool, a lake.

বাবদূক, বহুবক্তা, বাচাল, talkative, garrulous, loquacious.

বাবু, মর্য্যাদাসূচক সম্বোধন, ভদ্র লোক, sire, sir; a gentleman.

বাম, সব্য, বিপরীত, বিমুখ, অপ্রসন্ন, মনোরম, left (not right), contrary, opposed, reverse, inverted, unpropitious, averse from, beautiful, pleasing.

বামক, উদ্গারজনক, an emetic; causing vomiting.

বামণ, বামণী,—ব্রাহ্মণ ব্রাহ্মণী, বিপ্র বিপ্রা, *m.* & *f.* a brahmin and brahmini.

বামন, বামনীয়,—খর্ব্ব,খাটো, হ্রস্ব, a dwarf; short, pigmy, dwarfish.
বামলোচনা, সুনয়না স্ত্রী, a woman with handsome eyes.
বামা, স্ত্রীলোক, বাম হস্ত দিয়া ঢক্কা বাদক, a woman, a person who beats a drum with the left hand.
বামাচার, তান্ত্রিক মত, বিরুদ্ধ ধর্ম্ম, the doctrine of the Tantras, heterodoxy. [Tantras ; heterodox.
বামাচারী, তান্ত্রিক, বিরুদ্ধধর্ম্মাচারী, a Tantrist, a follower of the
বায়থা, উদম স্থান, নির্জন স্থান, ফাক, an open airy spot, a private place, an aperture. [gaseous.
বায়বীয়, পাবনিক, বায়ুবৎ, belonging or relating to wind,
বায়ব্য, পবনসম্বন্ধীয়, মরুৎকোণ, relating to the wind, sacred to the god of wind ; the north-west.
বায়স্, বায়সী,— কাক, বলিভুক্, অরিষ্ট. *m. & f.* a crow.
বায়ু, পবন, বাতাস, মরুৎ, পরচ্ছায়া, wind, air, hypocondria, the god of wind, a spirit. [the N.W.
বায়ুকোণ, মরুৎকোণ, পশ্চিম উত্তরের মধ্য, the quarter of the wind,
বায়ুগ্রন্থি, ঘূরাণিয়া বাতাস, বাওড়ী, a whirlwind. [wind, &c.
বায়ুগ্রস্ত, বিক্ষিপ্তচিত্ত, বাতিক, hypocondriac, troubled with
বায়ুব্যজন, পাখা, পাখাচুলানি, a fan, the act of fanning.
বায়ুভক্ষক, বায়ুভুক্,—পবনাশী, সর্প, feeding on air ; a serpent.
বায্য-1, বাতগ্রস্ত, পাগল, ক্ষিপ্ত, hypocondriac, insane, crazy.
বার, দিন, পালা, পরিবর্ত্ত, সময়, প্রস্তাব, সমূহ, পাল, মদ্যপাত্র, জল, শ্রেণী, অর্দ্ধপৃষ্ঠ, a day of the week, a turn, spell, rotation, exchange, vicissitude, time, an occasion, a multitude, quantity, flock, a liquor-vessel, water, a row, a tier, a column, half a page.
বারকোষ, কাষ্ঠময় গোলপাত্র বিশেষ, a tray, a large wooden dish.
বারণ, আটক করণ, নিষেধন, মানাকরণ, নামানন, আট্‌কান, বাধন, খণ্ডন, to hinder, prevent, prohibit, forbid, disallow, to repel, stop, check, thwart.
বারদ্বয়, দুইবার, পুনরায়, twice, again. [often, frequently.
বারবার, বারম্বার,—পুনঃ২, মুহুর্মুহু, again and again, repeatedly,
বারবেলা, প্রতিদিনের কর্ম্মাযোগ্য সময়, certain parts of each day considered unlucky and unfit for any enterprize or work. [woman.
বারস্ত্রী, বারাঙ্গনা,—বেশ্যা, a harlot, a prostitute, a common

বারাংনিধি, বারিধি—সাগর, সমুদ্র, the sea, the ocean.

বারাণ্ডা, চাঁদনী, পিড়া, a portico, a porch, a verandah.

বারান্তর, পুনরায়, ফের, again, once again, once more.

বারি, বার্,—জল, সলিল, উদক, water.

বারিকোল, বার্কোল,—কচ্ছপ, কমঠ, a tortoise.

বারিচর, জলজাত, জলচর, মৎস্য, aquatic; a fish.

বারিজ, জলোৎপন্ন, গুগলী, শঙ্খ, শম্বুক, পদ্ম, produced in water; a snail, a conch shell, any bivalve shell, a lotus.

বারিদ, জলদ, জলধর, মেঘ, giving water; a cloud.

বারিভূ, জলাকর, উনুই, মণ্ডুক, a spring of water, a frog.

বারী, জলসিঞ্চনপাত্র, দুগ্ধভাণ্ড, হস্তিবন্ধনার্থ রজ্জু, পালা, a water-pot, milking-vessel, the foot rope that fastens an elephant, a spell, a turn in rotation, watch, time of duty.

বারুণী, পশ্চিমদিক্, মদিরা, বিংশতিতম নক্ষত্র, চৈত্র মাসের কৃষ্ণা ত্রয়োদশী, the west, spirituous liquor, the 20th lunar mansion, a festival on the 13th day of the wane in Chaitra.

বারুদ, অগ্ন্যস্ত্রার্থে চূর্ণদ্রব্য বিশেষ, অর্থাৎ মিলিত যবক্ষার গন্ধকাঙ্গার, gunpowder.

বারেক, একদা, একবার, once, one time.

বারে, পালায়, পর্য্যায়ক্রমে, বিনিময়ে, in turn, in rotation, in exchange; for.

বারে২, পরস্পরে, ক্রমে২, পুনঃ২ alternately, in rotation, often, repeatedly, again and again.

বারোদ্বারী, দ্বাদশদ্বারযুক্ত, রাজবাড়ী, অট্টালিকা, ভিক্ষুক, ভিখারী, having twelve doors, mendicant, begging from door to door; a palace, a mendicant, a beggar.

বারোবারী, সামান্য, সাধারণ, চলিত, general, common, frequent.

বার্ত্তা, কথা, জনরব, সম্বাদ, বৃত্তান্ত, কথোপকথন, জীবিকা, ব্যবসায়, a word, report, rumour, tidings, news, message, information, relation, account, narration, warning, conversation, a livelihood, occupation.

বার্ত্তিক, প্রেরিত, সম্বাদক, টীকা, an envoy, messenger, a gloss, comment.

বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা, বুড়ামী, old age.

বার্দ্ধীন, মেষ, মুষ্কমুক্ত ভেড়া, a wild sheep, a wether.

বার্ধুষিক, ব্যাজখেকুয়া, ঋণদানোপজীবী, a usurer, money-lender.

বার্ষিক, প্রতিবৎসরীয়, প্রতিবৎসর অনুষ্ঠেয়, প্রতিবৎসর লভ্য বৃত্তি, yearly, annual, belonging to a year; a yearly pension, &c. [pati.
বার্হস্পত্য, নীতিশাস্ত্র, morality, ethics; derived from Vrihas-
বাল, অবগণ্ড, শিশু, ছেল্যা, চুল, অন্তর্লোম অশ্বাদির পুচ্ছ, মূর্খ, an infant, child, boy, lad, a colt, hair, a lock of hair, hair on the privities, a horse's tail, any tail; infantine, childish, ignorant, uninformed.
বালক, অবগণ্ড, ছেলিয়া, শিশু, মূর্খ, an infant, child, boy, lad, a fool, a blockhead. [a child.
বালকীয়, শিশুকালীন, ছেলিয়ার, childish, infantine, relating to
বালসন, বালকের তাপ হওন, to be seized with fever, (spoken of an infant.) [twilight.
বালসন্ধ্যাভ, বেগুনীয়ারঙ্গ, অরুণবর্ণ, purple, the colour of the
বালসা, বালকের জ্বর হওয়া, a fever, (in a child or infant.)
বালা, মেয়্যা ছেল্যা, কন্যা, স্ত্রীলোক, বলয়, a female child, girl, young woman, a female, a woman, a bracelet.
বালাই, বিপত্তি, আপদ, an ill, misfortune.
বালাধিকার, ছেল্যার বিষয়, শিশুকালোপযুক্ত, শৈশবাবস্থা, things proper for or peculiar to children, pupillage.
বালি, কদলী আদির অপ্রসারিত পত্র, দ্বারের পাতা, সিকতা, the leaf of the plantain, palm &c. in its sheathe, a single leaf of a door, sand. [young girl, sand.
বালিকা, ষোড়শ বৎসর পর্য্যন্ত বয়স্কা স্ত্রী, সিকতা, a female child, a
বালিয়া, সিকতাময়, sandy, abounding in or made of sand.
বালিশ, শিতান, শিশু, মূর্খ, a pillow, bolster, cushion; young, ignorant, uninformed.
বালিহংস বা হাঁস,—বন্য পাতিহংস, a teal or wild duck.
বালী, বালুকা,—সিকতা, কঙ্কর, sand, gravel, grit.
বালীচূণ, ইষ্টকাদি গাঁথনে লেপনীয় বস্তু, sand and lime, mortar.
বালেন্দু, শুক্লপক্ষের দ্বিতীয়াদির চন্দ্র, অর্দ্ধচন্দ্র, a crescent, new moon.
বাল্তি, দুঃখী, অনাথ, কাষ্ঠময় জলপাত্র বিশেষ, poor, destitute, forlorn, bereft; a bucket.
বাল্য, শৈশবাবস্থা, ছেল্যাম, infancy, childhood, youth.
বাল্যভোগ, প্রাতঃকালীন ভোজন, breakfast, the morning meal.
বাঁশ, বংশ, বেণু, মুরলী, a bamboo, reed, flute, pipe, fife.

বাষ্ট্য-1, বাসি, পচা, সড়া, stale, old, stinking.
বাস, গৃহ, ঘর, গন্ধ, a residence, dwelling, abode, a smell, perfume, scent. [parel.
বাস, বাসস্,—বস্ত্র. a garment, clothing, cloth, dress, ap-
বাসক, বসনিয়া, থাকনিয়া, dwelling, residing; an inhabitant.
বাসকসজ্জা বা সজ্জিকা,—বেশভূষাযুক্তা জারাপেক্ষিণী, a woman dressed and waiting to receive her lover.
বাসতেয়, অবস্থেয়, নিবাসযোগ্য, habitable, inhabitable.
বাসন, পাত্র, আধার, বাঞ্ছন, গ্রাহ্য করণ, উত্তম করিয়া জানন, চাহন, a plate, dish, vessel, box, receptacle; to like, approve of, wish, incline to.
বাসনা, স্পৃহা, বাঞ্ছা, অভিলাষ, কামনা, অনুশীলতা, চেষ্টা, মনস্থ, a wish, desire, choice, lust, an inclination, propensity, a passion for, a design, intention.
বাসন্ত-ী, বসন্তকালীন, vernal, belonging to the spring.
বাসর, দিবস, বিবাহরাত্রীয় সহশয়ন, a day, the sleeping together of a couple the first night after marriage.
বাসা, ঠিকানা, প্রবাস, ঘর, নীড়, ছাউনী, a lodging, temporary residence, place of abode, a nest, haunt, lair, an encampment.
বাসাগার, গৃহ, থাকিবার স্থান, শয়নঘর, a man's temporary residence while away from home, a dwelling house, a sleeping room.
বাসাড়ীয়া, প্রবাসী, বিদেশী, living in lodgings, residing from home; a temporary resident, a stranger.
বাসান, সোঁধান, গন্ধান, to perfume, scent, smell.
বাসি, পর্য্যুষিত, অটাট্কা, পরিষ্কৃত, ধৌত, ক্ষুদ্র কুঠার, stale, not fresh, old, clean-washed (clothes); a chopper, a small hatchet, an adze.
বাসিত, সুগন্ধযুক্ত, রসযুক্ত, সুস্বাদু, ভিজান, বস্ত্রপরিহিত, perfumed, scented, spiced, seasoned, steeped, infused, clothed, dressed.
বাসিন্, বাসী,—থাকনিয়া, তিষ্ঠনিয়া, dwelling, residing, inhabiting.
বাস্তব, বাস্তবিক,—যথার্থ, প্রকৃত, স্বাভাবিক, ভৌতিক, প্রমিত, সত্য, real, genuine, substantial, material, determined, substantiated, true.

বাস্তব্য, বাস্য,—নিবাসার্হ, fit for a residence, habitable.
বাস্তু, গৃহ, ভিটা, a house, dwelling, the scite of a dwelling.
বাষ্প, ভাপ, ধূম, অশ্রু, উল্লেখ, উদ্দেশ, লেশ, কিছুই, vapour, steam, reek, spray, tears, rheum, mention, relation, a trace, the least trace, an atom, any thing; any, the least, the smallest.
বাষ্পধর্ম্মক, ধূমবৎ, volatile, flying off in steam.
বাহক, ভারসহ, মোটিয়া, দাঁড়ী, হস্তী ঘোটকাদি, অশ্বারূঢ়, carrying, bearing; a porter, carrier, rower, waterman, a horse or other conveyance, a horseman.
বাহুড়ন, বাহুড়ন,—প্রত্যাগমন, ফিরিয়া আইসন, to turn back, to return. [other conveyance.
বাহন, যান, হস্তী ঘোটকাদি, a carriage, vehicle, a horse or
বাহন, নৌ চালান, ভার সহন, চড়ন, to row, steer, carry, bear, clamber, climb (as a plant.)
বাহবাবাহবি, ধরাধরি, হাতাহাতি, a grappling; hand to hand.
বাহিনী, সৈন্য, দল, তিনগণ সেনা, অভিমুখী, স্রোতস্বতী, an army, cohort, body of troops, battallion; *f.* facing, flowing. [outside, out of doors.
বাহির, বাহিরে,—অনভ্যন্তরে, বহির্দিগে, বাহ্যে, without, out, abroad,
বাহির্নাম, ঠিকানা, শিরনাম, the address or direction of a letter.
বাহু, বাহ,—ভুজ, ব্যাম, the arm, a fathom.
বাহুমূল, ভুজশিরঃ, কক্ষ, the shoulder-blade, the arm-pit.
বাহুযুদ্ধ, মুষ্টামুষ্টি, হাতাহাতি, কীলাকীলি, a scuffling, wrestling, hand-fight, fisticuffs, pugilism.
বাহুল্য, আতিশয্য, প্রাচুর্য্য, প্রচুর, abundance, plenty, multiplicity, enlargement, size; plentiful, many.
বাহ্য, বহনীয়, বহির্দিগের, অনভ্যন্তর, বহিঃস্থ, to be carried, &c. external, outward, superficial.
বাহ্যে, টাটি, স্পষ্টে, out (to ease nature), openly.
বাহ্যস্থান, মলমূত্রত্যাগার্থস্থান, টাটি, a privy, a place to ease nature in, the outskirts of a town, &c. so used.
বাহ্যক্রিয়া, কোষ্ঠশুদ্ধি, শৌচ, a going to stool, evacuation.
বিউনী, বেণি, জড়িত বাল, a tail of hair.
বিউলী, নিস্তুক্ মুদ্গাদি কলায়, shelled pulse. [eye of a needle.
বিঁদ, বিঁধ,—ছিদ্র, রন্ধ্র, a perforation, bore, vent, incision, the

বিঁধন, ভেদন, কোড়ন, গুতন, সিঁধ কাটন, to pierce, perforate, bore, tap, stab, prick, thrust, undermine.

বিকন-আন, বেচন, বিক্রয়, to sell, to vend ; a sale.

বিকচ, প্রস্ফুটিত, প্রসারিত, টাক্পড়া, blown, expanded, spread, opened, open, bald.

বিকট, দায়, ভয়, ভয়ানক, বিদপ, বিকৃত, প্রকাণ্ড, অতিবড়, সুন্দর, jeopardy, danger, fear; awe ; formidable, horrible, hideous, distorted, deformed, changed in form or appearance, huge, large, beautiful.

বিকল, চিন্তান্বিত, কাতর, ভাবিত, অবাক্, নুলা, পঙ্গু, বিগড়িত, নষ্ট, জীর্ণ, শুষ্ক, হ্রাসপ্রাপ্ত, agitated, disturbed, troubled, distressed, confused, confounded, defective, imperfect, maimed, impaired, out of order, decayed, withered, waned.

বিকলাঙ্গ, নুলা, খোঁড়া, কুডৌল, maimed, crippled, deformed.

বিকলেন্দ্রিয়, হতেন্দ্রিয়, অবশ হস্তপাদাদি বিশিষ্ট, having defective or impaired organs or powers.

বিকল্প, ইচ্ছাপূর্ব্বক গ্রাহ্যাগ্রাহ্য, কাম্য, দ্বিরূপ, দ্বৈধ, সন্দেহ, optional, admitting two forms (in grammar ;) an alternative, option, doubt, suspence.

বিকল্পিত, স্বেচ্ছাপূর্ব্বক গ্রহণীয়, গ্রাহ্যতর, সন্দিগ্ধ, অনিশ্চিত, admitted as optional, chosen as an alternative, in suspence, in doubt, undecided. [blown.

বিকসিত, প্রফুল্ল, প্রসারিত, opened as a flower, expanded,

বিকাও, বিক্রেতব্য, বিক্রয়ণীয, পণিতব্য, বেচিবার, saleable.

বিকার, প্রকারান্তর, স্বভাবের অন্যথা, পরিণাম, অপকৃষ্টত্ব, বিগড়, দোষ, গ্লানি, ধাতুভেদ, পিত্তাদিবৃদ্ধি, রোগ, রজোগুণপ্রাপ্তি, রাগাদি, যোগভঙ্গ, মরণকালীন রোগবৃদ্ধি, a change of form, nature or quality, alteration, transmutation, transformation, deterioration, depravation, spoiling, fading, a dangerous symptom, an accumulation of bile or other change of natural humours, disease, sickness, passion, feeling, emotion, a transition from the quiescent state of the mind, the fatal change immediately preceding death.

বিকাররাহিত্য, পরিণামশূন্যতা, রাগহীনতা, গুণসাম্য, unchangeableness, incapability of change or deterioration, immobility by passion or emotion as of the Deity. [precedes death.

বিকাররোগ, ব্যাধি, মরণকালীন পরিণাম, disease, the change which

বিকারী, পরিণামকারী, যাহার পরিণাম হইতেছে, producing or undergoing a change, &c. [deterioration, &c.

বিকার্য্য, পরিণেয়, যাহার বিকার হইতে পারে, capable of change or

বিকাল-বেলা, গোধূলী, সন্ধ্যাকাল, evening, afternoon, twilight.

বিকাশ, প্রসার, ফুলের ফুটন, expansion, the opening of a flower.

বিকী, বিক্রয়, বেচা, sale, a sale, vent. [ter.

বিকীকিনী, ক্রয়বিক্রয়, বিনিময়, buying and selling, trade, bar-

বিকির, অগ্নিদগ্ধের পিণ্ড, the funeral cake offered for one destitute of surviving relatives to do it for him.

বিকীরণ, ছড়ান, নিক্ষেপণ, ছিটান, to scatter, throw about, spread, sprinkle. [sprinkled.

বিকীর্ণ, নিক্ষিপ্ত, ছিটান, scattered, spread about, dispersed,

বিকৃত, অন্যথাভূত, মতান্তর, পরিণত, বিগড়িত, নষ্ট, অপকৃষ্ট, ম্লান, রোগী, বিকলাঙ্গ, বিমুখ, বিরক্ত, changed, altered, transformed, impaired, imperfect, faded, diseased, sick, distorted, deformed, estranged, alienated, filled with aversion or disgust.

বিকৃতি, স্বভাবের অন্যথা, বিরুদ্ধাকার, ভ্রষ্টামী, দুষ্টতা, change, transformation, distortion, depravity.

বিক্লৃপ্ত, নানাপ্রকার, বিবিধ, variously done, not uniform.

বিক্রম, শক্তি, বল, প্রতাপ, সাহস, power, strength, authority, energy, valour, prowess, courage, heroism.

বিক্রমী, বিক্রান্ত,—বলবান্, বীর, সাহসী, powerful, able, courageous, bold, daring, valiant, heroic.

বিক্রয়-ণ, বেচা, বিকী, a selling, sale, vent. [able, marketable.

বিক্রয়ণীয়, বিক্রেয়, —বেচিবার যোগ্য, পণিতব্য, saleable, merchant-

বিক্রয়ী, বেচনিয়া, selling, vending; a vender, seller.

বিক্রী, বিকী,—বেচা, বেচিবা, sale, a sale, vent.

বিক্রীত, বেচা, কৃতবিক্রয়, sold, disposed of by sale.

বিক্রীড়িত, কৃতক্রীড়া, বিলসিত, পরিহসিত, played, having played, danced, joked, &c.

বিক্রেতা, বিক্রয়কারী, মূল্যগ্রাহক, পণ্যজীবী, a seller, a salesman.

বিক্লব, ভয়াকুল, বিস্মিত, ক্ষুব্ধ, অবাক্, ঘবরাণ, overcome by fear, surprize, agitation, shame or other passion, confused, confounded, lost, bewildered.

বিক্লান্ত, শ্রান্ত, অবসন্ন fatigued, wearied, exhausted.

বিক্লিন্ন, শুষ্ক, ম্লান, জীর্ণ, আর্দ্র, shrivelled, withered, decayed, old, wet, moist.

বিক্লেদ, আর্দ্রতা, ভিজাভাব, পূঁজ, রসানি, wetness, dampness, an oozing with matter, suppuration. [zy, silly.

বিক্ষিপ্ত, ছড়ান, নিরস্ত, পাগল, scattered, thrown, sent, &c. cra-

বিক্ষুব্ধ,. কাতর, ভাবিত, agitated, disturbed, anxious.

বিক্ষেপ, ফেলা, ঘবরাণী, ক্ষোভ, a throwing, propelling, casting, scattering, dispersion, confusion, perplexity, distress of mind. [scatter, disperse.

বিক্ষেপণ, ফেলন, ছুটান, ছড়ান, to throw, cast, send, shoot,

বিক্ষোভ, কাতরতা, ভাবনা, agitation, distress of mind, anxiety.

বিথারা, স্বরের অমেল, অসমন্বিত স্বর, a discord, (in music.)

বিখ্যাত, প্রসিদ্ধ, বিদিত, নামধেয়, famous, renowned, praised, celebrated, spoken of, denominated.

বিখ্যাতি, প্রসিদ্ধি, যশ, fame, celebrity, notoriety, renown.

বিগড়ন, বিকার কিম্বা নাশ পাওন, মন্দ হওন, শুকন, সড়ন, পড়ন, স্বধর্ম্ম ত্যাগ করণ, to be deteriorated, to alter for the worse, to change, alter, fade, decay, apostatize.

বিগড়ান, বিগাড়ন,—নষ্ট করণ, উল্টান, ক্ষয় করণ, মন্দ করণ, জাতি মারণ, to spoil, vitiate, impair, deteriorate, deface, ruin, mar, seduce, debauch, violate.

বিগড়, বিগাড়,—বিকার, বিনাশ, স্বধর্ম্মত্যাগ, সুহৃদ্ভেদ, বিবাদ, deterioration, ruin, a change for the worse, apostacy, a rupture, quarrel. [ruining, &c.

বিগড়ানী, বিনাশক, ধ্বংশকারী, spoiling, vitiating, seducing,

বিগণ, শত্রু, রিপু, বিপক্ষ, a foe, adversary, enemy.

বিগত, প্রেত, প্রস্থিত, অন্তর্হিত, বিযুক্ত, ঘোর, দীপ্তিরহিত, বিতস্তি, departed, gone, disappeared, severed, separated, parted, dark, gloomy, obscured; a span.

বিগম, প্রস্থান, বিচ্ছেদ, অন্তর্ধান, ত্যাগ, departure, separation, disappearance, a parting, relinquishing.

বিগর্হণ, দোষ দেওন, নিন্দা করণ, গালাগালি দেওন, ঘৃণা করণ, to censure, reproach, vilify, abuse, hate, abominate.

বিগলিত, পতিত, ঝরা, অবদ্ধ, মুক্ত, দ্রুত, সড়া, fallen, dropped, oozed, removed, loose, dishevelled, melted, putrified.

বিগামী, প্রস্থানকারী, গমনোদ্যত, departing, setting off, separating. [proached, vilified.

বিগীত, তিরস্কৃত, নিন্দিত, defamed, censured, abused, re.

বিগুণ, অকর্ম্মণ্য, দুষ্ট, মন্দ, নষ্ট, অমঙ্গল, অপ্রসন্ন, হিংসুক, কুস্বভাব, বিকার, worthless, ill-disposed, evil, bad, spoiled, pernicious, unpropitious, injurious; an evil quality or disposition, vitiation, deterioration.

বিগোছ, মিশাল, উল্টুন, উৎপাত, প্রণয়ভঙ্গ, বিরোধ, a mixture, confusion, ruin, a rupture, quarrel.

বিগ্রহ, যুদ্ধ, পুত্তলী, প্রতিমা, আকার, রূপ, শরীর, war, battle, a combat, an image, idol, shape, form, the body.

বিঘটন, দৈবাধীন, আপদ, an occurrence, event, misfortune.

বিঘটিত, দৈবাৎ পড়া, উপস্থিত, দুরদৃষ্টজনিত, উৎপাত, আপদ, happened, occurred, befallen as a misfortune; an accident, calamity.

বিঘত, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, বিতস্তি, a long span.

বিঘা, কুড়া, বিশ কাঠা ভূমি, a measure of land, twenty Cottahs or from 80 to 87 cubits square.

বিঘাত, বাধা, আটক, ক্ষতি, ধ্বংস, হত্যা, a hindrance, obstacle, injury, hurt, destruction, murder. [impede.

বিঘাতন, হিংসা করণ, মারণ, আট্কান, to hurt, injure, kill, murder,

বিঘাতী, হিংসাকর, মারক, বাধক, injuring, killing, destroying, opposing, &c. [wind, a whirlpool.

বিঘূর্ণন, আবর্ত্তন, বায়ুগ্রন্থি, পাকনা, a whirling round, a whirl-

বিঘ্ন, আঘাত, আটক, উৎপাত, আপদ, a hindrance, impediment, obstacle, obstruction, opposition, danger, calamity, misfortune. [ed.

বিঘ্নিত, বাধিত, নষ্ট, obstructed, prevented, hindered, spoil

বিঘ্রাণ, গন্ধ, বাস, গন্ধবোধ, a scent, smell, smelling.

বিচক্ষণ, নিপুণ, পণ্ডিত, সুচতুর, দক্ষ, eminent, superior, excellent, learned, wise, clever, able, skilful.

বিচর্চ্চিকা, কণ্ডু, কচ্ছু, দদ্রু, the itch, scab, ringworm.

বিচল, কুব্যবহার, আজ্ঞালঙ্ঘন, অন্যথাচার, ঢেঁটামি, চাঞ্চল্য, পাসরা, মোচড়, সন্ধিচ্যুত, irregular conduct, disobedience, perverseness, fickleness, unsteadiness, failure, a slip, dislocation, sprain, strain, wrench.

বিচলা, পিছলা, টলা, পাসরা, a slip, a false step.

বিচলিত, পিছলিত, অপগত, টের্চা, চঞ্চল, অস্থির, সন্ধিচ্যুত, বিকৃত, নষ্ট, বিরুদ্ধ, slipped, moved in a wrong direction, bent, fickle, unstable, unsteady, unfixed, dislocated, displaced, perverted, ruined, contrary.

বিচার, বিবেচনা, চর্চ্চা, বিতণ্ডা, যথার্থের নিরূপণ, অনুমান, সিদ্ধান্ত, নিষ্পত্তি, ন্যায়, investigation, examination, deliberation, consultation, discussion, disputation, reasoning, enquiry, an opinion, determination, judgment, decision, a trial at law.

বিচারক, বিচারকর্ত্তা, ন্যায়ক, বিবেকী, বুদ্ধিমান, a judge, one who investigates, &c. investigating, reflecting.

বিচারণ, যথার্থের নিরূপণ, তর্কণ, বিবেচনা করণ, নিষ্পাদন, to investigate, examine, reason, discuss, judge, decide.

বিচারসূত্র, ব্যবস্থা, তর্কবিধান, a rule for judging, a logical aphorism.

বিচারিত, বিবেচিত, তর্কিত, নির্ণীত, examined, investigated, discussed, judged, &c.

বিচারী, ন্যায়ক, তর্কক, discussing, investigating, judging.

বিচার্য্য, বিবেচনীয়, নির্দ্ধেতব্য, deserving examination or enquiry, &c. cognizable.

বিচালিত, স্বস্থানচ্যুত, সরাণ, অসম্পূর্ণ, displaced, unfixed, removed, unfulfilled.

বিচালী, ধান্যাদির আছড়া, straw, rice or barley straw.

বিচিকিৎসা, সংশয়, সন্দেহ, ভ্রম, ভুল, বাধা, আটক, আপদ, doubt, uncertainty, an error, mistake, obstacle, interruption, any untoward circumstance.

বিচিত্র, বিস্ময়, চমৎকার নানাবর্ণ, বহুরঙ্গ, বহুবিধ, সুশোভিত, রঙ্গিল, সুন্দর, বিলক্ষণ, চমৎকারী, আশ্চর্য্য, surprize, wonder, astonishment, a variegated colour; particoloured, spotted, speckled, variegated, varied, painted, ornamented, gaudy, splendid, beautiful, beautified, elegant, handsome, surprising, wonderful, astonishing.

বিচিত্রিত, চমৎকৃত, বিস্মিত, রঙ্গিল, নানাবর্ণ, full of wonder, surprized, astonished, variegated, spotted, &c.
বিচিন্তা, ভাবনা, উদ্বেগ, অনুধাবনা, anxiety, care, careful or mature consideration, deep reflexion.
বিচিন্তিত, কাতর, ভাবিত, উদ্বিগ্ন, সুবিবেচিত, anxious, thoughtful, full of care, well considered, maturely weighed.
বিচেষ্টিত, শ্রমপূর্ব্বক অন্বেষিত, তর্কিত, নির্ণীত, আবিষ্ট, carefully sought or laboured for, closely investigated, enquired into, ascertained, deeply engaged in.
বিচ্ছিত্তি, কাটিয়া ফেলা, বিদারণ, ভঙ্গ, ভেদ, ক্ষতি, বিনাশ, অন্তর্ধান, সীমা, ছেদ, a cutting off, excision, a cutting, dividing, fracture, rupture, loss, destruction, disappearance, limit, boundary, a cæsura or pause.
বিচ্ছিন্ন, বিদীর্ণ, কাটা, ভিন্ন, ভাঙ্গা, বিভক্ত, পৃথক্কৃত, বণ্টিত, ছড়ান, parted, divided, cut, separated, interrupted, portioned, shared out, scattered.
বিচ্ছেদ, বিয়োগ, বিভাগ, পৃথককরা, ভেদকরা, বিরহ, অমিল, চিত্তমালিন্য, অপ্রীতি, যতি, অন্তরাল, প্রকরণ, a separation, division, disjunction, parting, removal, absence, disunion, variance, interruption of friendship or love, a space between words, an intermediate space, a chapter, section, division.
বিছুটী, চরতা বিশেষ, a species of nettle.
বিছড়ান, ছিটান, ছানন, to scatter, strew, sprinkle, knead.
বিছা, বৃশ্চিক, a scorpion, a centipede, the sign Scorpio.
বিছান, বিস্তারণ, পাড়ন, to spread out, lay down as a mat or carpet, to strew, to lay in beds or layers.
বিছানা, শয্যা, আস্তরণ, মাজুরী ইত্যাদি, a bed, carpet, floor-mat, &c. any thing spread out to lie upon.
বিজন, বিরল, নির্জ্জন, solitary, private, lonely, uninhabited.
বিজন্মা, জারজ, কুণ্ড, a spurious birth, bastard, natural child.
বিজয়, জিতনক্রিয়া, শত্রুদমন, conquest, victory, triumph.
বিজয়া, দুর্গা, তিথি বিশেষ, Durgá, the 10th of the increase in Ashwiní.
বিজয়ী, জিতনিয়া, জয়প্রাপ্ত, victorious, triumphing, triumphant; a conqueror.
বিজলী, বিদ্যুৎ, তড়িৎ, lightning.

বিজাত-ক, জারজ, ঢেমন, দ্বিজাতীয়, সঙ্কর, base-born, bastard, spurious, hybrid, mongrel, of mixed breed.

বিজাতি, অন্যপ্রকার, বিশেষ, a different kind or species.

বিজাতীয়, বিশেষ, ইতর, ভিন্ন, অসামান্য, অতুল, বিলক্ষণ, বড়, অতিশয়, অদ্ভুত, বিবিধ, দ্বিজাতীয়, জারজ, অনুচিত, ঘৃণার্হ, বিপক্ষ, of a different species, dissimilar, unparalleled, excellent, great, excessive, wonderful, various, mongrel, base-born, improper, hateful, hostile.

বিজিগীষা, পরজয়েচ্ছা, a desire of conquest, emulation, rivalry.

বিজিগীষু, পরজয়েচ্ছুক, desirous of victory, emulous, invading.

বিজিত, পরাভূত, বিখ্যাত, বিদিত, subdued, overcome, conquered, famed, wafted.

বিজৃম্ভিত, হাইছাড়নিয়া, প্রসারিত, yawning, stretching, spread open, expanded.

বিজেতা, জয়ী, জিতনিয়া, a conqueror, vanquisher, victor.

বিজ্ঞ, সবুদ্ধি, নিপুণ, wise, experienced, learned, skilful, able.

বিজ্ঞপ্তি, সম্বাদ দেওয়া, জানানি, নিবেদন, উক্তানুমান, the communication of intelligence, information, a representation, a sentiment, a declared opinion.

বিজ্ঞাত, অবগত, বুদ্ধ, বিদিত, খ্যাত্যাপন্ন, known, understood, notorious, celebrated, famous.

বিজ্ঞাতা, অবগত, জ্ঞানপ্রাপ্ত, সাক্ষী, one who knows a thing, a witness.

বিজ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য, স্মৃতিশাস্ত্রবোধ, শিল্পশাস্ত্রাদিতে বুদ্ধি, অনুভব, অনুমান, বোধ, science, learning, knowledge of books, (especially of law books,) worldly knowledge as of painting, &c. or of the mechanical arts, an idea, a conception of the mind.

বিজ্ঞাপন, জানান, প্রচারণ, বিবরণ, বুঝান, to make known, inform, declare, publish, describe, explain, demonstrate.

বিজ্ঞাপনা, প্রকাশকরা, বুঝাঙ্গ, an advertisement, information, demonstration.

বিজ্ঞেয়, জ্ঞাতব্য, বোধনীয়, cognizable, comprehensible.

বিট্, বিষ্ঠা, মল, ষিড়্গ, দুষ্ট, ধূর্ত্ত, বৈশ্য, excrement, dung, a catamite, a varlet, rascal, rogue, cheat, a Vaishya.

বিটল, বিটলিয়া, বিটাল, বিটুল, বিটোল, } অধর্ম, দুষ্ট, লোচ্চা, দুর্বৃত্ত, অসৎ, কুশীল, মন্দলোক, vile, vicious, unprincipled, seditious, unruly; a rascal, scoundrel, villain.

বিটপ, গুচ্ছ, স্তবক, পল্লব, ষিড়্গপাল, a tuft, bunch, cluster, clump, a new shoot, a keeper of pathics.

বিটপাচরণ, দুষ্টামী, ধূর্ত্তামী, rascally conduct, villainy, fraud.

বিটলবণ, কালা নুণ, black salt, (used medicinally.)

বিভোর, বিহ্বল, ঘবরাণ, হতজ্ঞান, অবাক্, মুগ্ধ, মত্ত, discomposed, confused, confounded, fascinated, intoxicated.

বিড়ম্বন, ক্লেশন, জ্বলান, পীড়ান, অনুকরণ, ভেঙ্গান, বেশ ধারণ, to afflict, distress, vex, tantalize, copy after, imitate, to assume a character or dress.

বিড়ম্বনা, দুঃখ, ক্লেশ, অনুকার, affliction, distress, imitation, &c.

বিড়া, আটি, আটলা, a sheaf, a porter's pad.

বিড়াল, মার্জ্জার, আখুভুক্, a cat.

বিড়্বিড়ন, কচ্কচি করণ, to mutter, murmur, grumble, mumble.

বিঢপ, কদর্য্যাকার, বিকলাঙ্গ, কুরূপ, deformed, distorted, ugly.

বিৎ, জ্ঞ, নিপুণ, দক্ষ, *affix*: wise, knowing, clever, skilful, acquainted with, versed in.

বিতং, বিস্তার, বৃত্তান্ত, a detail, circumstantial narration.

বিতণ্ডন, বাদানুবাদ করণ, to debate, discuss, reason upon.

বিতণ্ডা, ভাষাভাষি, বাক্‌বিরোধ, বিবাদ, খণ্ডনা, a debate, argument, controversy, contention, dispute, criticism, refutation.

বিতত, টানা, বিস্তৃত, ব্যাপ্ত, stretched, extended, expanded, spread, diffused.

বিতথ, মিথ্যা, অসত্য, অযথার্থ, false, untrue.

বিতরণ, ভিক্ষাদান করণ, বণ্টন, অর্পণ, দান, ভিক্ষা, to give alms, dole out, give, bestow; an alms, largess, donation.

বিতরণী, ভিক্ষাদায়ী, বণ্টনকারী, giving alms, bestowing, doling out.

বিতর্ক, বিবেচনা, অনুধাবন, ঠাহরা, অনুমান, সন্দেহ, investigation, discussion, reasoning, deliberation, an inference, conjecture, supposition, doubt.

বিতর্কণ, বিতণ্ডন, বাদানুবাদ করণ, ঠাহরণ, বুঝন, to reason, discuss, weigh, deliberate, think, suspect.

বিতল, নরক বিশেষ, the second of the infernal regions.

বিতস্তি, বিগত, দ্বাদশাঙ্গলি পরিমাণ, a span, twelve fingers breadth.

বিতান, চাঁদনী, টানা, বিস্তার, an awning, canopy, the warp of cloth, an expansion, extension, spreading out.

বিতুষ, পরিষ্কৃত ধান্যাদি, cleansed from the husk or chaff.

বিতুষ্ট, বিরক্ত, অতৃপ্তমনাঃ, অসম্মত, বিমনাঃ, রুষ্ট, ক্রুদ্ধ, displeased, dissatisfied, discontented, reluctant, unwilling, angry, piqued, offended.

বিতৃষ্ণ, নিবৃত্ততৃষ্ণা, অপিপাস, ঠণ্ডা, তৃপ্ত, অসন্তুষ্ট, বিরক্ত, having the thirst slackened, satisfied indifferent to, dissatisfied with, disliking, disgusted, nauseating.

বিতৃষ্ণা, অশ্রদ্ধা, অনিচ্ছা, অরুচি, ঘৃণা, indifference to, dislike, distaste, satiety, disgust, antipathy.

বিত্ত, ধন, সম্পত্তি, সঞ্চিত, উপার্জ্জিত, বিচারিত, তর্কিত, বিদিত, বিখ্যাত, wealth, property, substance; gained, acquired, discussed, judged, examined, investigated, known, notorious, famous.

বিত্তা, বিত্তু,—পাণ্ডিত্য, শাস্ত্রজ্ঞান, wisdom, acquaintance with a science.

বিত্রপ, নির্লজ্জ, ঢেঁটা, impudent, shameless, bold.

বিদগ্ধ, নিপুণ, বুদ্ধিমন্ত, বিচক্ষণ, লম্পট, ভণ্ডতাকারী, পণ্ডিত, clever, sharp, shrewd, skilful, knowing, learned, witty, intriguing, amorous, lecherous, lustful; a libertine, intriguer, a scholar.

বিদগ্ধা, মোহিনী, a woman of insinuating manners and conversation.

বিদরণ, চিরণ, ফাটন, to be torn or lacerated, split, tear, crack.

বিদল, অন্যদলস্থ, বিপক্ষ, ডালা, ডালি, ছোলা, কুচা, মিঠাই, কোবিদার বৃক্ষ, of an opposite or adverse party, inimical; a sort of basket, split peas, parings, chips, cuttings, a cake, mountain ebony.

বিদা, মই, আউরী, a garden rake, a harrow.

বিদাঁড়া, বিদ্ধিবিরুদ্ধ, অনুচিত, কদাচার, অসভ্যতা, against or contrary to rule, irregular, improper, rude; rudeness, an incivility, improper conduct.

বিদায়, গমনের অনুমতি, ছুটী, permission to depart, dismissal, leave, leave of absence; retiring or departing in health and peace.

বিদায়ী, বিদায়প্রাপ্ত, পারিতোষিক, asking leave, having obtained leave; a present on departure, a gratuity.

বিদার, চেরা, ফাক, a rent, split, laceration, chink, crack.

বিদারণ, চষণ, চিরাণ, ফাড়ন, উপড়ন, to tear, lacerate, mangle, rend, split, cleave, hew, plough, root up.

বিদিক্, বিদিগ্,—দিকের মধ্যবর্ত্তি দিক্, an intermediate point of the compass. [known, declared.
বিদিত, জ্ঞাত, পরিচিত, প্রকাশিত, knowing, acquainted with,
বিদীর্ণ, চেরা, ফাড়া, torn, lacerated, scratched, rent, cleft.
বিদুর, প্রাজ্ঞ, বুদ্ধিমান, wise, clever, intelligent, learned.
বিদূষক, নিন্দক, কুৎসাবাদী, ছলগ্রাহী, রসিক, অপবাদী, ভণ্ড, blaming, finding fault, censorious, suspicious, facetious, witty; a detractor, a wag. [tance.
বিদেশ, পরদেশ, দূর দেশ, a distant or foreign country, a dis-
বিদেশী, পরদেশী, আগন্তুক, প্রবাসী, of another country, foreign, strange; a foreigner, sojourner, stranger.
বিদ্ধ, কোড়া, ভেদিত, perforated, bored, pierced, penetrated.
বিদ্বত্তা, শাস্ত্রজ্ঞান, পাণ্ডিত্য, wisdom, intelligence, erudition.
বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানবান্, intelligent, wise, learned; a sage.
বিদ্বিষ্ট, ঘৃণিত, নিগৃহীত, ক্লিশিত, hated, persecuted, injured, maltreated, maliciously pursued.
বিদ্বেষ, বিদ্বিষ্টি,—বৈর, পরহিংসেচ্ছা, দোষকথন, নিগ্রহ, উচ্চাটন, enmity, hatred, malice, angry abuse, persecution.
বিদ্বেষী, বিদ্বেষক,—ঘৃণাযুক্ত, হিংসেচ্ছুক, ক্লেশদ, বিশ্বখণ্ডক, কঠিন, malicious, hating, injurious, persecuting, captious, difficult to please, dissatisfied.
বিদ্বেষ্টা, পরহিংসেচ্ছুক, ছিদ্রগ্রাহী, নিগ্রহকারী, বৈরী, a malicious or captious person, a persecutor, an enemy.
বিদ্যমান, জীবন্ত, বর্ত্তমান, সাক্ষাৎকার, প্রস্তুত, existing, existent, extant, present, ready at hand.
বিদ্যা, পাণ্ডিত্য, শাস্ত্রজ্ঞান, wisdom, learning, knowledge, science, philosophy, a magical pill or bolus.
বিদ্যাগার, বিদ্যালয়, বিদ্যাশালা,—চৌবাড়ী, টোল, a college, a school.
বিদ্যাদাতা, শিক্ষাগুরু, অধ্যাপক, a teacher, tutor, instructor.
বিদ্যাদান, শিক্ষা, উপদেশ, অধ্যাপনা, teaching, instruction, tuition, communication of knowledge.
বিদ্যাধর, দেবযোনি বিশেষ, an order of demigods.
বিদ্যাবান্, পণ্ডিত, শাস্ত্রজ্ঞ, learned, wise, literate, proficient.
বিদ্যুৎ, তড়িত, সৌদামিনী, lightning, a flash of lightning.
বিদ্যুল্লতা, মেঘজ্যোতিঃ, flashes of forked or streaked lightning.
বিদ্যোত, প্রভা, দীপ্তি, splendour, glare, light.

বিদ্রব, গলতি, চুয়ন, পলায়ন, বাঁচাও, বুদ্ধি, অপবাদ, নিন্দা, liquefaction, a flowing, oozing, melting, flight, retreat, escape, intellect, censure, reproach.

বিদ্রাবক, গলতিজনক, পরাভূত শত্রুকে দৌড়িয়া তাড়নকারী, পরিহাসক, causing to melt or run away, putting to flight, acting the mimic, jesting, jeering.

বিদ্রুত, তরল, গলিত, পলায়িত, liquid, fluid, melted, flown, fled.

বিদ্রুম, প্রবাল, coral, a young shoot, a fabulous tree.

বিদ্রূপ, ব্যঙ্গ, কৌতুক, পরিহাস, raillery, a jest, joke, jeer, jeering, mimickry, ridicule, mockery.

বিদ্রূপী, পরিহাসক, ভণ্ড, jeering &c. a jester, droll, mimic.

বিদ্রোহ, হিংসেচ্ছা, দ্বেষ, malevolence, malice, spite, persecution.

বিধ-া, প্রকার, রীতি, ব্যবস্থা, a kind, sort, manner, form, rule.

বিধবা, রণ্ডা, স্বামিহীনা, a widow; without a husband.

বিধর্ম্ম, স্বধর্ম্মত্যাগ, বিধিবিরুদ্ধ ক্রিয়া, apostacy, heterodoxy, deviation from the rules of sect or cast. [ing, &c.

বিধর্ম্মী, অন্যমতগ্রাহী, স্বধর্ম্মোল্লঙ্ঘক, apostate, heterodox, deviat-

বিধাতা, সর্ব্ববিধায়ক ঈশ্বর, বিশ্বস্রষ্টা, ব্রহ্মা, God as universal legislator, providence, Brahmá.

বিধান, ব্যবস্থা, অনুমতি, আদেশ, আজ্ঞা, নিরূপণ, অনুষ্ঠানের উপদেশ, কর্ত্তব্য কর্ম্ম, বিধি, কল্প, রীতি, a law, rule, order, decree, statute, injunction, precept, an ordering, commanding, enjoining, settling by law, regulation, an action, ritual observance, ordinance, form, manner. [tion, injunction.

বিধানতা, স্মৃতিসাধ্যতা, কর্ত্তব্যতা, legality, lawfulness, institu-

বিধায়ক, বিধিবাক্য, সমর্পক, সংস্থাপক, স্থিতিকারক, আদেশক, an ordinance, one who consigns, delivers over, intrusts, deposits, fixes, secures or makes sure; enjoining, commanding.

বিধারা, কুরীতি, কুব্যবহার, an evil custom or habit, ill-conduct.

বিধি, কল্প, আদিষ্ট ব্যবহার, রীতি, কর্ম্মানুষ্ঠানের উপদেশ, ব্যবস্থা, আজ্ঞা, প্রমাণ সূত্র, অদৃষ্ট, ভাগ্য, ক্রিয়া, প্রকার, ধারা, ধর্ম্মশাস্ত্র, স্মৃতি, ব্রহ্মা, a sacred precept, prescribed observance, rite, rule, formula, form, statute, injunction, order, decree, command, a sacred

text or citation, fate, destiny, luck, an act, action, form, manner, a sacred writing, the law, Brahmá.

বিধু, চন্দ্র, কর্পূর, the moon, camphor.

বিধুত, বিধূত,—নড়ান, কম্পমান, ত্যক্ত, agitated, shaken, shaken out, trembling, tremulous, abandoned, left, relinquished. [destitute.

বিধুর, বিহ্বল, দুঃখী, আশ্রয়হীন, agitated, distressed, afflicted,

বিধুন্তুদ, রাহু গ্রহ, Ráhu or the ascending node.

বিধূনন, বিধুতি,—কম্পন, নড়া, পরিত্যাগ, a trembling, shaking, agitation, relinquishing, abandonment, &c.

বিধৃত, স্থিরীকৃত, অবলম্বিত, আক্রান্ত, পাকড়া, আট্‌কান, upheld, sustained, held, seized, withheld.

বিধেয়, কর্ত্তব্য, ধার্য্য, ব্যবস্থেয়, ব্যবহার্য্য, আচরণীয়, বিহিত কর্ম্ম, to be done, upheld or prescribed, what is to be done or practised; a prescribed observance.

বিধ্বংস, বিনাশ, দ্বেষ, ঘৃণা, অনাদর, destruction, enmity, aversion, disrespect. [hostile, averse.

বিধ্বংসী, নাশক, নশ্বর, বিমুখ, বিপক্ষ, destroying, perishing,

বিনত, অবনত, নম্র, বশীভূত, বক্র, bowed, bent, stooping, prostrate, humble, submissive, crooked, curved.

বিনতি, বিনয়,—নম্রতাচার, অনুনয়, কোমলত্ব, শিষ্টতা, সদাচার, প্রণাম, নিবেদন, কাকূতি, অধ্যেষণা, humility, modesty, submission, compliance, mildness, affability, decorum, decency, propriety of behaviour, an obeisance, reverence, apology, humiliation, entreaty, supplication, humble solicitation.

বিনম্র, বিনয়ী,—অনুনয়ী, দর্পহীন, আজ্ঞাবহ, সুশীল, বশীভূত, আলাপী, humble, modest, submissive, yielding, tractable, compliant, suppliant, affable.

বিনশ্বর, ধ্বংস্য, অনিত্য, perishable, destructible.

বিনষ্ট, ধ্বস্ত, বিকৃত, বিগড়া, ভ্রষ্ট, দুরন্ত, দুষ্ট, ধূর্ত্ত, খল, destroyed, ruined, spoiled, corrupted, perverted, fallen, perverse, vicious, artful, dishonest.

বিনা, অভাবে, ঋতে, ব্যতিরেকে, without, beside, save, except.

বিনান, কেশ পাকান, ভাঙ্গান, to plat, plait or dress the hair.

বিনাম, মিথ্যা নাম, a false or assumed name.
বিনামী, মিথ্যানামধারী, bearing a false or feigned name.
বিনায়ক, গণেশ, নম্র, বশীভূত, Ganesha; humble, yielding.
বিনায়াস, অনুদ্যোগ, অকষ্ট, ease, facility.
বিনাশ, সংহার, ধ্বংস, অপচয়, উৎখাত, উৎপাত, ক্ষতি, মৃত্যু, হত্যা, গানান্ত, utter destruction, annihilation, ruin, perdition, loss, death, murder, slaughter, the close of a strain, (in music.)
বিনাশন, সংহরণ, ঘাতন, বিগাড়ন, to destroy utterly, bring to ruin, annihilate, kill, murder, spoil.
বিনাশশীল, বিনাশ্য, বিনাশনীয়, বিনশ্বর, } ধ্বংস্য, নশ্বর, ক্ষয়ণীয়, অস্থায়ী, বিকার্য্য, destructible, perishable, tending to ruin, capable of being spoiled.
বিনাশী, ধ্বংস্য, ধ্বংসী, ঘাতক, destructible, &c. destructive; a destroyer.
বিনাশোন্মুখ, ধ্বংসশীল, পচ্যমান, verging to ruin, spoiling, going to decay.
বিনাসাধে, অনিচ্ছাপূর্ব্বক, অপর্য্যাপ্তে, involuntarily.
বিনিগমক, প্রামাণিক, প্রতিপাদক, প্রবোধক, সন্দেহনিবারক, conclusive, deciding the judgment; a decisive argument.
বিনিগমনা, সিদ্ধান্ত, মীমাংসা, নিশ্চায়ক প্রমাণ, a logical conclusion, decision, decisive argument, proof.
বিনিপাত, পড়ন, ভ্রংশ, আপদ, পীড়া, দুর্দশা, অপমান, a fall, fall from office or dignity, fall from innocence or virtue, calamity, evil, pain, distress, disrespect.
বিনিময়, পরিদান, পরিবর্ত্ত, প্রতিফল, barter, exchange room, substitution, stead, requital, return, retaliation.
বিনিয়োগ, পদস্থাপন, কোন কর্ম্মোদ্দেশে স্থির করিয়া রাখন, প্রতিদানাপেক্ষায় দানকরা, an appointment to office, application or appropriation to a particular purpose, a giving in expectation of remuneration or return.
বিনির্ণয়, নিশ্চয়, নিষ্পত্তি, certainty, assurance, an ascertaining, settling.
বিনীত, নম্র, মৃদু, অনুনয়ী, বশীভূত, আজ্ঞাবহ, ধীর, জিতেন্দ্রিয়, শিষ্ট, সুশীল, সুব্যবহার, কৃতবেশভূষণ, সুন্দর, ধৃত, ধরিয়া আনায়িত, শাসিত, দমিত, humble, modest, unassuming, placid, meek, gentle, compliant, yielding,

tractable, of subdued passions, well-behaved, decorous, decent, well-dressed, adorned, handsome, taken, led, conveyed, punished, chastized, humbled, well-trained.

বিনেতা, শাসনকর্ত্তা, রাজা, অধিপতি, শিক্ষাগুরু, পথদর্শক, a ruler, king, leader, instructor, guide.

বিনেয়, সুশাস্য, শিষ্ট, নম্র, শান্ত, উপাস্য, দম্য, governable, tractable, submissive, humble, flexible, exorable, adorable, to be humbled, &c. [mence.

বিনোদ, হর্ষ, ক্রীড়া, ব্যগ্রতা, joy, sport, play, eagerness, vehe-

বিন্দু, পৃষত, ফোটা, কণিকা, টুকি, চিহ্ন, শম্মি, ঁ কার, অনুস্বার, জমধ্য দেশ, a drop, atom, scrap, a spot, dot, mark, point, comma, the characters ং and ঁ, the part of the forehead between the eyebrows.

বিন্ধন, ফোঁড়ন, ভেদন, কামড়ান, to pierce, perforate, bore, penetrate, to pain, gripe. [cholic.

বিন্ধনী, ভেদক, পেটশূল, perforating, &c. griping pains, the

বিন্যস্ত, ক্রমপূর্ব্বক রাখান, সাজান, বেশভূষিত, বসান, স্থাপিত, গচ্ছিত, arranged in order, dressed, adorned, placed, fixed, deposited, pledged, delivered.

বিন্যাস, ক্রমপূর্ব্বক স্থাপনকরা, সাজানি, বেশভূষা পিন্ধনকরা, কেশবেশ, সমাহার, আধি, স্থান, আধার, orderly or artificial arrangement, adjustment of the dress so as to adorn the person, a dressing of the hair, an assemblage, collection, deposit, pledge, a scite, place, receptacle. [oblique.

বিপক্ব, পরিণত, মোচড়ান, টেড়া, ripened, matured, twisted,

বিপক্ষ, শত্রু, বৈরী, প্রতিবাদী, বিপরীত, বিরুদ্ধ, an enemy, adversary, opponent, disputant; hostile, adverse.

বিপণ, বিক্রয়, বিক্রয়নিয়ম, a sale, a contract of sale.

বিপণি, আপণ, পণ্যবীথিকা, হাট, a shop, stall, market, fair.

বিপত্তরণ, আপদোদ্ধার, the surmounting of a difficulty, &c.

বিপত্তারী, দায়োদ্ধৃত, surmounting difficulties, escaping from calamities. [adversity.

বিপত্তি, বিপদ্,—আপদ, দুর্দশা, a misfortune, accident, calamity,

বিপথ, চোরাপথ, কুপথ, a bye-road, wrong road, evil way.

বিপথগামী, দুষ্টাচারী, going in an evil way, vicious, perverse.

বিপন্ন, দুর্ভাগ্যপ্রাপ্ত, দুর্দশাপন্ন, ক্লিষ্ট, আপদগ্রস্ত, হারাণ, নষ্ট, বিগড়া, unfortunate, distressed, afflicted, suffering adversity, lost, destroyed, spoiled.

বিপরীত, উল্টা, বিরুদ্ধ, বিপক্ষ, শত্রুতা, contrary, reverse, opposite, adverse, hostile, repugnant to; opposition, &c.

বিপরীতে, বিপক্ষে, বিরুদ্ধে, against, in opposition, contrary to.

বিপর্য্যয়, বিপর্য্যাস,—ব্যত্যয়, অন্যথা, ব্যতিক্রম, শত্রুতা, অনিচ্ছা, প্রকাণ্ড, দারুণ, contrariety, opposition, reverse, inverted order, &c. hostility, repugnance; vast, huge.

বিপর্য্যাস-ন, মিথ্যা প্রসঙ্গ, মিথ্যানুমান, ভ্রম, আরোপ, অপ্রামাণ্য বাক্য, a false assumption, as of false for true, imaginary for real, &c. a false conception, an attributing falsely, an erroneous assertion.

বিপাক, পরিণাম, দৈবাৎ ঘটনা, কর্ম্মফল, ক্লেশ, দুঃখ, আপদ, অপচয়, বিকার, অপচার, a ripening, ripeness, maturity, an unexpected result, an occurrence, the natural or moral consequences of actions, moral retribution, distress, poverty, calamity, ruin, a change of form or state, &c. indigestion.

বিপাদিকা, পাদস্ফোট, a sore, kibe or blister on the foot.

বিপিন, বন, কানন, গহন, a forest, wood, thicket.

বিপুল, প্রকাণ্ড, বড়, স্থূল, প্রচুর, অতিশয়, গভীর, huge, vast, stupendous, great, large, much, deep.

বিপ্র, ব্রাহ্মণ, দ্বিজ, a bráhman.

বিপ্রকৃতি, তিরস্কার, নিন্দা, অপমান, কুৎসা, অপবাদ, প্রত্যপবাদ, প্রতিযত্ন, abuse, contumely, insult, reviling, reproach, censure, a retort, retaliation.

বিপ্রকৃষ্ট, বিগড়া, মন্দ, দূর, deteriorated, inferior, bad, distant.

বিপ্রগামী, বিচলিত, প্রত্যাকৃষ্ট, moving in a contrary direction.

বিপ্রতিকারী, বিরুদ্ধ, প্রতিকূল, অসাধারণ গুণযুক্ত ঔষধ, opposed to, acting against; an antagonist, a specific.

বিপ্রতিপত্তি, বিবাদ, আপত্তি, প্রাতিকূল্য, অপমান, a dispute, objection, remonstrance, obstacle, opposition of interests, disgrace, &c.

বিপ্রলপন, বিপ্রলাপ,—বিতণ্ডা, বিরোধ, disputation, wrangling, [a dispute.

বিপ্রিয়, অপ্রিয়, অপ্রীক, ঘৃণিত, পাপ, অঘ, unbeloved, disliked, disesteemed; sin, transgression, crime.

বিফল, বিফলিত,—নিষ্ফল, ব্যর্থ, নিরর্থক, অলীক, unproductive, fruitless, abortive, vain, useless, ineffectual, idle.

বিফলে, নিরর্থে, ineffectually, uselessly, to no purpose.

বিফুল্ল, বিকসিত, প্রস্ফুটিত, expanded, open, blown.

বিবক্ষা, কহিবার ইচ্ছা, বাঞ্ছা, a wish to speak, a desire.

বিবক্ষিত, কথনেচ্ছার বিষয়, বাঞ্ছিত, required or wished to be spoken, wished, desired.

বিবক্ষু, কহনেচ্ছুক, desirous of speaking, wishing to say.

বিবর, বিল, গর্ত্ত, ছিদ্র, কুহর, a burrow, hole, chasm, cave, recess.

বিবরণ, বিস্তারিয়া কহন, বৃত্তান্ত, বর্ণনা, ব্যাখ্যা, টীকা, to tell in detail, specify, narrate, describe; circumstances, particulars, a detail, description, relation, explanation, exposition, gloss, comment.

বিবর্জ্জন, ছাড়ন, ত্যাগ করণ, ছাড়িয়া রাখণ, to relinquish, leave, desert, abandon, quit, reject, except.

বিবর্ণ, বিকৃতবর্ণ, মলিন, লজ্জিত, রঙ্গাণ, নীচলোক, চণ্ডাল, changed in colour, discoloured, bedaubed, reddening, blushing; one of low cast, an outcast.

বিবর্ত্ত, নৃত্য, ঘূর্ণন, ভ্রম, রাশি, সঞ্চয়, সমূহ, a dancing, a going, turning or whirling round, an error, mistake, a heap, collection, assemblage, multitude.

বিবশ, পঙ্গু, জড়, দুর্ব্বল, অবাধ্য, crippled, incapable of exertion, weak, helpless, not under controul.

বিবসন, বিবস্ত্র,—উলঙ্গ, naked, unclothed, without clothes.

বিবসন, বিবাস,—স্বদেশ হইতে দূরকরা, ঔদাস্য, উলঙ্গ, exile, banishment, desertion; naked, unclothed.

বিবাদ, বিরোধ, কলহ, ন্যায়করা, খণ্ডনা, a dispute, quarrel, broil, wrangling, a lawsuit, controversy, an objection.

বিবাদক, বিরোধক, কলহী, disputing, litigating, controverting.

বিবাদী, বিরোধী, কুন্দলীয়া, আদ্দাশী, বিপক্ষ, disputing, litigious, factious, quarrelsome, disputatious, controversial; a plaintiff, complainant, opponent.

বিবাদযুক্ত, বিরোধ বিষয়ক, কুন্দলিয়া, connected with or relating to disputes, &c. captious, litigious, &c.

বিবাহ, দার পরিগ্রহ, পরিণয়, marriage, a wedding, nuptials.
বিবাহিত, ঊঢ়, কৃতবিবাহ, married, wedded.
বিবাহ্য, বিবাহযোগ্য, পরিণয়ার্হ, marriageable, fit to be married.
বিবিক্ত, নির্জ্জন, উদাসী, পবিত্র, পুণ্য; পৃথক্, ভিন্ন, বিবেচিত, বিচারিত, বিবেচক, solitary, lonely, desart, deserted, pure, holy, separate, detached, distinguished, discriminated, judged, discriminating, judicious.
বিবিধ, নানাপ্রকার, বহুরূপ, various, diverse, many, multiform.
বিবুধ, দেবতা, পণ্ডিত, a god, a deity, a learned man, a philosopher,
বিবৃত, বিস্তারিত, প্রকাশিত, প্রত্যক্ষ, প্রসারিত, detailed, narrated, particularized, amplified, displayed, made manifest, evident, expanded, extended.
বিবৃতি, ব্যাখ্যা, টীকা, প্রকাশ, an explanation, gloss, exposition, manifestation, display.
বিবৃত্ত, ঘূর্ণমান, revolving, whirling, rolling, turning round.
বিবেক, বিশেষজ্ঞান, বিবেচনা, বুদ্ধি, সদসৎ বিচার, সমাধি, ঔদাস্য, discrimination, judgment, the faculty of discriminating, power of discerning good from evil, conscience, abstraction from worldly affairs, religious indifference, ascetism.
বিবেকী, সূক্ষ্মবুদ্ধি, সদসৎ বিচারক, বিচারকর্ত্তা, পণ্ডিত, বৈরাগী, discriminating, discriminative, judicious; a judge, a sage, an ascetic or abstract devotee.
বিবেচক, বিশেষজ্ঞ, সদসৎ বিচারশীল, তর্কক, বুদ্ধিমান, শিষ্ট, তত্ত্বাবধারক, discriminating, distinguishing, judging, examining into, reasoning, reflecting, thoughtful, rational, civil, polite; a superintendant.
বিবেচন, বিতর্কণ, বিচারণ, to deliberate, reflect, design, judge, &c.
বিবেচনা, সদসৎ বিচার, অনুধাবন, চর্চ্চা, ভাবনা, তর্ক, সদসৎ অনুসন্ধান, অনুমান, স্থিরবোধ, অভিপ্রায়, তত্ত্বাবধারণ, discrimination, reflection, thought, deliberation, consideration, examination, investigation, enquiry, trial, judgement, inference, supposition, persuasion, deliberate opinion, design, purpose, a superintendance, overlooking.

বিবেচিত, তর্কিত, ভাবিত, examined, investigated, pondered, &c.
বিব্বোক, হাব, বিলাস, a female's amorous affectation of indifference to dress, &c. amorous dalliance.
বিবৃত, ক্লেশাপন্ন, কাতর, involved in calamity, distressed.
বিভক্ত, বিভিন্ন, পৃথক্কৃত, বণ্টিত, অংশিত, divided, separated, portioned, shared, parcelled out, allotted.
বিভক্তজ, বিভাগের পর জাত পুত্র, a son born after the division of his deceased father's property.
বিভক্তি, প্রত্যয়, অংশ, বণ্ট, a grammatical termination or inflexion, a division, portion. [to share out.
বিভজন, বিভাগন,—অংশন, বণ্টন, to divide into shares or lots,
বিভব, দ্রব্য, বস্তু, পদার্থ, ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য, প্রতাপ, পরমা শক্তি, অণিমাদি অষ্ট, মুক্তি, a thing, substance, matter, wealth, property, grandeur, loftiness of mind, magnanimity, elevation of sentiment, supreme or superhuman power, final emancipation.
বিভবনীয়, সম্পত্তি, what may be appropriated; property.
বিভবশালী, ধনবান, মহাত্মা, rich, affluent, grand, magnanimous.
বিভা, বিবাহ, দীপ্তি, সৌন্দর্য্য, light, lustre, beauty, marriage.
বিভাকর, দিবাকর. সূর্য্য, অগ্নি, the sun, fire.
বিভাগ, বণ্ট, অংশ, বিলান, ছিট, a share, portion, part, lot, a division, allowance, a fraction.
বিভাগী, বণ্টক, বিলনিয়া, অংশী, dividing, sharing out, allotting, one who receives a share, a sharer.
বিভাজক, অংশকারী, one who divides property into shares.
বিভাত, প্রাতঃকাল, বিবাহিত, dawn, day-break ; married.
বিভাবক, বিভাবী,—ধনবান, বড় লোক, rich, wealthy, powerful.
বিভাবনা, বিবেচনা, অনুভব, প্রবোধ, পরিজ্ঞান, তর্ক, বিতণ্ডা, discrimination, perception, a seeing, discovering, conviction, examination, discussion.
বিভাবনীয়, বিবেচনীয়, পরিজ্ঞেয়, discriminable, distinguishable, discoverable, liable to conviction. [bawd.
বিভাবরী, রাত্রি, হরিদ্রা, বেশ্যা, কুট্টনী, night, turmeric, a harlot.
বিভাবিত, বিবেচিত, অনুভূত, প্রমাণসিদ্ধ, পরিজ্ঞাপিত, নিষ্পন্ন, discriminated, marked, perceived, seen, discovered, proved on evidence, convicted, judged.

বিভাষা, বিকল্প, দ্বৈধবাদ, a twofold proposal, alternative, option.

বিভাষিত, বিকল্প, উক্ত, doubtful, optional, declared, spoken.

বিভিন্ন, ভেদিত, পৃথক্, অন্য, বিপরীত, নিক্ষিপ্ত, divided, separated, distinct, different, discordant, contrary, contradictory, scattered, dispersed, intermixed.

বিভীষণ, দারুণ, ভয়ানক, formidable, fearful, terrific, alarming.

বিভু, সর্ব্বব্যাপী, নিত্য, দৃঢ়, শক্ত, কর্ত্তা, ঈশ্বর, ব্রহ্মা, omnipresent, all-pervading, eternal, firm, solid, hard; a lord, sovereign, owner, master, God, Brahmá, &c.

বিভূতি, অণিমাদি, সম্পত্তি, ঐশ্বর্য্য, গোময় ভস্ম, divine or superhuman power, affluence, property, glory, grandeur, the ashes of cowdung. [pompous.

বিভূতিমান্, ঐশ্বর্য্যবন্ত, ধনবান, affluent, glorious, splendid,

বিভূষণ, অলঙ্কার, গহনা, শোভান, ornament, decoration, trinkets, jewels; to ornament, decorate, dress, adorn.

বিভৃত, ধৃত, ধারিত, স্থিরীকৃত, অবলম্বিত, রক্ষিত, held, retained, upheld, sustained, supported, maintained.

বিভেদ, বিচ্ছেদ, পার্থক্য, বিশেষ, বৈপরীত্য, নিক্ষেপ, a separation, division, distinction, difference, contradiction, a scattering, dispersion.

বিভ্রম, ভ্রম, চুক, সন্দেহ, শঙ্কা, মনের চাঞ্চল্য, ছেল্যামী, হাব, ললিত, কামাগ্নি, সৌন্দর্য্য, ঘূর্ণি, an error, mistake, a doubt, apprehension, whim, caprice, capriciousness, wantonness, female dalliance, the power of love, beauty, a whirling round.

বিভোল, হতজ্ঞান, মূর্খ, মূর্চ্ছিত, মত্ত, বিহ্বল, foolish, senseless, faint, faintish, insensible, drunk, transported.

বিভ্রাট্, অপ্রতুল, আপদ, an emergency, misfortune, calamity.

বিভ্রান্ত, স্খলিত, ত্রস্ত, mistaken, erring, flurried, alarmed.

বিভ্রান্তি, ভুল, ঘবরাণী, error, confusion, precipitation, flurry.

বিমত, পরাঙ্মুখ, বিপরীত, অন্যধর্ম্মাক্রান্ত, অন্যমনস্ক, averse, opposed to, hostile, contrary, of a different opinion.

বিমতি, অনিচ্ছা, অরুচি, অসম্মতি, ইতরবোধ, disinclination, dislike, disapprobation, a different opinion.

বিমনস্ক, বিমনাঃ,—অমনোযোগী, অন্যমনস্ক, বিরক্ত, ঘবরাণ, চিন্তান্বিত, বিষণ্ন, ক্ষিপ্ত, inattentive, absent in thought,

thinking of something else, otherwise-minded, averse, dissatisfied, bewildered, perplexed, sad, broken-hearted, disordered in mind.

বিমর্দ্দন, বাটন, পীষণ, চন্দনাদি ঘর্ষণ, চাপন, দলন, দমন, ঘাতন, to triturate, rub, grind, pound, compress, trample down, subdue, destroy, kill; friction &c.

বিমর্ষ, অনুতাপ, খেদ, বিতুষ্টি, বিষণ্ণ, কাতর, উদ্বিগ্ন, regret, repentance, after-sorrow, dissatisfaction, dislike, displeasure; sad, dejected, sorrowful, anxious.

বিমর্ষী, খিদ্যমান, বিরক্ত, penitent, sorry, dissatisfied, &c.

বিমল, মলশূন্য, স্বচ্ছ, শ্বেত, সুন্দর, মনোহর, clear, transparent, limpid, clean, pure, white, beautiful.

বিমা, ঝুঁকি, দায়ঠেকা, অপচয়ভাগিত্ব, insurance of ships, &c.

বিমাতা, সপত্নীমাতা, a step-mother, (the real mother being either living or dead.)

বিমান, দেবযান, রথ, গাড়ী, the chariot of a god, a car, vehicle, carriage.

বিমার্গ, কুপথ, চোরাপথ, ভ্রষ্টাচার, বাড়ুন, a wrong, bad or bye-road, an evil course, a brush, a broom.

বিমুক্ত, ছাড়ান, মোক্ষপ্রাপ্ত, liberated, redeemed, pardoned, &c.

বিমুক্তি, বিমোক্ষ,—ছাড়ানি, উদ্ধার, ত্রাণ, অপবর্গ, liberation, release, liberty, redemption, final emancipation.

বিমুগ্ধ, মায়াবদ্ধ, ভুল্লান, জড়ীভূত, অবাক্, fascinated, bewitched, deluded, seduced, stupified, confounded.

বিমুখ, অপ্রসন্ন, প্রতিকূল, turning away from, averted, averse.

বিমোক্তা, ত্রাণকর্ত্তা, রক্ষক, a redeemer, liberator, &c.

বিমোচন, ছাড়ান, উদ্ধরণ, ক্ষমাকরণ, to release, liberate, free, redeem, disentangle, clear, disencumber, pardon.

বিমোহ, মায়া, কুহক, ভুলানি, জড়তা, fascination, a bewitching, deluding, seducing, tempting, stupefaction.

বিম্কী, বলেতে জলাদির ঊর্দ্ধনিঃসরণ, a spouting up, gushing out.

বিম্ব, চন্দ্র সূর্য্যের মণ্ডল, ছায়া, প্রতিমূর্ত্তি, ছবি, বুদ্বুদ, the disk of the sun or moon, a shadow, reflection, image, picture, a bubble.

বিম্ব, বিম্বিকা,—লতা বিশেষ, তেলাকুচা, a species of gourd.

বিম্বাকার, টোপবৎ, গোলাকৃতি, রাঙ্গা, convex, round, ruddy, red.

বিম্বিত, কৃতপ্রতিচ্ছায়া, উপমিত, reflected, shadowed out.

বিম্বোষ্ঠ, রক্তবর্ণোষ্ঠ, having red or ruddy lips, rosy-lipped.
বিয়ৎ, আকাশ, অন্তরীক্ষ, the sky, atmosphere, the heavens.
বিয়ন-আন, প্রসবন, to bring forth young, to calve, litter.
বিযুক্ত, বিচ্ছিন্ন,বিরহী, separated, disjoined, disunited, absent.
বিয়ে, বিবাহ, পরিণয়, marriage.
বিযোগ, বিচ্ছেদ, বিরহ, নির্বাণ, আদেশলিপি, পৃথক্‌লেখা, disunion, separation, disjunction, absence (of lovers), departure, death, a label, a prescription, a separate entry or account. [(as lovers.)
বিয়োগী, বিযোগিনী,—বিরহী, বিরহিণী, *m.* & *f.* absent, separated,
বিযোড়, অযুগ্ম, অতুল্য, odd, uneven, ill-matched, unsuitable.
বিরক্ত, অতুষ্ট, ক্রুদ্ধ, ব্যস্ত, বিপক্ষ, অননুশীল, displeased, dissatisfied, disgusted, vexed, ruffled, teased, annoyed, averse, indifferent to. [disgust.
বিরক্তি, অতুষ্টি, ঘৃণা, displeasure, dissatisfaction, dislike,
বিরচন, গ্রন্থন, গড়ন, নির্ম্মাণ, to compose, write, compile, construct, build, make, fabricate, prepare.
বিরজা, নিবৃত্তরজস্কা, সন্যাসাশ্রম কালে কর্ত্তব্য হোম, তীর্থ বিশেষ, a woman who has ceased to menstruate, a sacrifice made on renouncing the world, a certain place of pilgrimage.
বিরত, নিবৃত্ত, ক্ষান্ত, ত্যাগী, ceased, relinquished, stopped, having ceased or desisted, desisting from, abandoning. [pause.
বিরতি, নিবৃত্তি, উপরাম, a cessation, desisting, stopping;
বিরল নির্জন, দূর, প্রশস্ত, অসাধারণ, কিছু কালান্তরে উপস্থিত, ঢীলা, তনু, সরু, private, retired, remote, alone, apart, wide, rare, of infrequent recurrence, occurring at distant or repeated intervals, relaxed, loose, thin, delicate, fine.
বিরলে, গোপনে,নির্জনে, secretly, underhand, privately, apart.
বিরস, পানস্যা, অস্বাদু, ন্যক্কার্য্য, ঘৃণার্হ, কুস্বাদু, insipid, ill-tasted, nauseous, rank; an ill taste or flavour.
বিরহ, বিচ্ছেদ, বিয়োগ, অন্তর, নিবৃত্তি, ক্ষমা, ত্যাগকরা, ঔদাস্য, প্রেমপাত্রহীনতা, অভাব, নায়কের বিলাপ, separation, parting, absence of lovers, distance, cessation,

forbearance, relinquishment, loneliness, bereavement, destitution, a lover's lament.

বিরহী, বিরহিত,— ত্যক্ত, অনাথ, উদাসী, বিয়োগী, deserted, forsaken, destitute, bereft, lonely, absent, separate, (as lovers.) [is absent; deserted, &c.

বিরহিণী, বিয়োগিনী, ত্যক্তা, a female whose lover or husband

বিরাগ, বিষয়ত্যাগ, বিবেক, ইন্দ্রিয়দমন, ঔদাস্য, অরুচি, ঘৃণা, নিন্দা, কুৎসা, indifference to the world and the pleasures of sense, absence of desire or passion, disregard, dislike, disapprobation, disrelish, disgust, slander, calumny, reproach, imputation.

বিরাগী, ঘৃণাযুক্ত, বিরক্ত, কুৎসাবাদী, বিষয়ত্যাগী, জিতেন্দ্রিয়, filled with disgust, nauseating, disrelishing, calumniating, &c. dead to pleasure, &c.

বিরাজ শোভা, সৌন্দর্য্য, সুখেতে অবস্থান, আবির্ভাব, প্রকাশ, প্রজাপতি, ক্ষত্রিয়, splendour, beauty, a life of ease, dignity, &c. freedom from care, an appearing, manifestation, a shining as an object of admiration, Brahmá or his first progeny, a Cshyatriya.

বিরাজন, প্রকাশন, শোভন, সুখে থাকন, রাজ্য ভোগকরণ, to shine, be splendid, to live in ease, dignity, &c, to reign.

বিরাজিত, প্রকাশিত, আবির্ভূত, শোভান্বিত, manifested, displayed, exhibited to view, splendid.

বিরাজমান, প্রকাশমান, দীপ্তিমান, বিলক্ষণরূপবিশিষ্ট, shining, &c. exciting admiration, appearing in a beautiful form.

বিরাট, ভারতের মধ্যবর্ত্তি দেশ, রাজা, অতিবৃহৎ, প্রকাণ্ড, a part of central India, a king; huge, large.

বিরাম, নিবৃত্তি, ক্ষান্তি, বিশ্রাম, ছুটী, বিলম্ব, অবকাশ, থাক, ছেদ, a cessation, a desisting from, cessation from labour, rest, repose, a vacation, recess, adjournment, leisure, spare time, a pause, a space.

বিরিক্ত, উদ্গীর্ণ, vomited, thrown off the stomach.

বিরিঞ্চি, ব্রহ্মা, বিষ্ণু, শিব, Brahma', Vishnŭ, Shiva.

বিরুদ্ধ, বিপরীত, প্রতিকূল, উল্টা, অসঙ্গত, ছলী, কুটিল, দুষ্ট, অমঙ্গল, মন্দ, আপদ, কলহ, বিবাদ, opposed to, hostile, reverse, contrary, absurd, artful, disingenuous, insincere,

evil, vile, nasty, unlucky, bad, unfortunate; a misfortune, opposition, quarrel, dispute.

বিরূপ, বক্রতা, কুডৌল, প্রাতিকূল্য, শত্রুতা, রিপু, বিপক্ষ, বিকলাঙ্গ, বিকৃত, deformity, opposition, dislike, an enemy, opponent; hostile, adverse, deformed, hideous, ill-shaped, ugly, monstrous, mis-shapen.

বিরেক, অতিসার, পেটচলা, a diarrhœa, a purging, a looseness.

বিরেচক, ভেদক ঔষধি, সারক, cathartic, purgative.

বিরেচন, মলত্যাগ করণ, উদরভেদ, to evacuate by stool; a purging.

বিরোদ্ধা, বিপক্ষ, প্রতিবন্ধক, কুন্দলীয়া, an opposer; hinderer, disputer; quarrelsome, litigious, disputatious.

বিরোধ, ঝকড়া, কলহ, বিবাদ, বৈর, শত্রুতা, পরস্পর অনৈক্য, প্রাতিকূল্য, নিষেধ, ব্যাঘাত, প্রতিবন্ধ, আটক, a quarrel, a dispute, discord, litigation, enmity, animosity, opposition, contradiction, a hindrance, obstruction, resistance, check, restraint.

বিরোধক, বিরোধী,—প্রতিবন্ধক, কুন্দলিয়া, বিপক্ষ, opposing, &c. quarrelsome, disputatious, litigious; an opponent.

বিল, গর্ত্ত, ছিদ্র, গুহা, কুহর, জলাশয়, a hole, chasm, rent, fissure, lair, cave, cavern, ravine, a valley, a lake.

বিলক্ষণ, ভিন্ন, বিশেষ, উত্তম, অনুপম, উৎকৃষ্ট, সুন্দর, কারণশূন্য স্থিতি, নিশ্চয়, differing, different, other, excellent, unequalled, marked, select, elegant, handsome; a distinction, a state or condition without an assignable cause; full well. [at shráddas.

বিলক্ষণা, শ্রাদ্ধকালীন দেয় দ্রব্য, gifts to a Brahmin and Brahmini

বিলগ, বিলগ্ন,—অসংলগ্ন, সংযুক্ত. loose, not joined, unconnected, not made to suit or fit, joined, connected.

বিলঙ্ঘন, উৎক্রমণ, ডিঙ্গান, অন্যথাচরণ, to overstep, to transgress.

বিলজ্জ, ধৃষ্ণু, অনপত্রপ, shameless, impudent, immodest.

বিলন,-আন, বণ্টন, পরিবেষণ, পৃথক২ করিয়া রাখণ, দান করণ, লুটান, to allot, deal out, to separate, arrange, dispose, to distribute, bestow, to rob, spoil.

বিলপিত, ক্রন্দিত, রুদিত, আক্রুষ্ট, lamented, bewailed, mourned.

বিলমাছ, বিলছামাছ,—উজনীয়, fish which leave the rivers after heavy rains, and are found in ponds, &c.